কর্মক্ষেত্র-র পরিপূরক পত্রিকা

চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী

ডব্লু বি সি এস

প্রিলিমিনারি ও মেন পরীক্ষার প্রস্তুতি ও নমুনা প্রশ্নোত্তর

কেন্দ্রীয় সরকারে

স্টেনোগ্রাফার

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

নিয়োগ-পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

মাল্টি টাস্কিং নন-টেকনিক্যাল স্টাফ

নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল

পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

বাংলা ব্যাকরণ • ইংরেজি শিক্ষার আসর • অর্থনীতির হালচাল • নিমেষে অঙ্ক • সাধারণ মানসিক দক্ষতা
ভারতের ইতিহাস • ভারতের ভূগোল • ভারতের সংবিধান • ভারতের জাতীয় আন্দোলন

*

বহু ছেলেমেয়ে 'কর্মক্ষেত্র' পড়ে
নিজের পায়ে দাঁড়িয়েছে।
অন্তত চারটি ছেলে ও দুটি মেয়ের
কথা আমার এই মুহূর্তে মনে পড়ছে।
যারা 'কর্মক্ষেত্র'-র সহায়তায়
কাজ পেয়েছিল। ওদেরকে আমিই
'কর্মক্ষেত্র'-র গ্রাহক করে দিয়েছিলাম।
'কর্মক্ষেত্র' প্রথম থেকেই ছোটখাটো
ব্যবসার এক আশ্চর্য নির্দেশিকা দিয়ে
আসছেন, যা অনুসরণ করলে যুবাপ্রজন্ম
বাঁচবার ও বাঁচাবার পথের সন্ধান পাবে।
টুথপেস্ট বানাবেন, না হাওয়াই চপ্পলের
ফিতে? মেশিনে পোট্যাটো চিপস বানিয়ে
বেচবেন, না ভিনিগার তৈরি করবেন?
'কর্মক্ষেত্র' এত বছরে, এরকম অন্তত
এক হাজার অল্প পুঁজির ব্যবসার হদিশ
দিয়েছে। ওই সব ব্যবসায় নেমে
কয়েক হাজার মানুষই স্বাবলম্বী হয়েছেন।
মৃত্যু যখন দরজায় ঘা দিচ্ছে, তেমন
সময়ে যে ঔষধ বাঁচাতে পারে, তাকে
আমাদের মুনিঋষিরা নাম দিয়েছেন
বিশল্যকরণী। আমি তো 'কর্মক্ষেত্র'কে
বলব বিশল্যকরণী।
'কর্মক্ষেত্র' যেভাবে স্বল্প পুঁজিতে ব্যবসা
করার পরিকল্পনা জোগায়, তাতে তো
সাধারণ ঘরের ছেলেমেয়েরা যেন
নতুন জীবনের রসদ পায়।
'কর্মক্ষেত্র' বলছে, পরিশ্রম করো
সততার সঙ্গে, শ্রমকে ভয় পেও না,
স্বীয় কর্মগুণে ভাগ্যকে জয় করো।
আজ দেশের তরুণ প্রজন্মকে এই কথা
বলার মহান দায়িত্ব 'কর্মক্ষেত্র' গ্রহণ করেছেন,
আমি অন্তর থেকে যেন সাড়া পাচ্ছি।

মহাশ্বেতা দেবী

৩ জুলাই, ২০০৫

মহাশ্বেতা দেবী: *জ্ঞানপীঠ, ম্যাগসেসে, আকাদেমি প্রভৃতি জাতীয় ও আন্তর্জাতিক বহু পুরস্কারে ভূষিতা লেখিকা।*

*

সপ্তদশ বর্ষ তৃতীয় সংখ্যা মার্চ ২০২১ চৈত্র ১৪২৭

সূচিপত্র

প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী
সম্পাদক: মহাশ্বেতা সমাজদার

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক, নবমুদ্রণ প্রাঃ লিঃ, ব্লক-সিপি, প্লট নম্বর-৪, সেক্টর ফাইভ, সল্টলেক সিটি, কলকাতা-৭০০ ০৯১ থেকে মুদ্রিত ও ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯ থেকে প্রকাশিত।

দাম ২০ টাকা

PESHAPROBESH
A Monthly on Career and Competition

29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
Telephone: 2283 2320, 2290 0008
Fax: 2287 6448
E-mail: swarnakshar.prakasani@gmail.com
Website: www.swarnakshar.in

*

সম্পাদকীয়

রাজ্যে শিল্প এবং চাকরির জোয়ার বয়ে গিয়েছে এমন দাবি রাজ্যের প্রশাসনিক কর্তাব্যক্তিরাও নিশ্চয় করেন না। এর উপর করোনা অতিমারির ভয়াবহ প্রকোপ, সংক্রমণ ঠেকাতে দীর্ঘকালীন লকডাউন সাধারণ মানুষের জীবনযাত্রার প্রতিটি পর্যায়ে গভীর ক্ষত রেখে গিয়েছে। অর্থনীতির চাকা থমকে যাওয়ায় চাকরি হারিয়েছেন বহু মানুষ। যাঁদের চাকরি টিকে আছে, তাঁরাও কাটছাঁট করা বেতনে কোনওক্রমে চলার চেষ্টা করছেন। ছোটখাটো ব্যবসা যাঁরা করতেন, তাঁদের ব্যবসার ঝাঁপ পড়েছে। কেন্দ্র বা রাজ্য সরকার রেশনের মাধ্যমে অল্পমূল্যে খাদ্যসামগ্রী নিয়ে পাশে দাঁড়ালেও মানুষের জীবনে খাদ্যই তো সব নয়। দান কিংবা ডোলও কোনও সম্মানজনক চিরস্থায়ী বন্দোবস্ত নয়। স্বাধীন ভাবে বাঁচতে গেলে মানুষের খাদ্য-বস্ত্র-বাসস্থান এবং ব্যয়ের স্বাধীনতাও খুব জরুরি। তার জন্য সরকারি দয়া নয়, কাজ দরকার। কেবল সরকারি কাজ নয়, দরকার এমন এক শিল্পবান্ধব পরিবেশ যেখানে বেসরকারি ক্ষেত্রেও কর্মীর চাহিদা তৈরি হবে।

সরকারের কাছে সেই দাবি নিয়েই পৌঁছতে চেয়েছিল একদল কমবয়সি ছেলেমেয়ে। সরকারের কানে পৌঁছে দিতে চেয়েছিল তাঁদের হতাশা আর আকাঙ্ক্ষার কথা। বাস্তবে দেখা গেল সরকার কেবল স্বেচ্ছা-বধিরই নন, তার আচরণও অসংবেদনশীল। জানা গেল, চারপাশের গলিপথগুলি রুদ্ধ করে দিয়ে চাকরি চাইতে যাওয়া ছাত্র-যুবদের মিছিলকে কেন্দ্রস্থলে জড়ো হতে বাধ্য করে তাঁদের উপর লাঠি, কাঁদানে গ্যাস, জলকামান নিয়ে চড়াও হয় প্রশাসনের নিয়ন্ত্রণাধীন পুলিশ। চারদিক বন্ধ থাকায় পুলিশি অত্যাচারের সামনে অসহায় আত্মসমর্পণ করা ছাড়া অন্য উপায় ছিল না মিছিলকারীদের। শয়ে শয়ে আহত হয়েছেন। গুরুতর জখম হয়েছেন। এমনকী পুলিশের অত্যাচারে কলকাতার রাজপথে লুটিয়ে পড়া এক যুবক মইদুল ইসলাম মিদ্যা পরে হাসপাতালে মারা গিয়েছেন।

এই অবাধ রক্তপাত এবং মৃত্যুর মতো ক্ষতি কোনও কিছুতে পূরণ হওয়ার নয়। এ রাজ্যের দুর্ভাগ্য, দেশদ্রোহ বা রাষ্ট্রবিপ্লব নয়, কেবল পরিশ্রম করে রোজগার করে নিজের অধিকার নিয়ে বেঁচে থাকার ন্যূনতম পরিসরটুকু সরকারের কাছে চাইতে গিয়ে প্রাণ দিতে হয় মইদুলের মতো যুবককে। প্রশাসনিক ও সরকারি ব্যর্থতাও এ ঘটনায় প্রকট হয়েছে। এ ঘটনা চিরকালীন লজ্জার।

জীবনে আমি চাকরি পাইনি
ব'লে দুঃখ ছিল। ফলে,
'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে
গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি
পেতে যে এলেম দরকার
আমার তা নেই।
প্রশ্নোত্তরগুলো রপ্ত করার
চেষ্টা করি। পরে বুঝি, খুব
দেরি ক'রে ফেলেছি। কী
করব, আমাদের বয়সকালে
তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি।
স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ
ক'রে তবু লাখপতি হওয়ার
স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো
একবার কপাল ঠুকে দেখা
যেতে পারে। তার চেয়েও বড়
কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে
কাজ না দিলেও অনেক কিছু
শেখায় পড়ায়।
কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

*

পাঠকের চিঠি

ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জের দ্বীপদেশগুলি

ক্যারিবিয়ান সাগরে অবস্থিত রয়েছে মুখ্য ২৮টি দ্বীপ। যার ১৩টি দেশ ও বাকি ১৫টি বিভিন্ন দেশ অধীনস্থ। এই দ্বীপদেশগুলির আয়তন কম, জনসংখ্যা কম, অর্থনীতি ও পররাষ্ট্রনীতি মধ্যম পর্যায়ের, সর্বোপরি যোগাযোগ ব্যবস্থার সীমাবদ্ধতার জন্য এই দ্বীপদেশগুলির অনেক খবরই আমাদের কাছে অজানা। আমি এখানে এই দ্বীপদেশগুলির কিছু খবরাখবর তুলে ধরলাম। আশাকরি, পাঠকবন্ধুদের উপকারে লাগবে।

●বাহামাস কথাটির অর্থ কী?
—বৃহৎ উচ্চ মধ্যভূমি।
●বাহামাস দেশটি কত সালে স্বাধীনতা অর্জন করেছিল?
—১০ জুলাই, ১৯৭৩।
●বাহামাসের জাতীয় প্রাণী কী?
—ফ্লেমিংগো।
●বাহামাসের জাতীয় খেলা কী?
—ক্রিকেট।
●ক্রিস্টোফার কলম্বাস কবে বাহামাস পৌঁছেছিলেন?
—১২ অক্টোবর, ১৪৯২।
●কোন দেশকে আকাশ থেকে দেখতে কুমীরের মতো?
—কিউবা।
●বিশ্বের বৃহত্তম চিকিৎসা স্কুল রয়েছে কোথায়?
—হাভানা, কিউবা।
●বিশ্বের ক্ষুদ্রতম পাখির নাম কী?
—মৌমাছি হামিংবার্ড।
●মৌমাছি হামিংবার্ড পাখি কোন দেশে পাওয়া যায়?
—কিউবা।
●বিশ্বের সেরা সিগারেট কী?
—হাভানা সিগারেট।
●কিউবার জনপ্রিয় খেলা কী?
—বেসবল।
●ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জের সবচেয়ে জনবহুল দেশ কোনটি?
—কিউবা।
●বিশ্বের কোন দেশে ডাক্তারের সংখ্যা সবচেয়ে বেশি?
—কিউবা।
●পশ্চিম গোলার্ধের একমাত্র কমিউনিস্ট দেশ কোনটি?
—কিউবা।
●জামাইকা তথা বিশ্বের দ্রুততম মানুষটির নাম কী?
—উসান বোল্ট।
●কত সালে জামাইকা স্বাধীনতা লাভ করেছিল?
—১৯৬২ সালে।
●পশ্চিম গোলার্ধের সবচেয়ে গরীব দেশ কোনটি?
—হাইতি।
●ক্রিস্টোফার কলম্বাসের সমাধি রয়েছে কোন দেশে?
—হাইতি।
●হাইতি ও ডোমিনিকান প্রজাতন্ত্র দেশদুটি কোন দ্বীপের দুটি খণ্ড?
—হিসপানিওলা।
●কোন দেশের জাতীয় পতাকায় বাইবেলের ছবি রয়েছে?
—ডোমিনিকান প্রজাতন্ত্র।
●অ্যান্টিগুয়া ও বারবুডা দেশের সর্বোচ্চ শৃঙ্গের নাম কী?
—মাউন্ট ওবামা।
●বিখ্যাত ক্রিকেটার ভিভিয়ান রিচার্ডস কোন দেশের অধিবাসী?
—অ্যান্টিগুয়া ও বারবুডা।
●ডোমিনিকা দেশের সর্বোচ্চ শৃঙ্গের নাম কী?
—মর্ন দিয়াবলোটিন।
●ডোমিনিকা দেশের সবচেয়ে মনমুগ্ধকর ও সৌন্দর্যময় জলপ্রপাতের নাম কী?
—ভিক্টোরিয়া জলপ্রপাত।
●কোন দেশকে উড়ন্ত মাছের দেশ বলা হয়?
—বার্বাডোজ।
●বার্বাডোজের রাজধানী ব্রিজটাউনের পূর্বের নাম কী?
—ইন্ডিয়ান ব্রিজ।
●বিশ্বের বৃহত্তম অ্যাসফাল্ট ভাণ্ডার রয়েছে কোথায়?
—পিচলেক, ত্রিনিদাদ ও টোবাগো।
●পশ্চিম গোলার্ধের সবচেয়ে ছোট দেশের নাম কী?
—সেন্ট কিটস ও নেভিস।
●সেভেন সিস্টারস ফলস কোন দেশে অবস্থিত ?
—গ্রেনাডা।
●ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জের কোন দেশ সবচেয়ে উন্নত?
—ত্রিনিদাদ ও টোবাগো।
●কোন দেশকে বিশ্বের মশলার দ্বীপ (Island of Spice) বলা হয়?
—গ্রেনাডা।

হীরালাল জানা
কৃষি কলেজ; এগ্রিকালচারাল ফার্ম, কালনা রোড
বর্ধমান পূর্ব-৭১৩ ১০১

পাঠকের চিঠি

রোবট সম্পর্কিত তথ্যাদি

চেকপ্রজাতন্ত্রের লেখক কালের কাপেক-এর নাটক— 'Rossum's Universal Robots' থেকে সর্বপ্রথম 'যন্ত্রমানব' বা 'রোবট'*(চেক ভাষা-র শব্দটির অর্থ— 'কাজ') শব্দটি আমরা পাই। কল্পবিজ্ঞান-ফ্যান্টাসির সীমানা ছাড়িয়ে রোবটরা আজ আমাদের নিত্যদিনের জীবন, প্রযুক্তি, বিজ্ঞান, শিল্পে ঢুকে পড়েছে। এখানে রোবট-কে নিয়ে কিছু তথ্য দেওয়ার চেষ্টা করা হল:

১। 'স্টার ওয়ারস' চলচ্চিত্রটিতে প্রদর্শিত রোবটদুটির নাম হল— 'C-3PO' এবং 'আর্তুদেতু' (R-2 D-2)।

২। প্রখ্যাত কল্পবিজ্ঞান রচয়িতা, আইজ্যাক আসিমভ-এর 'The Robots of Dawn' বইটিতে মানুষের মতো বা সাইবর্গ জাতীয় রোবটদুটির নাম হল— 'দানিয়েল অলিভো' আর 'জিস কার্ড'।

৩। সত্যজিৎ রায়ের রচনাতে বিধুশেখর, কম্পু এবং অনুকূল— এই তিন যন্ত্রমানবের উল্লেখ আছে।

৪। ২০০১ সালে ভ্যাকুয়াম ক্লিনার জাতীয় রোবট— 'ট্রাইলোবাইট'-কে তৈরি করা হয়।

৫। মঙ্গলগ্রহের মাটির নমুনা সংগ্রহ করার জন্য 'ভাইকিং-১' নামক স্বয়ংচালিত মহাকাশযানটির মধ্যে টেলিস্কোপ যুক্ত একটি রোবটকে পাঠানো হয়।

৬। রুবিক কিউব-এর সমাধান সবচেয়ে দ্রুত, মাত্র ৩.২৫৩ সেকেন্ডে করে 'কিউবস্টর্মার-থ্রি' নামক রোবট।

৭। 'AERCam Sprint' নামক, বীচ বলের আকারের রোবটকে মহাকাশের ছবি, মহাকাশচারীদের পাঠানোর জন্য ব্যবহার করা হয়।

৮। 'Help Mate' নামক যন্ত্রমানবটিকে হাসপাতাল এবং প্যাথলজিক্যাল ল্যাবরেটরিতে চিকিৎসকদের সাহায্যে ব্যবহার করা হচ্ছে।

৯। কারখানা ও শিল্পাঞ্চলে বিভিন্ন পণ্যদ্রব্য প্যাকিং-এর জন্য ব্যবহৃত 'ডেল্টা' রোবটকে প্রথম তৈরি করেন স্যুইৎজারল্যান্ডের একোল পোলিতেকনিক ফেদারেল দ্য ল্যাসান-এর অধ্যাপক রেমোঁদ ক্লাভেল।

১০। প্রায় ১০,০০০ শব্দ উচ্চারণ করতে পারে 'ওয়াকামারু' নামক রোবটটি।

১১। রোবটদের নিয়ে প্রথম গান তৈরি করেন জার্মানির 'KRAFTWERK' নামক রক সংগীত দলটি।

১২। ব্যাংকিং পরিষেবাতে সাহায্য করার জন্য ৫৮ সেন্টিমিটার লম্বা 'NAO' নামক একটি বহুভাষী রোবট তৈরি করেছে জাপানের 'মিৎসুবিশি' সংস্থাটি।

১৩। বৃদ্ধ মানুষদের দেখাশোনা করার জন্য জাপানের 'রাইকেন' সংস্থাটি 'Robear' নামক একটি যন্ত্রমানব বানিয়েছে।

১৪। প্রথম স্বয়ংক্রিয় বাহু (Robotic Arm) তৈরি করেন বিজ্ঞানী গেওর্গ ডেভোল।

কৌশিক রায়
সহ-শিক্ষক (ইংরেজি), আবেশকুড়ি উচ্চ মাদ্রাসা (উঃ মাঃ)
গ্রাম: সবরণদিঘি-রতিনাথপুর, জেলা: দক্ষিণ দিনাজপুর

এককথায় প্রকাশ

আমি 'পেশাপ্রবেশ' পত্রিকার একজন নিয়মিত পাঠক। আমার সংগ্রহে থাকা বেশ কিছু 'এককথায় প্রকাশ'-এর তালিকা পাঠালাম।

অনুকরণ করিবার ইচ্ছা— অনুচিকীর্ষা
অনুসন্ধান করিবার ইচ্ছা— অনুসন্ধিৎসা
অভ্রকে লেহন করে যে— অভ্রংলিহ
উপকার করিবার ইচ্ছা— উপচিকীর্ষা
খাওয়া ইচ্ছা— বুভুক্ষা
ক্ষমা করিবার ইচ্ছা— তিতিক্ষা
গমনের ইচ্ছা— জিগমিষা
জয় করিবার ইচ্ছা— জিগীষা
দেখার ইচ্ছা— দিদৃক্ষা
পার হতে বা ত্রাণ লাভ করিতে অভিলাষী— তিতীর্ষু
মুক্তির বাসনা— মুমুক্ষা
মরিবার ইচ্ছা— মুমূর্ষা
যাহা বৃদ্ধি পাইতেছে— বর্ধিষ্ণু
যাহা ক্ষয় পাইতেছে— ক্ষয়িষ্ণু
যাহার মৃত্যু নিকটবর্তী— মুমূর্ষু
যাহা উড়িয়া যাইতেছে— উড্ডীয়মান
যাহা দীপ্তি পাইতেছে— দীপ্যমান
যাহা পুনঃ পুনঃ দুলিতেছে— দোদুল্যমান
যাহা জ্বল জ্বল করিতেছে— জাজ্বল্যমান
যাহা বাঁচিয়া আছে— জীবন্ত
যাহা সঞ্চয় করা হইতেছে— সঞ্চীয়মান
যে পুনঃ পুনঃ কাঁদিতেছে— রোরুদ্যমান
যে বস্তুর অপচয় হইতেছে— অপচীয়মান
যে শুইয়া আছে— শয়ান
লাভ করিবার ইচ্ছা— লিপ্সা
শুনিবার ইচ্ছা— শুশ্রূষা
সহ্য করা যার স্বভাব— সহিষ্ণু

আশিস রায়
ডানকুনি, হুগলি

রেজিস্ট্রেশন অব নিউজপেপারস (সেন্ট্রাল) রুলস ১৯৫৬-এর ৮ম ধারা অনুসারে নিম্নলিখিত তথ্যসমূহ প্রকাশ করা হচ্ছে:
১। প্রকাশস্থান: ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯।
২। প্রকাশকাল: মাসিক
৩। প্রকাশক ও মুদ্রকের নাম: অমরেন্দ্র চক্রবর্তী।
নাগরিকত্ব: ভারতীয়।
ঠিকানা: ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯।
৪। সম্পাদকের নাম: মহাশ্বেতা সমাজদার।
নাগরিকত্ব: ভারতীয়।
ঠিকানা: ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯।
৫। যেসব ব্যক্তি এই সংবাদপত্রের মালিক এবং অংশীদার অথবা যাঁরা মোট মূলধনের এক শতাংশেরও বেশি শেয়ারের অধিকারী তাঁদের নাম ও ঠিকানা:
(ক) মালিক: স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড, রেজিস্টার্ড অফিস ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯।
(খ) মোট মূলধনের এক শতাংশেরও বেশি শেয়ারের অধিকারী:
এবিপি প্রাইভেট লিমিটেড, ৬ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭০০ ০০১
আমি অমরেন্দ্র চক্রবর্তী এতদ্বারা ঘোষণা করছি যে উপরোক্ত তথ্যগুলি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

স্বাঃ

১ মার্চ, ২০২১

প্রকাশক

খবরের পাতা

*

১ জানুয়ারি-৩১ জানুয়ারি

আ ন্ত র্জা তি ক

ইউরোপীয় ইউনিয়ন ছাড়ল ব্রিটেন

৩১ ডিসেম্বর রাতে লন্ডন শহরের ঐতিহ্যশালী বিগ বেনের কাঁটা ১১টা ছুঁতেই ইউরোপীয় দেশগুলির জোট, ইউরোপীয় ইউনিয়ন (ই ইউ) থেকে ব্রিটেনের প্রস্থান বা 'ব্রেক্সিট' প্রক্রিয়া সম্পূর্ণ হল। ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের কথায়, এ বার থেকে 'অবারিত, উদার, দূরদর্শী, আন্তর্জাতিকতাবাদী এবং মুক্ত বাণিজ্যের দেশ' হিসেবে বিশ্বের সামনে পরিচিতি বাড়বে ব্রিটেনের। মুহূর্তটিকে 'অসাধারণ' আখ্যা দিয়ে ই ইউ-এর সদর দপ্তর ব্রাসেলসের বেঁধে দেওয়া নিয়মের গণ্ডি থেকে বেরিয়ে এসে 'গ্লোবাল ব্রিটেন' হয়ে ওঠা নিয়ে উচ্ছ্বাস প্রকাশ করেন প্রধানমন্ত্রী বরিস।

প্রকৃতপক্ষে, ২০২০ সালের ৩১ জানুয়ারিই ই ইউ থেকে আইনত বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল ব্রিটেন। তবে ব্রাসেলসের সঙ্গে মুক্ত-বাণিজ্য চুক্তি সই সংক্রান্ত আলোচনার জেরে প্রক্রিয়াটির চূড়ান্ত ধাপে পৌঁছতে সময় লাগছিল। বর্ষশেষের রাতেই 'ব্রেক্সিট' সম্পন্ন হওয়ার ফলে ২০২১-এর প্রথম সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে ই ইউ-এর কোনও নিয়মকানুনই আর ব্রিটেনের মাটিতে বলবৎ থাকল না।

আপাত ভাবে ব্রেক্সিট-এর জেরে জনজীবনে যে-দু'টি অবশ্যম্ভাবী প্রভাব পড়বে, তা হল—

- ২৭টি ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশে ব্রিটেনের

নাগরিকদের বাধাহীন যাতায়াত বন্ধ হল। ব্রিটেন থেকে আয়ারল্যান্ড ছাড়া বাকি দেশগুলিতে সফরের ক্ষেত্রে বদল ঘটল পাসপোর্ট এবং অভিবাসন নীতির। ওই সব দেশের নাগরিকরাও ব্রিটেনে আসতে চাইলে তাঁদেরও নয়া নীতির আওতায় পড়তে হবে।

● বেশ কয়েক দশক পরে শুল্ক নজরদারি ফিরে আসছে ব্রিটেনের সীমান্তে। ফলে মুক্ত-বাণিজ্য চুক্তির কারণে ইউরোপীয় দেশগুলির কাছে ব্রিটেনের দরজা খোলা থাকলেও বাড়তি প্রশাসনিক কাগজপত্রের বাধা কাটিয়ে তাঁদের কাছে সংশ্লিষ্ট পণ্য বা পরিষেবা পৌঁছতে আগের চেয়ে বেশি সময় লাগবে।

উল্লেখ্য, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ইউরোপীয় দেশগুলিকে নিয়ে তৈরি হয়েছিল 'ইউরোপীয় ইকনমিক কমিউনিটি' (ইইসি)। ১৯৭৩-এ এই কমিউনিটিতে যোগ দিয়েছিল ব্রিটেন। ১৯৯২ সালে ইউরোপীয় দেশগুলির এই আর্থিক জোটই ইউরোপীয় ইউনিয়ন (ই ইউ)-এর রূপ নেয়। সেই অর্থে দীর্ঘ ৪৭ বছর পর ইউরোপীয় এই দেশগুলির জোট ভেঙে বের হল ব্রিটেন। প্রসঙ্গত, ২০১৬-র ২৩ জুন গণভোটের মাধ্যমে ব্রিটেন ঠিক করেছিল ই ইউ থেকে বেরিয়ে যাবে। তখন ডেভিড ক্যামেরন ছিলেন ইংল্যান্ডের প্রধানমন্ত্রী। তিনি ইস্তফা দেওয়ার পর প্রথমে টেরেসা মে এবং পরে বরিস জনসন ইংল্যান্ডের প্রধানমন্ত্রী হন। এর মধ্যে অসংখ্য বার ব্রেক্সিট বিল নিয়ে ব্রিটিশ ও ইউরোপীয় পার্লামেন্টে আলোচনা ও বিতর্ক হয়েছে । সিদ্ধান্ত গ্রহণের পর সাড়ে চার বছর লাগল ব্রেক্সিট বাস্তবায়িত হতে।

যে-পথে ব্রেক্সিট

● **২০১৩:** ই ইউ-তে থাকা বা না-থাকা নিয়ে গণভোটের প্রতিশ্রুতি প্রধানমন্ত্রী ডেভিড ক্যামেরনের।

● **২০১৬:** গণভোট। ৫১.৯ শতাংশ ই ইউ ত্যাগের পক্ষে মত দিলেন। ই ইউতে থাকতে চাইলেন ৪৮.১ শতাংশ। ইউরাপীয় ইউনিয়নে আস্থাশীল প্রধানমন্ত্রী ক্যামেরনের ইস্তফা। নতুন প্রধানমন্ত্রী টেরেসা মে।

● **মার্চ, ২০১৭:** ঠিক হল, ২০১৯ সালের ৩১ মার্চের মধ্যে বেরিয়ে যাবে ব্রিটেন।

● **জুন:** নিজেরই ডাকা ভোটে সংখ্যাগরিষ্ঠতা পেলেন না টেরেসা মে এবং তাঁর কনজারভেটিভ পার্টি।

● **নভেম্বর, ২০১৮:** বিদায়ী চুক্তির খসড়া প্রকাশ, মন্ত্রিসভা ছাড়লেন বরিস জনসন।

● **জানুয়ারি, ২০১৯:** ব্রেক্সিট-শর্ত নিয়ে প্রথম ভোটাভুটিতে হারলেন টেরেসা।

● **মার্চ:** দ্বিতীয় বার হারের মুখে টেরেসা। ১২ মে পর্যন্ত ব্রেক্সিট কার্যকরের মেয়াদ বাড়াল ইউরোপীয় ইউনিয়ন।

● **এপ্রিল:** ভোটে ফয়সালা হল না। ৩১ অক্টোবর পর্যন্ত সময় দিল ই ইউ।

● **মে:** ইস্তফা টেরেসার।

● **জুলাই:** প্রধানমন্ত্রীর পদে বরিস জনসন।

● **অগস্ট:** পার্লামেন্ট বন্ধের ঘোষণা বরিসের। সুপ্রিম কোর্ট বলল, বেআইনি।

● **অক্টোবর:** মেয়াদবৃদ্ধির আবেদন করতে বাধ্য হলেন বরিস, ২০২০-র ৩১ জানুয়ারি পর্যন্ত সময় দিল ই ইউ।

● **নভেম্বর:** ভোটের ডাক দিলেন বরিস।

● **ডিসেম্বর:** জিতলেন বিপুল সংখ্যাগরিষ্ঠতা পেয়ে।

● **জানুয়ারি, ২০২০:** পার্লামেন্টের দুই কক্ষের সম্মতি ব্রেক্সিট বিলে, সায় দিলেন রানিও।

● **৩১ জানুয়ারি:** ই ইউ ছেড়ে বেরিয়ে গেল ব্রিটেন। অমীমাংসিত রয়ে গেল শুধু মুক্ত-বাণিজ্য সংক্রান্ত কিছু আলোচনা।

● **১ জানুয়ারি, ২০২১:** ই ইউ থেকে পাকাপাকি ভাবে বিদায় নিল ব্রিটেন।

ক্যাপিটলে ট্রাম্প-অনুগামীদের হামলা

প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের একাধিক উসকানিমূলক মন্তব্যের জেরে রাজধানী ওয়াশিংটন ডি সি-তে মার্কিন সংসদ ভবন ক্যাপিটলে ঢুকে ৬ জানুয়ারি কয়েক ঘণ্টা ধরে ভাঙচুর ও হামলা চালায় ট্রাম্প-সমর্থকেরা। সংসদ ভবনের গোপন সুড়ঙ্গ দিয়ে পালিয়ে বাঁচলেন

সাংসদরা। পুলিশের সঙ্গে সংঘর্ষে নিহত হন এক মহিলা-সহ ৫ জন।

প্রেসিডেন্টের প্ররোচনায় খোদ সংসদে এ ধরনের হামলা মার্কিন যুক্তরাষ্ট্রে নজিরবিহীন ঘটনা। এদিন সকালে হোয়াইট হাউসের সামনে জড়ো হয়েছিলেন কয়েক হাজার ট্রাম্প-সমর্থক। সেই বিপুল সমাবেশকে উদ্দেশ করে প্রেসিডেন্টের বাসভবনের বারান্দা থেকে ট্রাম্প হুঙ্কার দেন— 'আমরা হারতেই পারি না। নানা রকম হিসেব করে দেখেছি, এই ভোটের ফল একটা বড় ধাপ্পা।' এখানেই না থেমে 'ক্যাপিটল চলো' স্লোগান তুলে তিনি বলেন, 'আমাদের দেশকে ফিরে পেতে হলে, ক্যাপিটলে গিয়ে শক্তিশালী আচরণ করতে হবে। দুর্বল হলে চলবে না।'

হোয়াইট হাউস থেকে অল্প দূরত্বে ক্যাপিটল ভবন। ট্রাম্পের প্ররোচনায় বাঁধ ভাঙা জনতা হইহই করে সেই দিকে ছোটে। ভবনের ভিতরে তখন ইলেক্টোরাল ব্যালটের ফলাফল নিয়ে চূড়ান্ত বিতর্ক চলছিল। তাতে অংশ নিয়েছিলেন মার্কিন কংগ্রেসের দুই কক্ষের সদস্যেরাই। বিতর্কের পরই আনুষ্ঠানিক ভাবে ভাবী প্রেসিডেন্ট হিসেবে জো বাইডেনের নাম ঘোষণা করার কথা। বন্ধ কক্ষের বাইরে মোতায়েন ছিল সশস্ত্র পুলিশি ব্যারিকেড। কিন্তু হামলে পড়া জনস্রোতের সামনে খড়কুটোর মতো উড়ে যায় প্রতিরোধ। উঁচু প্রাচীর টপকে, দরজা খুলে ভবনে ঢুকে পড়ে কয়েকশো মানুষ। যথেচ্ছ চলে ভাঙচুর, লুটপাট।

পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে জাতির উদ্দেশে ভাষণ দেন ভাবী প্রেসিডেন্ট জো বাইডেন। বলেন, 'গণতন্ত্রের উপরে এ এক অভূতপূর্ব আঘাত। তবে একটা কথা বলতে পারি, ক্যাপিটলে যা ঘটছে, তা আসল আমেরিকা নয়।' এই ঘটনাকে মার্কিন যুক্তরাষ্ট্রের গণতান্ত্রিক ইতিহাসে সবথেকে লজ্জার বলে উল্লেখ করেন প্রাক্তন প্রেসিডেন্ট বারাক ওবামা। অন্য দিকে, উসকানিমূলক মন্তব্যের অভিযোগে ট্রাম্পের সব সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট বন্ধ করে দেওয়া হয়। ফেসবুকের প্রতিষ্ঠাতা মার্ক জাকারবার্গ জানান, 'গত ২৪ ঘণ্টার ভয়াবহ ঘটনাপঞ্জি থেকে স্পষ্ট, ট্রাম্প আর যে ক'টা দিন ক্ষমতায় থাকবেন, বাইডেনকে শান্তিপূর্ণ ক্ষমতা হস্তান্তরে নানা ধরনের বাধা দেবেন। এই সময়ে প্রেসিডেন্টকে আমাদের প্রযুক্তি ব্যবহার করতে দিলে বড় মাপের অশান্তির আশঙ্কা রয়েছে।'

এক নজরে ক্যাপিটলে হামলা

● **২ জুলাই, ১৯১৫:** সেনেটের রিসেপশনে ডিনামাইট। কেউ হতাহত হননি। ধৃত হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, আদতে জার্মান ফ্রাঙ্ক হল্ট। জার্মানির শত্রুদের আমেরিকা অস্ত্র বিক্রি করায় এই ঘটনা ঘটিয়েছিল সে।

● **১ মার্চ, ১৯৫৪:** হাউস অব রিপ্রেজেন্টেটিভসের গ্যালারি থেকে গুলিবৃষ্টি পুয়ের্তো রিকোর চার বাসিন্দার। তাতে পাঁচ কংগ্রেস সদস্য আহত হন। পুয়ের্তো রিকোর স্বাধীনতার দাবিতে এই হামলা চালিয়েছিল তারা।

● **১ মার্চ, ১৯৭১:** ভিয়েতনাম যুদ্ধের বিরুদ্ধে বিক্ষোভে উত্তাল আমেরিকায় সেনেট চেম্বারের একটি শৌচাগারে বোমা বিস্ফোরণ হয়। কেউ হতাহত হননি। 'ওয়েদার আন্ডারগ্রাউন্ড' বলে একটি সংগঠন ঘটনার দায় নেয়। কেউ গ্রেপ্তার হয়নি।

● **৭ নভেম্বর, ১৯৮৩:** সেনেটের ঠিক বাইরে বোমা বিস্ফোরণ হয়। কেউ হতাহত হননি। দায় নেয় 'আর্মড রেজিস্ট্যান্স ইউনিট' নামে এক সংগঠন। তারা জানায়, লেবানন ও গ্রেনাডায় মার্কিন হস্তক্ষেপের বিরুদ্ধে এই হামলা। গ্রেপ্তার হয় সাত জন।

প্রেসিডেন্ট পদে শপথ নিলেন জো বাইডেন

আমেরিকার ৪৬তম প্রেসিডেন্ট হিসেবে ২০ জানুয়ারি শপথ নিলেন জোসেফ বাইডেন। বাইডেনের ঠিক আগে শপথ নেন দেশের প্রথম মহিলা এবং প্রথম অ-শ্বেতাঙ্গ ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। অতিমারি আবহে হাতে-গোনা অতিথি ও সাংবাদিক উপস্থিত ছিলেন ক্যাপিটল ভবনে শপথ গ্রহণ অনুষ্ঠানে। প্রথম দিনই ডোনাল্ড ট্রাম্পের নেওয়া এক গুচ্ছ প্রশাসনিক সিদ্ধান্ত খারিজ করলেন নতুন প্রেসিডেন্ট।

অতিমারির আবহে শপথগ্রহণ অনুষ্ঠান ছিল অন্যান্য বারের থেকে অনেকটাই আলাদা। অন্যান্য বার ন্যাশনাল মল থেকে শপথগ্রহণ অনুষ্ঠান দেখেন হাজার হাজার মানুষ। এ বার শুধু নির্দিষ্ট কিছু অতিথি ও সাংবাদিকদের উপস্থিতি ছিল ক্যাপিটল ভবনে। উপস্থিত ছিলেন প্রাক্তন প্রেসিডেন্ট ও প্রাক্তন ফার্স্ট লেডিরা— বারাক ও মিশেল ওবামা, বিল ও হিলারি ক্লিন্টন এবং জর্জ ও লরা বুশ। ছিলেন পপ সুপারস্টার লেডি গাগা, জেনিফার লোপেজ, ব্রুস স্প্রিংস্টিন এবং অস্কারজয়ী অভিনেতা টম হ্যাঙ্কস। অনুষ্ঠানে ২৩ বছরের কৃষ্ণাঙ্গ তরুণী কবি আমান্ডা গোরম্যান স্বরচিত কবিতা— 'দ্য হিল উই ক্লাইম্ব' পাঠ করেন।

শপথগ্রহণ অনুষ্ঠানে আসার আগে সকালে প্রথামাফিক গির্জায় গিয়ে প্রার্থনা করেন বাইডেন দম্পতি। প্রত্যাশামতো প্রেসিডেন্ট হিসেবে বাইডেনের প্রথম বক্তৃতায় ছিল ঐক্যের বার্তা। তিনি বলেন, 'গণতন্ত্রের জয় হয়েছে। প্রতিশ্রুতি দিচ্ছি, সব সময়ে আপনাদের পাশে থাকব। সকলে মিলে আমাদের ক্ষত উপশম করতে হবে।' প্রেসিডেন্ট পদে তাঁর পূর্বসূরীদের ধন্যবাদ জানান তিনি, 'পাশে থাকার জন্য' ধন্যবাদ জানান স্ত্রী জিলকেও। বাইডেনের ঠিক আগে এদিন ভাইস প্রেসিডেন্ট পদে শপথ নেন কমলা হ্যারিস। শপথের আগে টুইট করে তিনি জানান, 'আমার আগে যে-মহিলারা এগিয়ে এসেছিলেন, তাঁদের জন্যই আজ আমি এখানে আসতে পেরেছি। দেশকে ঐক্যবদ্ধ করতে জো বাইডেনের

সঙ্গে আমি কাজ করব। বর্তমান সমস্যাগুলির মোকাবিলা করব। দেশকে ফের নতুন করে গড়ে তোলার শপথ পূরণ করব।'

২১ জানুয়ারি হোয়াইট হাউসের ওভাল অফিসে পা দিয়েই ট্রাম্প জমানার তিনটি নীতিতে পরিবর্তন আনতে সই করেন প্রেসিডেন্ট বাইডেন। মেক্সিকো সীমান্তে প্রাচীর তোলার জন্য বিশেষ তহবিল তৈরি করার সিদ্ধান্ত নিয়েছিলেন ট্রাম্প। সেই তহবিল তৈরির সিদ্ধান্ত খারিজ করে দিয়েছেন বাইডেন। বাতিল করেছেন কয়েকটি মুসলিম রাষ্ট্র থেকে আমেরিকায় আসার উপর নিষেধাজ্ঞা। প্রথম দিনে আরও একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছেন বাইডেন। মার্কিন সেনাবাহিনীতে রূপান্তরকামীদের যোগ দেওয়ার উপর এত দিন ধরে যে নিষেধাজ্ঞা ছিল, এ বার সেটি আর থাকছে না।

রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে ভারত

১ জানুয়ারি রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য হিসেবে দু'বছরের মেয়াদ শুরু করল ভারত। এই নিয়ে এখনও পর্যন্ত ভারত মোট ৭ বার নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্যপদ পেয়েছে। শেষ বার পেয়েছিল ১০ বছর আগে।

রাষ্ট্রপুঞ্জে ভারতের স্থায়ী প্রতিনিধি টি এস তিরুমূর্তি নিউইয়র্ক থেকে জানান, 'আইনের শাসন এবং উন্মুক্ত, উদার, ন্যায্য এবং সমবণ্টনের নীতির প্রতি আমাদের দায়বদ্ধতা নিয়ে কোনও দ্বিধা নেই। বাংলাদেশের সঙ্গে জলসীমান্ত ভাগ করে নেওয়ার কারণে আমরা রাষ্ট্রপুঞ্জের ট্রাইবুনালের দ্বারা পুরস্কৃত হয়েছি।' তাঁর বক্তব্য, 'সদস্য হিসেবে এর আগের মেয়াদেও ভারত এই নীতিগুলি থেকে পিছু হটেনি। এবারও হটবে না। সমস্ত উন্নয়নশীল দেশের সাধারণ স্বার্থের জন্য গলা তুলব আমরা।'

এদিন একইসঙ্গে চিনের উদ্দেশে নাম না করে বার্তা দিল ভারত। বাণিজ্যিক এবং কৌশলগত ভাবে চিন, ভারত ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে এবং দক্ষিণ চিন সাগরে অন্য অনেক দেশেরই স্বার্থে আঘাত করছে, আন্তর্জাতিক আইন মানছে না— এই অভিযোগ আসিয়ানের সদস্যদেশগুলি ছাড়া আমেরিকা, অস্ট্রেলিয়া, জাপান এবং ফ্রান্সের। পূর্ব লাদাখে প্রকৃত নিয়ন্ত্রণরেখা সংলগ্ন অঞ্চলে চিনের সঙ্গে সংঘাত চলাকালীন ভারত এই নিয়ে প্রকাশ্যে সরব হচ্ছে না ঠিকই, কিন্তু এদিন তিরুমূর্তির মন্তব্য থেকে স্পষ্ট, রাষ্ট্রপুঞ্জে চিনের সঙ্গে কূটনৈতিক লড়াইয়ের জন্য প্রস্তুতি শুরু হয়েছে সাউথ ব্লকে।

পাশাপাশি, এদিন পাকিস্তান নিয়ে প্রখর ভাবেই রাষ্ট্রপুঞ্জে সরব হয়েছেন ভারতীয় এই কূটনীতিক। তাঁর কথায়, 'কোভিডের মধ্যে পাকিস্তান কেবলমাত্র আন্তঃসীমান্ত সন্ত্রাস বাড়ানোয় সহায়তা করে গিয়েছে। রাষ্ট্রপুঞ্জের সেক্রেটারি জেনারেলের আন্তর্জাতিক সংঘর্ষবিরতির ধারটুকুও ধারেনি তারা। পাশাপাশি নিজেরাই যেন সন্ত্রাসবাদের শিকার, এমন একটা ভাব দেখিয়েছে।' আগামী দিনে ভারত রাষ্ট্রপুঞ্জের মঞ্চকে কাজে লাগিয়ে সন্ত্রাসবাদ নিয়ে সরব হবে বলে জানা গিয়েছে। পাশাপাশি, নিরাপত্তা পরিষদে ভারতের স্থায়ী সদস্যপদ পাওয়ার প্রয়াসও জারি থাকবে।

কোভিড-১৯ তদন্তে উহানে পৌঁছল হু-র বিশেষজ্ঞ দল

দীর্ঘ টালবাহানার পর সম্প্রতি বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু) -র কোভিড তদন্তকারী দলকে চিনে প্রবেশের অনুমতি দেয় চিনা সরকার। ১৪ জানুয়ারি ১৩ জনের বিশেষজ্ঞ দল উহানে পৌঁছয়। সিঙ্গাপুর থেকে আসা ২ বিজ্ঞানী অবশ্য করোনা-পজিটিভ

হওয়ায় বিমানবন্দরেই আটকে পড়েন। বেজিং আগাগোড়া অস্বীকার করে এলেও চিন থেকেই যে ভাইরাসটি ছড়িয়েছে, প্রাথমিক অনুসন্ধানেই সামনে এল সে কথা।

হু দীর্ঘদিন ধরেই চিনা সরকারের কাছে আবেদন জানাচ্ছিল, উহানে গিয়ে কোভিড-১৯-এর উৎস সম্পর্কে সরেজমিন তদন্ত করতে চায় তারা। অন্য দিকে চিনের বক্তব্য ছিল, ভাইরাসটির কথা চিনে প্রথম জানা গেলেও, এই দেশ তার উৎস নয়, বরং ভাইরাসটিকে চিহ্নিত করার কৃতিত্ব বেজিংয়ের। যদিও আন্তর্জাতিক স্তরে মুখরক্ষার খাতিরে শেষপর্যন্ত হু-র কোভিড তদন্তকারী দলকে দেশে ঢোকার অনুমতি দেয় চিনা সরকার। ঠিক হয় চিনা বিজ্ঞানীদের সঙ্গে একযোগে ভাইরাসের উৎস সন্ধানে কাজ করবে দলটি।

তদন্ত-পর্বের সূচনাতেই, ১৭ জানুয়ারি প্রকাশ্যে এল এক নতুন তথ্য। উহান ইনস্টিটিউট অব ভাইরোলজি ল্যাবরেটরির এক বিজ্ঞানী জানান, ২০১৭ সালে একটি গুহা থেকে নমুনা সংগ্রহ করার সময় একটি বাদুড় গ্লাভস ভেদ করে তাঁর আঙুলে দাঁত বসিয়ে দেয়। বিজ্ঞানীর বক্তব্য, ওই বাদুড়গুলোর শরীরে নভেল করোনাভাইরাস ছিল। উল্লেখ্য, ২০১৯ সালের শেষে চিনের উহানে প্রথম করোনা-সংক্রমণ ধরা পড়ার পর রোগের উৎস হিসেবে প্রাথমিক ভাবে চিহ্নিত করা হয়েছিল উহানের মাংসের বাজারটিকে। পরে নানা মহল থেকে সন্দেহ প্রকাশ করা হয়, উহানের ল্যাব থেকেই ভাইরাসটি মানবশরীরে সংক্রমিত হয়েছে। বাদুড়ের শরীরে থাকা করোনাভাইরাসের জেনেটিক সিকোয়েন্সের আর্কাইভ রয়েছে এই ল্যাবে। ২০১৭ সালে টেলিভিশনে সম্প্রচারিত একটি শোয়ের ফুটেজ তুলে ধরে বিশেষজ্ঞদের একাংশের অভিযোগ, কড়া পাহারায় মোড়া গবেষণাগারটিতে বহু সময়েই হু-র নিয়ম না মেনে মাস্ক, গ্লাভস, পি পি ই-কিট না পরেই জীবন্ত ভাইরাস নিয়ে কাজ করেন বিজ্ঞানীরা।

শেষ পাওয়া খবরে, 'করোনা কেলেঙ্কারি' থেকে চিনকে ক্লিনচিট দিল হু। বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে, উহানের ল্যাব থেকে করোনা ভাইরাস ছড়িয়ে পড়ার যে অভিযোগ, তার কোনও ভিত্তি নেই। সারা বিশ্বে ২ কোটি ৩০ লক্ষ মানুষের প্রাণ কাড়া কোভিড-১৯ ভাইরাস বাদুড়ের মাধ্যমে ছড়িয়েছিল বলেই মত ছিল বিশেষজ্ঞদের, সে বাদুড় কোভিড অতিমারীর 'গ্রাউন্ড জিরো' উহানের, এমনও অভিযোগ ছিল। এই অভিযোগ থেকেও চিনকে 'মুক্তি' দিয়েছে হু। খারিজ হয়েছে চিনের ফ্রোজেন খাবার থেকে ভাইরাস ছড়ানোর তত্ত্বও।

লস্কর-নেতা লকভি ধৃত

জঙ্গি সংগঠন লস্কর-ই-তইবার অপারেশন কমান্ডার এবং মুম্বই হামলার অন্যতম প্রধান অভিযুক্ত জাকিউর রহমান লকভিকে ২ জানুয়ারি গ্রেপ্তার করার কথা জানাল পাকিস্তানের প্রশাসন। পাক সংবাদমাধ্যম সূত্রের দাবি, লকভিকে ১৫ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে।

পাঞ্জাব প্রদেশ পুলিশের জঙ্গি-বিরোধী শাখা (সি টি ডি) জানিয়েছে, লকভিকে সন্ত্রাসে অর্থ জোগানোর একটি মামলায় গ্রেপ্তার করা হয়েছে। জানা গিয়েছে, গোয়েন্দাদের তথ্যের ভিত্তিতে রীতিমতো অভিযান চালিয়ে লকভিকে ধরে সি টি ডি। লাহৌরের উপকণ্ঠে গা-ঢাকা দিয়েছিল সে। তবে পাক-প্রশাসনের এই তৎপরতা নেহাতই আন্তর্জাতিক মহলের চোখে ধুলো দেওয়ার চেষ্টা কিনা, সেই প্রশ্ন উঠেছে।

উল্লেখ্য, কেবল মুম্বই হামলার প্রধান অভিযুক্তই নয়, কাশ্মীরে সন্ত্রাস সংঘটনের নেপথ্যেও প্রধান সন্দেহভাজন লকভি। পাক-অধিকৃত কাশ্মীরে প্রশিক্ষণের পরিকাঠামো নির্মাণ থেকে সীমান্ত পার করে জঙ্গিদের ভারতে পাঠানো, ভারতের মাটিতে নাশকতার পরিকল্পনা— লস্করের সামরিক প্রধান হিসেবে সব কিছুরই প্রধান দায়িত্ব জাকিউর রহমান লকভি পালন করে বলে দাবি গোয়েন্দাদের। ধর্মীয় সেবামূলক কাজের আড়ালে জঙ্গি কার্যকলাপ চালানোর জন্যই আসলে সে গোটা বিশ্ব থেকে কোটি কোটি টাকা সংগ্রহ করে।

২০০৮-এর মুম্বই বিস্ফোরণের অন্যতম প্রধান অভিযুক্ত এই জঙ্গিকে সে বছরের ডিসেম্বরেই 'ভয়ঙ্কর সন্ত্রাসবাদী'র তালিকাভুক্ত করে রাষ্ট্রপুঞ্জ। পাকিস্তান সরকার আন্তর্জাতিক চাপে লকভিকে গ্রেপ্তার করলেও বেশিদিন কারাগারে রাখতে পারেনি। ২০১৫-য় জামিন পায় লকভি। পাক-পুলিশের দাবি অনুযায়ী, তার পর থেকে সে ফেরার ছিল। যদিও লকভির মতো জঙ্গি নেতাদের পাকিস্তান প্রশাসনই নিরাপত্তা দিয়ে আড়ালে রাখে বলে অভিযোগ। আর সে জন্য আন্তর্জাতিক চাপও যথেষ্ট বেড়েছে ইসলামাবাদের উপর। সন্ত্রাসে অর্থ সাহায্য বন্ধে কোনও প্রশাসনিক উদ্যোগ না নেওয়ায় পাকিস্তানকে ধূসর তালিকায় রেখেছে প্যারিসের আন্তর্জাতিক নজরদার সংস্থা ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স (এফ এ টি এফ)। এই সংস্থার কালো তালিকাভুক্ত হলে আন্তর্জাতিক অনুদান পেতে অসুবিধা হবে পাকিস্তানের, আর সেজন্যই ইমরান খান সরকার

লোকদেখানো কিছু পদক্ষেপ করছে বলে অভিযোগ। লকভিকে গ্রেপ্তারও সে রকমই কিছু বলে ভারতের বিদেশ মন্ত্রক সূত্রে দাবি।

সি টি ডি-র বিবৃতিতে বলা হয়েছে, 'সন্ত্রাসে অর্থ সাহায্যের একটি মামলায় লকভিকে গ্রেপ্তার করা হয়েছে। সে একটি ডিসপেনসারি চালায়। অভিযোগ সেই ডিসপেনসারির জন্য বিপুল অর্থ সংগ্রহ করে সে জঙ্গি কার্যকলাপে ব্যবহার করে। নিজেও সেই টাকার কিছুটা আত্মসাৎ করে।'

ব্রিটেনে ফের লকডাউন জারি

গণ-টিকাকরণ শুরু হয়ে গেলেও নয়া স্ট্রেনের দাপটে ব্রিটেনে করোনা সংক্রমণ লাগামছাড়া ভাবে বেড়েই চলেছে। পরিস্থিতি সামাল দিতে ৪ জানুয়ারি রাতে ফের লকডাউন ঘোষণা করল ব্রিটিশ সরকার।

তৃতীয় দফার এই লকডাউন ফেব্রুয়ারি মাসের মাঝামাঝি পর্যন্ত চলবে বলে জানা গিয়েছে। তত দিন সমস্ত স্কুল-কলেজ বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার। পাশাপাশি, এদিনই ২৬ জানুয়ারি ভারতে প্রজাতন্ত্র দিবসের সরকারি অনুষ্ঠানে ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের উপস্থিত থাকার কর্মসূচিও বাতিল করা হয়েছে।

ক্রিসমাসের সময় ব্রিটেনে লকডাউন উপেক্ষা করে অনেকেই উৎসবে যোগ দিয়েছিলেন। এর উপর প্রচণ্ড সংক্রামক নয়া স্ট্রেনের দাপট দেখা যাচ্ছে। দক্ষিণ আফ্রিকা এবং ব্রিটেনে খোঁজ পাওয়া এই স্ট্রেনটির মারণ ক্ষমতা কম হলেও সংক্রমণ ক্ষমতা আগের স্ট্রেনগুলির তুলনায় বহু গুণ বেশি। সব মিলিয়ে নববর্ষের সূচনায় দেশে এক দিনে ৮০ হাজারের বেশি নতুন সংক্রমণ ধরা পড়ে। গত বছর এপ্রিলে ব্রিটেনে করোনার প্রথম ঢেউ আছড়ে পড়ার পর এক দিনে এত বেশি সংক্রমণের ঘটনা ঘটেনি।

৪ জানুয়ারির পরিসংখ্যান অনুসারে গত ২৪ ঘণ্টায় ৫৮,৭৯৪ জন নতুন করে করোনা-আক্রান্ত হয়েছেন বলে জানা গিয়েছে। মৃত ৪০৭। এদিন হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন ২৬,৬২৬ জন, যা এপ্রিলের তুলনায় অন্তত ৪০ শতাংশ বেশি। প্রশাসনের একাংশের দাবি, পরিস্থিতি নাগালের বাইরে চলে যাওয়ার আগেই তড়িঘড়ি লকডাউন ঘোষণা করেছে সরকার।

অন্য দিকে, লকডাউন ঘোষণার দিনই ব্রিটেনে অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার তৈরি কোভিড-টিকা চ্যাডক্স-১ দেওয়া শুরু হয়েছে। প্রধানমন্ত্রী বরিস জনসন আশা প্রকাশ করেছেন, ফেব্রুয়ারির মাঝামাঝি সবচেয়ে ঝুঁকিবহুল, সত্তরোর্ধ্ব বয়সি ১৩ লক্ষ ব্রিটেনবাসীকে টিকা দেওয়া সম্ভব হবে। তবে আপাতত লকডাউন চলাকালীন ব্যায়াম, চিকিৎসা বা অতি প্রয়োজনীয় জিনিসপত্র কেনাকাটা ছাড়া বাড়ির বাইরে বেরোনো নিষেধ। বাড়ি থেকেই সমস্ত কাজ করার পরামর্শ দিচ্ছে সরকার। সামাজিক মেলামেশাও বন্ধ রাখতে বলা হয়েছে।

দল থেকে বহিষ্কৃত নেপালের প্রধানমন্ত্রী ওলি

দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগে খোদ নেপালের কার্যনির্বাহী প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলিকে ২৪ জানুয়ারি দল থেকে বহিষ্কার করল নেপাল কমিউনিস্ট পার্টি (এন সি পি)। পার্লামেন্ট ভেঙে দেওয়ার সিদ্ধান্ত নেওয়ার জন্যই তাঁর বিরুদ্ধে এই ব্যবস্থা নিল এন সি পিতে ওলির বিরোধী শিবির।

উল্লেখ্য, গত কয়েক মাস ধরেই প্রাক্তন প্রধানমন্ত্রী পুষ্পকুমার দহাল ওরফে প্রচণ্ড এবং ওলির সংঘাত ঘিরে চরম রাজনৈতিক টানাপড়েন চলছে নেপালে। এই দ্বন্দ্বকে কেন্দ্র করে ওলি এবং প্রচণ্ডের শিবিরে ভাগ হয়ে যায় দেশের শাসক দল এন সি পি। রাজনৈতিক সংকট আরও বাড়িয়ে গত বছরের ২০ ডিসেম্বর পার্লামেন্ট ভেঙে দেন ওলি। তাঁর এই সুপারিশ কার্যকর করেন নেপালের প্রেসিডেন্ট বিদ্যাদেবী ভাণ্ডারী। তদারকি সরকারের প্রধানমন্ত্রী ওলি জানিয়ে দেন, ২০২১-এর ৩০ এপ্রিল এবং ১০ মে দু'দফায় ভোট হবে দেশে। ওলির এই সিদ্ধান্তের বিরুদ্ধে দেশ জুড়ে বিক্ষোভ শুরু হয়। দলের মধ্যেও কার্যনির্বাহী প্রধানমন্ত্রীর বিরুদ্ধে বিক্ষোভ দানা বাঁধে। দলীয় শৃঙ্খলাভঙ্গের অভিযোগ তুলে ওলির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবিতে সরব হয় প্রচণ্ডের শিবির।

পার্লামেন্ট ভেঙে দেওয়ার মতো 'অসাংবিধানিক' সিদ্ধান্ত নেওয়ার জন্য কেন তাঁকে বহিষ্কার করা হবে না, তা ওলির কাছে জানতে চেয়েছিল এন সি পি-র প্রচণ্ড শিবির। সেই চিঠির কোনও উত্তর দেননি ওলি। এন সি পিতে ওলি-বিরোধী শিবিরের মুখপাত্র নারায়ণকোজি শ্রেষ্ঠা বলেন, 'আমরা অনেক অপেক্ষা করেছি। কিন্তু ওলি কোনও জবাব

দেননি। এ বার তাঁর বিরুদ্ধে নীতিগত সিদ্ধান্ত নেওয়ার সময় হয়েছে। তিনি কমিউনিস্ট পার্টির সদস্য থাকার যোগ্য নন।'

ওলির বিরুদ্ধে প্রচণ্ড-শিবিরের অভিযোগ, সরকার ভেঙে দিয়ে ঘুরপথে দলীয় ক্ষমতা কুক্ষিগত করার চেষ্টা করেছেন তিনি। দলের কেন্দ্রীয় কমিটিতে নিজের অনুগতদের ঢোকানোরও চেষ্টা করেছেন। এই সমস্ত 'দলবিরোধী' কাজের অভিযোগেই দল বহিষ্কার করল তাঁকে।

জাকার্তায় ভেঙে পড়ল যাত্রীবিমান

৬২ জন যাত্রী নিয়ে সমুদ্রে ভেঙে পড়ল ইন্দোনেশিয়ার শ্রীবিজয়া এয়ারের একটি বিমান। ৯ জানুয়ারি এই দুর্ঘটনাটি ঘটে। বিমানটি জাকার্তা থেকে বোর্নিয়ো দ্বীপের পশ্চিম কালিমান্টান প্রদেশের রাজধানী পন্টিয়ানাকে যাচ্ছিল। বিমানে ৫০ জন যাত্রী ও ১২ জন বিমানকর্মী ছিলেন। কেউই বেঁচে নেই বলে জানিয়েছেন, জাকার্তার পরিবহণ মন্ত্রকের মুখপাত্র অদিতা ইরাবতী।

স্থানীয় সময় দুপুর ২টো নাগাদ জাকার্তা থেকে রওনা হওয়ার কথা ছিল বোয়িং ৭৩৭-৫০০-বিমানটির। ৯০ মিনিটের যাত্রাপথ। প্রবল বৃষ্টির জন্য বিমান উড়তে আধ ঘণ্টা দেরি হয়। ওড়ার কয়েক মিনিট পরই বিমানটির সঙ্গে যোগাযোগ হারিয়ে ফেলে কন্ট্রোল টাওয়ার। শেষবার বিমানটি ছিল জাকার্তার সুকর্ণ-হাত্তা আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ১১ নটিক্যাল মাইল উত্তরে। পরে লাকি দ্বীপের কাছে বিমানটির ধ্বংসাবশেষ মেলে।

গ্লোবাল ফ্লাইট ট্র্যাকিং সার্ভিস 'ফ্লাইটরেডার২৪' দাবি করেছে, টেক অফের ৪ মিনিট পরই বিপর্যয় ঘটেছে। এক মিনিটেরও কম সময়ে ১০ হাজার ফুট নীচে নেমে আসে বিমানটি। উড়ান বিশেষজ্ঞদের বক্তব্য, 'চার মিনিটে যে-উচ্চতায় উঠেছিল বিমানটি, কয়েক সেকেন্ডের মধ্যে সেখান থেকে একেবারে নীচে নেমে আসে।'

উল্লেখ্য, কয়েক হাজার দ্বীপ নিয়ে বিশ্বের সব চেয়ে বড় দ্বীপমালা ইন্দোনেশিয়ায় পরিবহণ দুর্ঘটনা লেগেই থাকে। ২০১৮ সালের অক্টোবরে জাভা সাগরে ভেঙে পড়েছিল লায়ন এয়ারের একটি বিমান। ১৮৯ জন যাত্রী মারা যান। শ্রীবিজয়া এয়ার ইন্দোনেশিয়ার সব চেয়ে সস্তার বিমান পরিবহণ সংস্থা। উড়ান সংস্থার অবশ্য দাবি, ২৭ বছরের পুরো বোয়িংটির অবস্থা ভালোই ছিল।

জা তী য়

দেশে টিকা নেওয়া শুরু হল

দেশ জুড়ে ১৬ জানুয়ারি 'জরুরি ভিত্তিতে' করোনার প্রতিষেধক দেওয়ার কাজ শুরু হল। এদিন সকাল সাড়ে দশটায় দেশ জুড়ে এই বিপুল কর্মযজ্ঞের আনুষ্ঠানিক সূচনা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দেশে প্রথম প্রতিষেধকটি নেন নয়াদিল্লি এইমসের সাফাইকর্মী মণীশ কুমার।

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রকের অতিরিক্ত সচিব মনোহর আগনানি জানান, 'আজ মূলত হায়দরাবাদে তৈরি ভারত বায়োটেক সংস্থার কোভ্যাক্সিন এবং অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকা সংস্থার তৈরি কোভিশিল্ড— এই দু'টি প্রতিষেধক প্রয়োগ করা হয়েছে। ১২টি রাজ্যে দু'ধরনেরই প্রতিষেধক ব্যবহার করা হয়েছে। পশ্চিমবঙ্গ-সহ বাকি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে কেবল কোভিশিল্ড ব্যবহার করা হয়েছে।'

প্রথম পর্বে ৩০ কোটির মধ্যে এক কোটি স্বাস্থ্যকর্মীকে ভ্যাকসিন দেওয়ার পরিকল্পনা রয়েছে কেন্দ্রের। লক্ষ্যমাত্রা ছিল, প্রথম দিন প্রায় তিন লক্ষ স্বাস্থ্যকর্মীকে প্রতিষেধক দেওয়া হবে। তবে প্রথম দিনেই সেই লক্ষ্যমাত্রা ছুঁতে ব্যর্থ সরকার। দিনের শেষে আগনানি জানান, দেশের ৩,৩৫১টি কেন্দ্রে মোট ১,৯১,১৮১ জন প্রতিষেধক নিয়েছেন। দেশজুড়ে প্রতিষেধক দিতে নিযুক্ত ছিলেন ১৬,৭৫৫ জন। স্বাস্থ্য মন্ত্রকের হিসেবে, পশ্চিমবঙ্গের ১৮৩টি টিকাকেন্দ্রে মোট ৯,৫৮২ জন প্রতিষেধক নিয়েছেন।

সংশ্লিষ্ট মহলের একাংশের মতে, লক্ষ্যমাত্রা পূরণ করতে না পারার অন্যতম কারণ কোভ্যাক্সিন-বিতর্ক। বিশেষ করে যে ১২টি রাজ্যে দু'ধরনের প্রতিষেধক ব্যবহার হচ্ছে, সেখানে অনেকেই কোভ্যাক্সিন প্রতিষেধক দেওয়া হচ্ছে শুনে পিছিয়ে আসেন। গবেষণা থেকে ছাড়পত্র— সব ক্ষেত্রেই বিতর্কে জড়িয়ে পড়ে হায়দরাবাদের ভারত বায়োটেক সংস্থার তৈরি কোভ্যাক্সিন প্রতিষেধক। কেন্দ্রের তরফে তড়িঘড়ি জরুরি ভিত্তিতে প্রতিষেধকটি প্রয়োগের অনুমোদন দেওয়া হলেও সেটির তৃতীয় তথা চূড়ান্ত পর্যায়ের ট্রায়াল এখনও শেষ হয়নি। এই কারণে এই ভ্যাকসিন দেওয়ার ক্ষেত্রে আগে টিকাপ্রাপকের 'অনুমতি' চেয়ে নিতে বাধ্য হচ্ছে প্রস্তুতকারক সংস্থা। প্রতিষেধকটি নেওয়ার পর শরীরে কোনও রকমের বিরূপ প্রতিক্রিয়া দেখা দিলে সংস্থার তরফে ক্ষতিপূরণ দেওয়ার কথাও উল্লেখ করা হয়েছে ওই অনুমতিপত্রে। অনুমতিপত্রের বয়ান

থেকে স্পষ্ট, জরুরি পরিস্থিতিতে নিয়ন্ত্রিত ভাবে জনস্বার্থে এই ভ্যাকসিন প্রয়োগের ছাড়পত্র দেওয়া হয়েছে এবং প্রতিষেধকটি নিলেও টিকাপ্রপককে আগের মতোই কোভিড-১৯-এর অন্যান্য বিধিনিষেধ মেনে চলতে হবে। এই নিয়েই বিতর্ক এবং সেই কারণেই এই প্রতিষেধক নেওয়ার ক্ষেত্রে টিকাপ্রাপকদের পিছিয়ে আসা। তা ছাড়াও প্রতিষেধক নেওয়া সকলের জন্য বাধ্যতামূলক না-হওয়ার জন্যও লক্ষ্যমাত্রা ছোঁয়া সম্ভব হয়নি বলে মনে করা হচ্ছে।

৭২তম প্রজাতন্ত্র দিবস পালিত

২৬ জানুয়ারি পালিত হল ৭২তম প্রজাতন্ত্র দিবস। নয়াদিল্লিতে রীতিমাফিক আয়োজিত হল প্রজাতন্ত্র দিবসের সরকারি অনুষ্ঠান। উপস্থিত ছিলেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এ বছর প্রধান অতিথি হিসেবে ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের উপস্থিত থাকার কথা থাকলেও করোনা অতিমারির কারণে তাঁর কর্মসূচি তিনি আগেই বাতিল করেছিলেন। কুচকাওয়াজে অংশ নেয় বাংলাদেশ সেনা। এই প্রথম অন্য কোনও দেশের সেনা এ দেশের প্রজাতন্ত্র দিবসের অনুষ্ঠানে যোগ দিলেন।

এ বারের অনুষ্ঠানে সামরিক বাহিনীর কুচকাওয়াজে ছিল অনেক নতুন বিষয়। এই প্রথম জনসমক্ষে এল রাফাল যুদ্ধবিমান। আকাশে দেখাল চক্র প্রদর্শনী। সেই সঙ্গে প্রথম অংশগ্রহণ করলেন বায়ুসেনার দুই মহিলা যুদ্ধবিমান চালক। তাঁরা হলেন, ফ্লাইট লেফটেন্যান্ট ভাবনা কণ্ঠ ও ফ্লাইট লেফটেন্যান্ট স্বাতী রাঠৌর।

বায়ুসেনার মোট ৩৮টি যুদ্ধবিমান ও হেলিকপ্টার অংশ নিয়েছে প্রদর্শনীতে। 'লাইট কমব্যাট এয়ারক্রাফট', 'লাইট কমব্যাট হেলিকপ্টার', 'সুখোই-৩০ এম কে আই বিমান' আর রোহিণী রেডারের মডেলে সাজানো হয়েছিল বায়ুসেনার ট্যাবলো। সেনার তরফে টি-৯০ ট্যাঙ্ক ছাড়াও প্রদর্শিত হয় 'ইনফ্যান্ট্রি কমব্যাট ভেহিক্যল বি এম পি-২-শরথ', ব্রহ্মস ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণের ভ্রাম্যমাণ লঞ্চিং প্যাড, মাল্টিলঞ্চার রকেট সিস্টেম 'পিনাকা' ও বৈদ্যুতিন যুদ্ধের সিস্টেম 'সম্বিজয়'।

নৌসেনার প্রদর্শনীতে ছিল জাহাজ 'আই এন এস বিক্রান্ত'-এর মডেল।

করোনা অতিমারির সতর্কতায় সামরিক বাহিনীর অংশগ্রহণকারী দলগুলির সদস্য-সংখ্যা কমিয়ে দেওয়া হয়েছিল। কুচকাওয়াজে অংশগ্রহণ করেনি প্রাক্তন সেনা ও বাইক আরোহী 'ডেয়ারডেভিল' দল। কুচকাওয়াজের পথের দৈর্ঘ্যও কমানো হয়েছিল। লালকেল্লার বদলে জাতীয় স্টেডিয়াম পর্যন্ত প্যারেড করেছে সব দল। তবে ট্যাবলোগুলিকে লালকেল্লা পর্যন্ত আসার অনুমতি দেওয়া হয়। এ বার প্রদর্শনীতে অংশ নেন বাংলাদেশ সেনার ১২২ জন জওয়ানও। এই প্রথম অন্য কোনও দেশের সেনাবাহিনীর সদস্যরা প্রজাতন্ত্র দিবসের কুচকাওয়াজে যোগ দিলেন।

প্রতিরক্ষা মন্ত্রকের বিচারে কুচকাওয়াজের সেরা ট্যাবলো নির্বাচিত হল উত্তরপ্রদেশের ট্যাবলো। অযোধ্যায় নির্মীয়মাণ রামমন্দির, সরযূর ঘাটে দীপোৎসব এবং মহর্ষি বাল্মিকীর রামায়ণ রচনার দৃশ্যকে 'উত্তরপ্রদেশের সাংস্কৃতিক ঐতিহ্য' হিসেবে প্রজাতন্ত্র দিবসের ট্যাবলোয় তুলে ধরেছিল যোগী আদিত্যনাথের সরকার। আত্মনির্ভর ভারতের লক্ষ্যে রাজ্যের পরিবেশ-বন্ধু ঐতিহ্য তুলে ধরে দ্বিতীয় হল ত্রিপুরার ট্যাবলো। তৃতীয় পুরস্কার পেল উত্তরাখণ্ড, তাদের ট্যাবলোয় কেদারনাথ মন্দির তুলে ধরা হয়। তাৎপর্যপূর্ণ ভাবে, সেরা ট্যাবলোর জন্য পুরস্কৃত তিনটি রাজ্যই বি জে পি শাসিত।

কৃষক আন্দোলন ঘিরে ধুন্ধুমার দিল্লিতে

ঘোষিত পরিকল্পনা ছিল, প্রজাতন্ত্র দিবসের দিন ট্রাক্টর মিছিল করবেন আন্দোলনকারী কৃষকেরা। কিন্তু সেই মিছিলকে কেন্দ্র করেই নৈরাজ্যের ঘটনা ঘটে গেল নয়াদিল্লিতে। কৃষক-পুলিশ সংঘর্ষে ধুন্ধুমার বেঁধে গেল রাজধানীর রাস্তায়। আন্দোলনকারী কৃষক পরিচয়ে একদল ব্যক্তি লালকেল্লায় ধর্মীয় পতাকা তুললেন। মারা গেলেন এক কৃষক।

কেন্দ্রীয় সরকারের কৃষি আইন প্রত্যাহারের দাবিতে নভেম্বর মাসের শেষ থেকেই দিল্লির সীমানায় আন্দোলন করছেন কয়েক হাজার কৃষক। এত দিন তাঁদের আন্দোলন মোটের উপর শান্তিপূর্ণই ছিল। আন্দোলনের অংশ

হিসেবেই ২৬ জানুয়ারি প্রজাতন্ত্র দিবসে তাঁরা ট্রাক্টর মিছিলের কর্মসূচি গ্রহণ করেছিলেন। কিন্তু একের পর এক অপ্রীতিকর ঘটনার জেরে মিছিল শুরু হতেই পরিস্থিতি আন্দোলনকারী নেতৃবৃন্দের নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। বিভিন্ন জায়গায় ব্যারিকেড ভাঙা নিয়ে প্রথমে সংঘর্ষ শুরু হয় পুলিশের সঙ্গে। চলে কাঁদানে গ্যাস ও লাঠি। পালটা মারমুখী হয়ে ওঠে আন্দোলনকারীদের একাংশ। পুলিশ জানায়, ৩০০টি ব্যারিকেড ভাঙে আন্দোলনকারীরা। ১৭টি সরকারি গাড়িতে আগুন ধরিয়ে দেওয়া হয়। সরকারি বাসও ভাঙচুর করা হয়। বেগতিক দেখে মিছিল বন্ধ করার নির্দেশ দেয় সংযুক্ত কিসান মোর্চা। কিন্তু বিক্ষোভকারীদের নিরস্ত করা যায়নি। দুপুরের দিকে তাঁরা লালকেল্লায় ঢুকে পড়েন। এক যুবককে পাইপ বেয়ে কেল্লার গম্বুজে উঠে শিখ ধর্মের পতাকা বাসন্তী রঙের 'নিশান সাহিব' উড়িয়ে দিতে দেখা যায়।

পুলিশ জানায়, ট্রাক্টর উল্টে এক কৃষকের মৃত্যু হয়েছে, ৩৯৪ জন পুলিশকর্মী জখম হয়েছেন, সরকারি সম্পত্তিও নষ্ট হয়েছে। যদিও লালকেল্লা-কাণ্ডের দায় নিতে অস্বীকার করেছেন প্রতিবাদকারী কৃষকেরা। কৃষকদের অভিযোগ, রাজধানীতে অশান্তি ছড়ানো থেকে শুরু করে লালকেল্লায় ধুন্ধুমারের নেপথ্যে রয়েছে 'সরকারের ষড়যন্ত্র'। অভিযোগের আঙুল ওঠে বি জে পি সাংসদ সানি দেওলের ঘনিষ্ঠ পঞ্জাবি অভিনেতা দীপ সিধু এবং কিসান মজদুর সংঘর্ষ কমিটির দিকে।

বি জে পি-র শীর্ষস্থানীয় নেতাদের সঙ্গে যোগাযোগ রাখা সিধু ২৫ সেপ্টেম্বর দিল্লি-হরিয়ানা সীমানার সিঙ্ঘুতে কৃষকদের বিক্ষোভে সামিল হন। সেই সময়ই তাঁর যোগাযোগের পরিধির কথা জানা থাকায় আন্দোলনে সামিল হওয়া নিয়ে আপত্তি তুলেছিল বেশ কিছু কৃষক ইউনিয়ন। কৃষক নেতাদের অভিযোগ, দীপ সিধুই ট্রাক্টর মিছিলকে বিপথে চালিত করেছেন। এই অভিনেতার বিরুদ্ধে এফ আই আর দায়ের করেছে পুলিশও। কৃষক নেতা বলবীর সিংহ রাজেওয়াল জানান, 'মিছিল সরকারি ষড়যন্ত্রের শিকার। ৯৯.৯ শতাংশ কৃষক শান্তিপূর্ণ ছিলেন। তা সত্ত্বেও কিছু ঘটনা ঘটেছে।'

এই পরিস্থিতিতে কৃষকদের সংসদ অভিযান স্থগিত রাখা হয়েছে। প্রশাসন সূত্রে জানা গিয়েছে, গোটা ঘটনায় ২৫টি ফৌজদারি মামলা দায়ের করা হয়েছে। গ্রেপ্তার হয়েছেন ১৯ জন। আটক করা হয়েছে ৫০ জনকে। ধৃতদের বিরুদ্ধে বেআইনি জমায়েত, সরকারি কর্মচারীকে কাজে বাধা ও প্রাণে মারার চেষ্টা, ডাকাতি, অস্ত্র নিয়ে জমায়েত হওয়ার অভিযোগ আনা হয়েছে।

পদ্ম পুরস্কার ২০২১

প্রজাতন্ত্র দিবসের প্রাক্কালে, ২৫ জানুয়ারি রীতিমাফিক ঘোষিত হল এ বছরের পদ্ম-পুরস্কার প্রাপকদের নাম। স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে, এ বছর ১১৯ জনকে এই সম্মান প্রদান করা হয়েছে। এর মধ্যে ৭ জন পদ্মবিভূষণ, ১০ জন পদ্মভূষণ এবং ১০২ জন পদ্মশ্রী সম্মান পেয়েছেন। পশ্চিমবঙ্গের ৭ জন এ বছর পদ্ম-পুরস্কার পেয়েছেন।

আরও উল্লেখ্য, এ বছর ● ১৬ জনকে মরণোত্তর সম্মান প্রদান করা হয়েছে, ● প্রবাসী-বিদেশি-ভারতীয় বংশোদ্ভূত মিলিয়ে ১০ জন এই সম্মান পেলেন, ● পুরস্কার প্রাপকদের মধ্যে ২৯ জন মহিলা, ● এক জন রূপান্তরকামীকে পদ্ম-সম্মানে ভূষিত করা হল।

পদ্মবিভূষণ প্রাপক— ● জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবে, ● বিশিষ্ট সংগীতশিল্পী এস পি বালসুব্রহ্মণ্যম (মরণোত্তর), ● মণিপাল বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস চ্যান্সেলর এবং টি এ জি-ভি এইচ এস ডায়াবিটিস রিসার্চ সেন্টারের কো-চেয়ারম্যান বেল্লে মোনাপ্পা হেগড়ে, ● ইন্দো-আমেরিকান পদার্থবিদ 'ফাদার অব ফাইবার অপটিক্স' নামে পরিচিত নরিন্দর সিংহ কাপানি, ● মুসলিম মওলানা ওয়াহিদুদ্দিন খান, ● বিশিষ্ট পুরাতত্ত্ববিদ বি বি লাল, ● ভাস্কর সুদর্শন সাহু।

পদ্মভূষণ প্রাপক (আংশিক তালিকা)— ● বিশিষ্ট কর্ণাটকী সংগীতশিল্পী কে এস চিত্রা, ● অসমের প্রাক্তন মুখ্যমন্ত্রী তরুণ গগৈ, ● কন্নড় ভাষার প্রখ্যাত কবি-নাট্যকার-চিত্রপরিচালক চন্দ্রশেখর কাম্বের, ● লোকসভার প্রাক্তন স্পিকার সুমিত্রা মহাজন, ● প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রাক্তন মুখ্যসচিব নৃপেন্দ্র মিশ্র, ● প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী এল জে পি সুপ্রিমো রামবিলাস পাসোয়ান (মরণোত্তর), ● গুজরাতের প্রাক্তন মুখ্যমন্ত্রী কেশুভাই পটেল (মরণোত্তর), ● শিক্ষাবিদ, সমাজ সংস্কারক কালবে সাদিক, ● শিল্পপতি রজনীকান্ত শ্রফ, ● ন্যাশনাল কমিশন ফর মাইনরিটিজের প্রাক্তন চেয়ারম্যান তারলোচন সিংহ।

পদ্মশ্রী প্রাপক (আংশিক তালিকা)— ● নাট্যব্যক্তিত্ব পিটার ব্রুক (মার্কিন যুক্তরাষ্ট্র), ● সংগীতশিল্পী সুব্বু আরুমুগম, ● সমাজসেবী চুটনি দেবী, ● শিল্পপতি রজনী বেক্টর, ● কবি প্রকাশরাও আসাওয়াড়ি, ● মধুবনী পেইন্টিং শিল্পী দুলারী দেবী, ● ভোজপুরী নৃত্যশিল্পী রামচন্দ্র মানজি, ● সমাজকর্মী শ্যামসুন্দর পালিয়াল।

পশ্চিমবঙ্গ থেকে এ বছর পদ্ম-পুরস্কার পেয়েছেন ৭ জন। সকলেই পেয়েছেন পদ্মশ্রী পুরস্কার।

পশ্চিমবঙ্গের পদ্মশ্রী পুরস্কার প্রাপক— ● 'বাঁটুল দি গ্রেট', 'হাঁদা

ভোঁদা’ ও ‘নন্টে ফন্টে’ কমিকস সিরিজের স্রষ্টা শিল্পী নারায়ণ দেবনাথ, ● কামতাপুরী ভাষার গবেষক ধর্মনারায়ণ বর্মা, ● বর্ধমানের আউশগ্রামের ‘সদাই ফকিরের পাঠশালার’ মাস্টারমশাই সুজিত চট্টোপাধ্যায় (এই পাঠশালায় পড়ুয়ার সংখ্যা সাড়ে তিনশো, শিক্ষকদের মাইনে বার্ষিক দু’টাকা), ● তাঁতশিল্পী ও ব্যবসায়ী বীরেনকুমার বসাক ● মালদহের গাজলের ‘গুরুমা’ কমলি সোরেন, ● কমনওয়েলথ গেমসে পদকজয়ী অর্জুন পুরস্কার প্রাপক টেবল টেনিস তারকা মৌমা দাস, ● শিক্ষাবিদ জগদীশচন্দ্র হালদার।

সাত রাজ্যে বার্ড ফ্লু

উত্তরপ্রদেশ-সহ সাত রাজ্যে বার্ড ফ্লু ছড়ানোর কথা ঘোষণা করল কেন্দ্রীয় সরকার। ৬ জানুয়ারি এক দিনে বারোশোর বেশি পাখির মৃত্যুতে রাজ্যগুলিকে সতর্ক করেছিল কেন্দ্র। ১০ জানুয়ারি বার্ড ফ্লু-র সংক্রমণের কথা বিবৃতি দিয়ে জানাল। উত্তরপ্রদেশ ছাড়াও আক্রান্ত রাজ্যের তালিকায় রয়েছে হরিয়ানা, হিমাচল প্রদেশ, গুজরাত, রাজস্থান, মধ্যপ্রদেশ ও কেরল।

করোনা পরিস্থিতিতে নতুন করে বার্ড ফ্লু ছড়ানোর খবরে দেশ জুড়ে আতঙ্ক বাড়ল। বার্ড ফ্লুয়ে আক্রান্ত রাজ্যের তালিকায় উত্তরপ্রদেশের নাম ওঠার পর কানপুর চিড়িয়াখানা সাময়িক ভাবে বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়। গত পাঁচ দিনে এই চিড়িয়াখানায় চারটি মোরগ ও দু’টি টিয়ার মৃত্যু হয়েছিল। নমুনা পরীক্ষায় দু’টি ক্ষেত্রে সংক্রমণ ধরা পড়ে।

গুজরাতের সুরাত ও রাজস্থানের সিরোহীতে মৃত পাখির নমুনায় সংক্রমণ ধরা পড়েছে। মধ্যপ্রদেশের ঝাবুয়া জেলায় একটি মাঠে পাঁচটি ময়ূরকে মৃত অবস্থায় পড়ে থাকতে দেখেও গ্রামবাসীদের মধ্যে আতঙ্ক ছড়ায়। প্রশাসন সূত্রে খবর, ওই রাজ্যের ১৩টি জেলায় বার্ড ফ্লু সংক্রমণ ঘটেছে।

অন্য দিকে, ঘোষিত সাত রাজ্যের বাইরেও পাখি-মৃত্যুর খবর পাওয়া যাচ্ছে। মহারাষ্ট্রের একটি পোলট্রিতে ৯০০ মুরগির মৃত্যুর খবর পাওয়া যায়। দিল্লি ও ছত্তীশগড়ের বিভিন্ন জায়গা থেকেও একাধিক পাখি-মৃত্যুর খবর পাওয়া যায়।

ইতিমধ্যেই দিল্লির মুখ্যমন্ত্রী রাজধানীতে জ্যান্ত পাখি আমদানির উপর নিষেধাজ্ঞা জারি করেছেন। বন্ধ করা হয়েছে গাজিপুরের পোলট্রি বাজার। অসম সরকারও রাজ্যের বিভিন্ন অংশে বাইরে থেকে হাঁস-মুরগি ঢোকা বন্ধ করে দিয়েছে। দেশের অন্য রাজ্যগুলিতেও বার্ড ফ্লু ছড়ানো আটকাতে উদ্যোগী হয়েছে কেন্দ্র। কেন্দ্রীয় পশুপালন ও দুগ্ধজাত পণ্য মন্ত্রকের তরফে সব রাজ্যের মুখ্যসচিব ও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসকদের চিঠি দিয়ে জানিয়ে দেওয়া হয়েছে, পরিস্থিতির উপর তাঁরা যেন নজর রাখেন। পশু থেকে মানুষের শরীরে যাতে রোগ না ছড়ায়, সে দিকেও খেয়াল রাখতে বলা হয়েছে। তৈরি রাখতে বলা হয়েছে যথেষ্ট পি পি ই কিট। পাশাপাশি, বিষয়টি নিয়ে যাতে কোনও ভাবে গুজব না ছড়ায় সে দিকেও খেয়াল রাখতে জোর দেওয়া হয়েছে।

প্রয়াত বুটা সিংহ

প্রাক্তন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও কংগ্রেস নেতা বুটা সিংহ ২ জানুয়ারি প্রয়াত হলেন। বয়স হয়েছিল ৮৬ বছর। এদিন সকালে দিল্লির এইমসে তাঁর জীবনাবসান হয়। মস্তিষ্কে রক্তক্ষরণের সমস্যা নিয়ে গত অক্টোবরে হাসপাতালে ভর্তি হন এই প্রবীণ নেতা। তখন থেকেই কোমায় ছিলেন তিনি।

দীর্ঘ রাজনৈতিক জীবনে প্রশাসনের নানা গুরুত্বপূর্ণ পদ সামলেছেন আট বারের সাংসদ বুটা সিংহ। পরে বিহারের রাজ্যপালও হন।

১৯৩৪ সালের ২১ মার্চ পাঞ্জাবের জলন্ধরে তাঁর জন্ম। প্রথম জীবনে ছিলেন সাংবাদিক। রাজনীতিতে হাতেখড়ি শিরোমণি অকালি দলে। ১৯৬২-তে পাঞ্জাবের মোগা লোকসভা কেন্দ্র থেকে জিতে প্রথম বার সাংসদ হন। পরে কংগ্রেসে যোগ দেন এবং পাঞ্জাবের রোপার কেন্দ্র থেকে জয়ী হন। কংগ্রেসের দলিত নেতা হিসেবে পিছিয়ে পড়া এবং প্রান্তিক মানুষদের দাবিদাওয়া নিয়ে দীর্ঘদিন লড়াই করেছেন। ইন্দিরা গান্ধীর জমানায় অমৃতসরে 'অপারেশন ব্লু স্টার' অভিযানে গুরুত্বপূর্ণ ভূমিকা নেন। এক সময় অল ইন্ডিয়া কংগ্রেস কমিটি (এ আই সি সি)-র জেনারেল সেক্রেটারিও নির্বাচিত হয়েছিলেন। বিভিন্ন সময়ে রেল ('৭৪-'৭৬), বাণিজ্য ('৭৬-'৭৭), পরিবহণ ('৮০-'৮২), ক্রীড়া ('৮২-'৮৩), কৃষি এবং গ্রামোন্নয়ন ('৮৪-'৮৫)-সহ কংগ্রেস সরকারের নানা মন্ত্রকে গুরুত্বপূর্ণ দায়িত্ব সামলেছেন বুটা সিংহ। রাজীব গান্ধী প্রধানমন্ত্রী থাকাকালীন ১৯৮৬ সালে তিনি দেশের স্বরাষ্ট্রমন্ত্রী হন। ২০০৪ থেকে ২০০৬ পর্যন্ত ছিলেন বিহারের গভর্নর পদে।

বুটা সিংহের মৃত্যুতে শোক প্রকাশ করেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, উপরাষ্ট্রপতি বেঙ্কাইয়া নাইডু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিংহ, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, কংগ্রেস নেতা রাহুল গান্ধী প্রমুখ।

অ র্থ নী তি

৫০ হাজারের ঘরে পা সেনসেক্সের

৪২ বছরের ইতিহাসে এই প্রথম, ২১ জানুয়ারি সেনসেক্স ৫০ হাজারের মাইলফলক ছুঁল।

২১ জানুয়ারি, দিনের একটা সময় শেয়ার সূচক পৌঁছে যায় ৫০,১৮৪ অঙ্কে। তবে সেখানে দাঁড়ায়নি। লগ্নিকারীদের শেয়ার বিক্রির ফলে শেষ বেলায় সেনসেক্স নামে ৪৯ হাজারের ঘরে। দিনের শেষে থামে ৪৯,৬২৪.৭৬ অঙ্কে।

বিশেষজ্ঞদের দাবি, আগে এত চটজলদি উঠতে দেখা যায়নি সেনসেক্সকে। অথচ করোনা-কালে ঘটছে ঠিক উলটো। পরিসংখ্যান বলছে, প্রথম ১০ হাজার ছুঁতে সময় লেগেছিল প্রায় ১৭ বছর, সেখানে শেষের ১০ হাজার অর্থাৎ ৪০ হাজার (প্রথম বার যখন সেখানে উঠেছিল) থেকে ৫০ হাজারে পৌঁছতে লাগল মাত্র ১ বছর ৮ মাস। শুধু তা-ই নয়, লকডাউন চালুর পর মার্চে তলিয়ে গিয়ে ২৫ হাজার হয়েছিল সেনসেক্স। সেখান থেকে বর্তমান অঙ্কে শেয়ার সূচকের উত্থান ঘটেছে মাত্র ১০ মাসের একটু কম সময়ে।

বিশ্ব জোড়া অতিমারি, চলতি অর্থবর্ষে জি ডি পি সংকুচিত হওয়ার পূর্বাভাস, বাজারে চাহিদার অভাব, শিল্পে উৎপাদনে ক্রমাগত হ্রাস, ব্যাঙ্কে অনুৎপাদক সম্পদ আরও বাড়ার আশঙ্কা সত্ত্বেও এই উত্থান দেখে বিশেষজ্ঞদের অনেকেই বলছেন, অর্থনীতির এতটা উন্নতি হয়নি যে বাজার ৫০ হাজার ছুঁতে পারে। অন্য অংশের অবশ্য দাবি, অর্থনীতিতে দ্রুত উন্নতির লক্ষণ দেখা যাচ্ছে, যা আঁচ করে ভারতের শেয়ার বাজারে নাগাড়ে পুঁজি ঢালছে বিদেশি আর্থিক লগ্নিকারী সংস্থাগুলি। গত বছর তারা ১.৬৩ লক্ষ কোটি টাকা বিনিয়োগ করেছে। নতুন বছরেও সেই একই প্রবণতা অব্যাহত।

এক নজরে মাইলস্টোন

- **১ হাজার:** ২৫.৭.১৯৯০
- **৫ হাজার:** ১১.১০.১৯৯৯
- **১০ হাজার:** ৭.২.২০০৬
- **২০ হাজার:** ২৯.১০.২০০৭
- **৩০ হাজার:** ৪.৩.২০১৫
- **৪০ হাজার:** ২৩.৫ ২০১৯
- **৫০ হাজার:** ২১.১.২০২১

রপ্তানিতে ধাক্কা, সর্বোচ্চ বাণিজ্য ঘাটতি

করোনার প্রতিষেধকের হাত ধরে আর্থিক কর্মকাণ্ড পুরোদমে চালু হওয়া এবং তার জেরে নতুন বছরে বাণিজ্যে গতির আসার আশায় কোমর বাঁধছে শিল্প। তারই মধ্যে ডিসেম্বরে ফের কমল ভারতের রপ্তানি। প্রমাণিত হল, অতিমারির ধাক্কা এখনও চাহিদায় প্রভাব ফেলছে।

২ জানুয়ারি কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রকের প্রকাশিত পরিসংখ্যান অনুসারে, ডিসেম্বরে রপ্তানি ০.৮ শতাংশ কমে হয়েছে ২,৬৮৯ কোটি ডলার। এ নিয়ে টানা তিন মাস কমল রপ্তানির হার। তবে, ২০২০ সালের শেষ মাসে আমদানি বেড়েছে ৭.৬ শতাংশ। হয়েছে ৪,২৬০ কোটি। ফেব্রুয়ারির পরে এই প্রথম তা বৃদ্ধির মুখ দেখল। এর জেরে এই সময়ে বাণিজ্য ঘাটতি ছুঁয়েছে ১,৫৭১ কোটি, যা জুলাইয়ের পরে সর্বাধিক। রপ্তানি সংস্থাগুলির সংগঠন (ফেডারেশন অব ইন্ডিয়ান এক্সপোর্ট অর্গানাইজেশন ওরফে ফিয়ো)-এর প্রেসিডেন্ট শরদ কুমার সরাফের মতে, রপ্তানিকে স্থায়ী ভাবে বৃদ্ধির গণ্ডিতে ফেরাতে সরকারকে আরও বেশি করে উদ্যোগী হতে হবে। তিনি বলেন, গত কয়েক মাসে কন্টেনারের অভাব এবং তার জেরে পণ্য সরবরাহের খরচ বাড়ায় সমস্যায় পড়ছে রপ্তানিকারীরা। তা দ্রুত মেটানো জরুরি।

এক নজরে

- পেট্রোপণ্য, দামি পাথর ও গয়না বাদে রপ্তানি বেড়েছে ৫.১৭ শতাংশ।
- ওই পণ্যগুলি বাদে আমদানিও বেড়েছে ৮.৪২ শতাংশ।
- গত মাসে তেল আমদানি কমেছে ১০.৩৭ শতাংশ।
- এ নিয়ে টানা তিন মাস কমল রপ্তানি।
- তবে নভেম্বরের ৮.৭৪ শতাংশের চেয়ে রপ্তানি কমার হার অনেকটা কম।
- গত ফেব্রুয়ারির ২.৪৮ শতাংশের পরে এই প্রথম বেড়েছে আমদানিও।

শিল্পে ফের সঙ্কোচন

নভেম্বরে খুচরো বাজারে মূল্যবৃদ্ধির হার ছিল ৬.৯৩ শতাংশ। হঠাৎই তা ডিসেম্বরে আগের বছরের তুলনায় নেমেছে ৪.৫৯ শতাংশে, যা গত ১৫ মাসে সব থেকে কম। চলতি অর্থবর্ষে এই প্রথম এই হার নামল ৬ শতাংশের নীচে।

১২ জানুয়ারি কেন্দ্রীয় পরিসংখ্যান মন্ত্রক এই হিসেব দিয়ে মূল্যবৃদ্ধিতে লাগাম পরানো গিয়েছে বলে দাবি করতেই ফের জোরালো হয় সুদ ছাঁটাইয়ের আর্জি। কেন না, এদিনই অর্থনীতি নিয়ে উদ্বেগ আরও বাড়িয়ে আর-এক সরকারি পরিসংখ্যানেই স্পষ্ট হয়েছে, শিল্পের অসুখ এখনও গভীর। কারণ, দু'মাস বৃদ্ধির পর নভেম্বরে শিল্পোৎপাদন ফের আগের বছরের একই সময়ের তুলনায় ১.৯ শতাংশ কমেছে। জোর ধাক্কা খেয়েছে কল-কারখানায় (ম্যানুফ্যাকচারিং) উৎপাদন, মূলধনী পণ্য, এমনকী ভোগ্যপণ্যের উৎপাদনও।

উল্লেখ্য, সেপ্টেম্বরে শিল্প বৃদ্ধির হার ছিল ০.৫ শতাংশ, অক্টোবরে ৪.৯ শতাংশ (সংশোধিত)। এর পরে আশা জেগেছিল, এবার হয়তো ধীরে ধীরে ফিরবে অর্থনীতির হাল। কারণ, চাহিদা মাথা তুললে তবেই বাড়ে উৎপাদন। কিন্তু তাতে জল ঢালল নভেম্বরের সঙ্কোচন। বৃদ্ধির হার ধরে রাখা গেল না।

বৃদ্ধির হার ধরে রাখা যাবে কি না তা নিয়ে আগেই সংশয় প্রকাশ করেছিলেন অর্থনীতিবিদদের একাংশ। নভেম্বরে কল-কারখানায় উৎপাদন কমেছে ১.৭ শতাংশ। দেশে আর্থিক কর্মকাণ্ড ও কর্মসংস্থান বাড়াতে এই ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধিকে সব থেকে জরুরি বলে মনে করা হয়। সেপ্টেম্বর, অক্টোবরে তা বেড়েছিল। দেশে লগ্নি ঢোকার অন্যতম মাপকাঠি মূলধনী পণ্য বা যন্ত্রপাতির উৎপাদনও কমেছে ৭.১ শতাংশ। খনন সঙ্কুচিত ৭.৩ শতাংশ।

হার কমল পাইকারি মূল্যবৃদ্ধির

খাদ্যপণ্যের দাম কমার ফলে ডিসেম্বরে খুচরো বাজারের মূল্যবৃদ্ধির হার নেমেছে ৪.৫৯ শতাংশে। একই কারণে এ বার কমল পাইকারি মূল্যবৃদ্ধিও।

১৪ জানুয়ারি কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য উন্নয়ন দপ্তর (ডি পি আই আই টি) জানিয়েছে, গত মাসে পাইকারি মূল্যবৃদ্ধির হার ছিল ১.২২ শতাংশ। নভেম্বরে ছিল ১.৫৫ শতাংশ। আর, এক বছর আগে ২.৭৬ শতাংশ। তবে আশঙ্কা এখনই যাচ্ছে না। খাদ্যপণ্যের দাম কমা সাধারণ মানুষের কাছে স্বস্তির বার্তা। কিন্তু একই সময়ে মাথা তুলতে তুলতে অতীতের সমস্ত রেকর্ডকে ছাপিয়ে গিয়েছে পেট্রল-ডিজেলের দাম। তাতে বাঁধ দেওয়া না গেলে শাক-আনাজের পরিবহণ খরচ বেড়ে যাবে। তার জেরে সামগ্রিক ভাবে দাম ফের বেড়ে যাবার সম্ভাবনা। এই অবস্থায় সেই কেন্দ্রীয় সরকারের দিকেই তাকিয়ে রয়েছে সমস্ত মহল।

এ দিন প্রকাশিত রিপোর্টে জানানো হয়েছে, গত মাসে পাইকারি বাজারে আনাজের দাম সরাসরি ১৩.২ শতাংশ কমেছে। আগের মাসে ১২.২৪ শতাংশ বেড়েছিল।

পূর্বাভাসেও বেহাল দশা অর্থনীতির

কোভিড ছোবল বসিয়েছে ঠিকই। কিন্তু অতিমারির আক্রমণের আগে থেকেই যে অর্থনীতির দশা বেহাল হয়ে পড়েছিল, ফের তার 'প্রমাণ' দিল সরকারি পরিসংখ্যান। ২৮ জানুয়ারি কেন্দ্রীয় সরকারের প্রকাশিত তথ্য অনুযায়ী, কোভিড আর লকডাউনের জোড়া ধাক্কার আগেই ২০১৯-২০ সালে দেশের অর্থনীতিতে বৃদ্ধির হার নেমে এসেছিল মাত্র ৪ শতাংশে।

আগামী দিনের জন্যও কেন্দ্রের দুশ্চিন্তা বাড়িয়ে এদিন আর্থিক সমীক্ষায় পূর্বাভাস, চলতি অর্থবর্ষে জি ডি পি সঙ্কুচিত হবে ৭.৭ শতাংশ। যদিও এতখানি কমে যাওয়া জি ডি পি-র ভিত্তিতে পরের বছরে (২০২১-২২) বৃদ্ধি পৌঁছবে ১১ শতাংশে। মূল্যবৃদ্ধি-সহ বৃদ্ধির হার ১৫.৪ শতাংশ।

বাস্তব অবস্থা যে ঠিক কী, তা দু'টি হিসাবেই স্পষ্ট—প্রথমত, চলতি অর্থবর্ষে ৭.৭ শতাংশ সঙ্কোচনের দরুন জি ডি পি ১৩৪.৪ লক্ষ কোটি টাকায় নেমে যাবে। সমীক্ষার পূর্বাভাস মিলিয়ে আগামী বছরে তা ১১ শতাংশ বেড়ে সত্যিই ১৪৫.৭ লক্ষ কোটি টাকায় পৌঁছলেও, কোভিডের আগের (২০১৯-২০) জি ডি পি-র তুলনায় তা হবে মাত্র ২.৪ শতাংশ বেশি। অর্থাৎ, ১১ শতাংশের দৌলতে দ্রুততম বৃদ্ধির দেশের তকমা ফেরত পাওয়ার আশা বস্তুত নেই। দ্বিতীয়ত, সমীক্ষাই বলছে, প্রাক-কোভিড দশায় ফিরতেই অর্থনীতির দু'বছর লাগবে। সে ক্ষেত্রে ২০২৪-এর লোকসভা ভোটের আগেও অর্থনীতির ছবি তেমন উজ্জ্বল হবে না। সমীক্ষা অনুযায়ী, চলতি অর্থবর্ষে সঙ্কোচন আরও বেশি হত, যদি না কিছুটা মুখ বাঁচাত কৃষি। চলতি বছরে একমাত্র সেখানেই ৩.৪ শতাংশ বৃদ্ধির পূর্বাভাস দেওয়া হয়েছে। শিল্প এবং পরিষেবায় সঙ্কোচনের হার সমগ্র অর্থনীতির থেকেও অনেক বেশি।

সংসদে সমীক্ষা পেশের পরে মুখ্য আর্থিক উপদেষ্টা কৃষ্ণমূর্তি সুব্রহ্মণ্যম সওয়াল করেছেন, কড়া লকডাউন জরুরি ছিল। তার জন্যই করোনা আক্রান্তের সংখ্যা, মৃত্যুর হার কম রাখা গিয়েছে। দাবি, সেই কারণেই অর্থনীতি দ্রুত ঘুরে দাঁড়াতে পারছে। অথচ দেশের অর্থনীতিতে আগেই ঝিমুনির লক্ষণ স্পষ্ট। ২০১৯-২০ সালে বৃদ্ধি ৪.২ শতাংশে নেমেছে বলে জাতীয় পরিসংখ্যান দপ্তর এর আগে জানিয়েছিল। এদিন হিসেব শুধরে তা আরও নামিয়ে করা হয়েছে ৪ শতাংশ। আন্তর্জাতিক অর্থ ভাণ্ডারের মুখ্য অর্থনীতিবিদ গীতা গোপীনাথ বলেছেন, ভারতের অর্থনীতির প্রাক-কোভিড অবস্থায় পৌঁছতে ২০২৫ সাল পেরিয়ে যাবে। সমীক্ষায় কার্যত তারই প্রতিফলন।

প শ্চি ম ব ঙ্গ

রাজ্যে শুরু টিকা অভিযান

রাজ্যে শুরু হল করোনার প্রতিষেধক কোভিশিল্ড দেওয়ার কাজ। দেশের বিভিন্ন রাজ্যের প্রেক্ষিতে পশ্চিমবঙ্গে প্রতিষেধক নেওয়ার হার অনেকটাই বেশি।

১৬ জানুয়ারি, প্রথম দিন রাজ্যে ২০৭টি কেন্দ্রে (কেন্দ্র পিছু ১০০ জন) প্রতিষেধকের প্রথম ডোজ দেওয়ার জন্য চিকিৎসক, নার্স, আশাকর্মী, এ এন এম-সহ সর্ব স্তরের স্বাস্থ্যকর্মী মিলিয়ে মোট ২০,৭০০ জনের নামের তালিকা তৈরি করা হয়। স্বাস্থ্য দপ্তর থেকে পাওয়া খবর অনুযায়ী, ১৫,৭০৭ জন (৭৫.৯ শতাংশ) প্রতিষেধক নিয়েছেন।

কলকাতায় প্রতিষেধক নেওয়ার হার ৯২ শতাংশ, ঝাড়গ্রাম-সহ বিভিন্ন জেলার কিছু কেন্দ্রে ১০০ শতাংশ। সংশ্লিষ্ট দপ্তরের তরফে জানানো হয়েছে, সপ্তাহে সোম, মঙ্গল, শুক্র ও শনিবার— এই চার দিন প্রতিটি কেন্দ্রে প্রতিষেধক দেওয়া হবে।

এদিন উত্তরবঙ্গের ৪৪টি কেন্দ্রে প্রতিষেধক দেওয়া হয়। বিকেলের আগেই কোচবিহার মেডিক্যাল কলেজ, দার্জিলিং জেলা হাসপাতাল, শিলিগুড়ি জেলা হাসপাতাল, রায়গঞ্জ মেডিক্যাল, ইটাহার গ্রামীণ হাসপাতালে ১০০ জনের লক্ষ্যমাত্রা পূরণ হয়। উত্তরবঙ্গ মেডিক্যালে ৯৮ জন প্রতিষেধক নিয়েছেন। তবে জলপাইগুড়ি, মালদহের মতো অনেক জেলায় স্বাস্থ্যকর্মীদের উপস্থিতি ছিল অনেকটাই কম। আবার বীরভূমে লক্ষ্যমাত্রা ছাপিয়ে যাওয়ার নজিরও রয়েছে। ইলামবাজার ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ১১২ জন ও বোলপুর মহকুমা হাসপাতালে ১২১ জন টিকা নেন।

গ্রেপ্তার কে ডি সিংহ

নিজের বেআইনি অর্থলগ্নি সংস্থা মারফত সাধারণ মানুষের টাকা নয়ছয়ের অভিযোগে তৃণমূল কংগ্রেসের প্রাক্তন রাজ্যসভা সাংসদ কঁওয়র দীপ সিংহকে ১৩ জানুয়ারি গ্রেপ্তার করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ই ডি)। ২০১৪ থেকে ২০২০ সাল পর্যন্ত তৃণমূলের রাজ্যসভা সাংসদ ছিলেন অ্যালকেমিস্ট গোষ্ঠীর কর্ণধার কে ডি সিংহ। বিত্তশালী তো বটেই, রাজনীতির আঙিনাতেও প্রভাবশালী ছিলেন কে ডি সিংহ। বেআইনি অর্থলগ্নি সংস্থা সারদা, রোজভ্যালির মতো কে ডি-র অ্যালকেমিস্ট গোষ্ঠীর একাধিক সংস্থাও কড়া সুদের লোভ দেখিয়ে সাধারণ মানুষের কাছ থেকে টাকা তুলে তা নয়ছয় করেছে বলে অভিযোগ। এ বিষয়ে কে ডি-কে জিজ্ঞাসাবাদ করা হয়। কিন্তু বেশ কিছু লেনদেনের ব্যাখ্যা মেলেনি। এর পরই এদিন সকাল সাড়ে আটটা নাগাদ গ্রেপ্তার করা হয় তাঁকে। দুপুরে নয়াদিল্লির রাউজ অ্যাভিনিউ কোর্টে কে ডি-কে পেশ করার পরে বিশেষ আদালতের বিচারক অনুরাধা ভরদ্বাজ তাঁকে ১৪ দিনের জন্য ই ডি-হেফাজতে রাখার নির্দেশ দেন।

২০১৮ সালে সুপ্রিম কোর্ট যখন সি বি আইকে যাবতীয় বেআইনি অর্থলগ্নি সংস্থা নিয়ে তদন্তের নির্দেশ দেয়, তখনই সারদা, রোজভ্যালির সঙ্গে উঠে এসেছিল অ্যালকেমিস্ট গ্রুপের নাম। জানা গিয়েছে, কলকাতা পুলিশের কাছে প্রতারণা ও অপরাধমূলক ষড়যন্ত্রের অভিযোগে দায়ের হওয়া এফ আই আরের ভিত্তিতে ২০১৮ সালে আর্থিক নয়ছয় প্রতিরোধ মামলায় তদন্ত শুরু করে ই ডি। কে ডি, তাঁর ছেলে করণ দীপ, অ্যালকেমিস্ট টাউনশিপ ইন্ডিয়া, অ্যালকেমিস্ট হোল্ডিংস এবং ওই গোষ্ঠীর আরও বিভিন্ন সংস্থার বিরুদ্ধে অভিযোগ, চড়া সুদের লোভ দেখিয়ে হাজার-হাজার মানুষের কাছ থেকে লগ্নি সংগ্রহের। জমির প্লট, ফ্ল্যাট বুকিংয়ের নামেও টাকা তোলা হয়েছিল। কিন্তু সেই অর্থ ঘুরপথে পৌঁছেছে অ্যালকেমিস্টের বিভিন্ন সংস্থার সিন্দুকে। অভিযোগ, এ ভাবে সাধারণ মানুষকে ঠকিয়ে ২০১৫ সালের আগে পর্যন্ত প্রায় ১,৯১৬ কোটি টাকা তুলেছিল অ্যালকেমিস্টের বিভিন্ন সংস্থা। এর মধ্যে কয়েকশো কোটি টাকা কে ডি হাওয়ালা মারফত বিদেশে পাঠিয়েছেন বলেও তদন্তকারীদের দাবি। এ ছাড়া শেয়ার বাজার নিয়ন্ত্রক সেবি-র অভিযোগের ভিত্তিতে কে ডি-র আর-এক সংস্থা অ্যালকেমিস্ট ইনফ্রা রিয়েলটির বিরুদ্ধেও একটি মামলার তদন্ত করছে ই ডি। ওই তদন্তে নেমে ই ডি ২০১৯ সালের জানুয়ারিতে পাঞ্জাব, হরিয়ানা, হিমাচলে সম্পত্তি, রিসর্ট ও ব্যাঙ্ক অ্যাকাউন্টের টাকা মিলিয়ে কে ডি-র প্রায় ২৩৯ কোটি টাকার সম্পদ বাজেয়াপ্ত করে।

এক নজরে কে ডি

- পঞ্জাবের ফতেগড় সাহিবে ১৯৬১ সালে জন্ম।
- টুব্রো ইন্ড্রস্টিজ নামে সংস্থা গড়ে ১৯৮৮ সালে ব্যবসা শুরু।
- নাম বদলে ২০০৪ সালে সংস্থার নাম হয় অ্যালকেমিস্ট।
- অভিযোগ, বিভিন্ন ক্ষেত্রে ব্যবসা ছড়ানো থাকলেও আদতে বেআইনি অর্থ লগ্নির কারবার। লক্ষ লক্ষ আমানতকারীর থেকে মোটা অঙ্ক ফেরতের নামে টাকা তোলা হয়।
- ২০১০ সালে ঝাড়খণ্ড মুক্তি মোর্চার রাজ্যসভার সদস্য।
- ২০১৪ সালে তৃণমূল কংগ্রেসের হয়ে রাজ্যসভার সাংসদ।
- ২০১৪ লোকসভা ভোটের আগে নারদ গোপন ক্যামেরা অভিযানের খরচও তিনি জুগিয়েছিলেন বলে দাবি সি বি আইয়ের।

অস্ট্রেলিয়ায় ঐতিহাসিক টেস্ট-সিরিজ জয় ভারতের

একেবারে আনকোরা দল নিয়ে শক্তিশালী অস্ট্রেলিয়াকে টেস্ট-সিরিজে হারিয়ে ইতিহাস গড়ল অজিঙ্ক রাহানের নেতৃত্বাধীন ভারত। ভারতের সর্বসেরা টেস্ট জয়গুলির মধ্যে ঢুকে গেল বর্ডার-গাভাসকর ২০২০-২০২১ সিরিজ। ১৯ জানুয়ারি চার টেস্টের সিরিজ ২-১ ফলাফলে জিতে ট্রফি নিজেদের দখলেই রেখে দিল ভারত।

নানা নাটকীয় ঘটনায় ভরা থাকল এই সিরিজ। প্রথম টেস্টে ৩৬ রানে অল আউট হয়ে লজ্জাজনক আত্মসমর্পণ, বিরাট কোহলির দেশে ফিরে আসা, চোট-আঘাতে জর্জরিত রবিচন্দ্রন অশ্বিন-রবীন্দ্র জাদেজা-যশপ্রীত বুমরাহ-মহম্মদ সামি-উমেশ যাদবরা বাদ যাওয়ার পরও চূড়ান্ত প্রতিকূল পরিস্থিতিতে অভিষেক শর্মা, শুবমান গিল, মহম্মদ সিরাজ, ওয়াশিংটন সুন্দর, নভদীপ সাইনি, শার্দূল ঠাকুরদের অস্ট্রেলিয়ার মাটিতে দাঁড়িয়ে লড়াই এবং জয়ী হওয়া তাই ভারতীয় ক্রিকেটের ইতিহাসে জায়গা করে নিল। এই নিয়ে পর পর দু'বার অস্ট্রেলিয়ার মাটি থেকে সিরিজ জয় করে ফিরল ভারত। কোচ রবি শাস্ত্রীর প্রতিক্রিয়া, 'ছেলেরা যা করে দেখাল, অবিশ্বাস্য!' দায়িত্বপ্রাপ্ত অধিনায়ক অজিঙ্ক রাহানে জানিয়েছেন, 'দেশকে নেতৃত্ব দেওয়া আমার কাছে বিরাট সম্মানের। অধিনায়ক হিসেবে আমাকে দেখতে ভালো লাগছে, কারণ আমার টিমের প্রত্যেকে এই সাফল্যে অবদান রেখেছে। মাঠে আমরা প্রত্যেকে নিজেদের লড়াকু চরিত্র দেখাতে পেরেছি।' বি সি সি আই এই টিমের জন্য ৫ কোটি টাকার বোনাস পুরস্কার মূল্য ঘোষণা করেছে।

এক নজরে ফলাফল

● **প্রথম ম্যাচ (অ্যাডিলেড):** ভারত ২৪৪ ও ৩৬। অস্ট্রেলিয়া ১৯১ ও ৯৩/২। **খেলার ফল:** ৮ উইকেটে অস্ট্রেলিয়ার জয়। **ম্যাচের সেরা:** টিম পেইন (অপরাজিত ৭৩ রান)।

● **দ্বিতীয় ম্যাচ (মেলবোর্ন):** অস্ট্রেলিয়া ১৯৫ ও ২০০। ভারত ৩২৬ ও ৭০/২। **খেলার ফল:** ৮ উইকেটে ভারতের জয়। **ম্যাচের সেরা:** অজিঙ্ক রাহানে (১১২ রান)।

● **তৃতীয় ম্যাচ (সিডনি):** অস্ট্রেলিয়া ৩৩৮ ও ৩১২/৬ (ডিক্লেয়ার্ড)। ভারত ২৪৪ ও ৩৩৪/৫। **খেলার ফল:** ড্র। **ম্যাচের সেরা:** স্টিভ স্মিথ (প্রথম ইনিংসে ১৩১, দ্বিতীয় ইনিংসে ৮১)।

● **চতুর্থ ম্যাচ (ব্রিসবেন):** অস্ট্রেলিয়া ৩৬৯ ও ২৯৪। ভারত ৩৩৬ ও ৩২৯/৭। **খেলার ফল:** ৩ উইকেটে ভারতের জয়। **ম্যাচের সেরা:** ঋষভ পন্থ (অপরাজিত ৮৯ রান)।

সিরিজের সেরা: প্যাট কামিন্স।

এক নজরে নজির

প্রথম ম্যাচ

● টেস্ট ইতিহাসে দলগত সর্বনিম্ন রানে অল আউট হল ভারত— ৩৬। পূর্বের সর্বনিম্ন স্কোর ছিল ইংল্যান্ডের বিরুদ্ধে লর্ডসে ৪২ (১৯৭৪)।

● ভারতীয় অধিনায়কদের মধ্যে টেস্টে অস্ট্রেলীয়দের বিরুদ্ধে সর্বোচ্চ রানের মালিক হলেন বিরাট কোহলি (৮৫১ রান)। টপকে গেলেন টাইগার পতৌদিকে (৮২৯ রান)।

● ২০১১-২০২০— শেষ দশকে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সবচেয়ে বেশি বল খেলেছেন চেতেশ্বর পূজারা (৩,৬০৯)। টপকে গেলেন ইংল্যান্ডের জো রুটকে (৩,৬০৭)।

● এই প্রথম বার কোনও টিমের ১১ জন ব্যাটসম্যান এবং অতিরিক্ত রান— কোনওটিই দু'অঙ্কের ঘরে পৌঁছতে পারল না। সর্বোচ্চ রান মায়াঙ্ক অগরওয়ালের ৯।

● দ্বিতীয় দ্রুততম (৩১ টেস্ট) বোলার হিসেবে টেস্টে ১৫০

উইকেট নিলেন প্যাট কামিন্স। এই তালিকায় তিনি যৌথ ভাবে রয়েছেন ডেনিস লিলি, শেন ওয়ার্ন এবং স্টুয়ার্ট ম্যাকগিলের সঙ্গে। ২৮ টেস্টে এই নজির গড়ে তালিকায় শীর্ষে রয়েছেন ক্ল্যারি গ্রিমেট।

● তৃতীয় দ্রুততম ভারতীয় হিসেবে ১০০০ টেস্ট রান করলেন মায়াঙ্ক অগরওয়াল। ১৯টি ইনিংসে এই নজির স্পর্শ করলেন তিনি। তালিকায় তাঁর আগে রয়েছেন বিনোদ কাম্বলি (১৪) ও চেতেশ্বর পূজারা (১৮)।

● এই নিয়ে আটটি দিন-রাতের টেস্ট ম্যাচেই জয় পেল অস্ট্রেলিয়া। পিঙ্ক বলের একটি টেস্টও হারেনি অজিরা।

দ্বিতীয় ম্যাচ

● শেষ ৫০ বছরে ভারত তৃতীয় দল, যারা অস্ট্রেলিয়ার মাটিতে প্রথম টেস্টে হেরে দ্বিতীয় টেস্টে জিতল। প্রথম দেশ ওয়েস্ট ইন্ডিজ (১৯৭৫-৭৬), দ্বিতীয় দেশ নিউজিল্যান্ড (২০১১)।

● বিশ্বের দ্রুততম উইকেটরক্ষক হিসেবে ১৫০ শিকারের মালিক হলেন টিম পেইন। কেরিয়ারের ৩৩তম ম্যাচে এই নজির গড়লেন তিনি। ভাঙলেন দক্ষিণ আফ্রিকার কুইন্টন ডি'ককের রেকর্ড (৩৪)।

● বক্সিং ডে টেস্টের ম্যাচ-সেরা খেলোয়াড়ের জন্য এই বছর থেকে চালু হওয়া জনি মুলাঘ মেডেলের প্রথম প্রাপক হলেন অজিঙ্ক রাহানে।

● অস্ট্রেলিয়ায় অভিষেককারী বোলার হিসেবে প্রথম ম্যাচে সর্বাধিক উইকেট নেওয়ার তালিকায় দ্বিতীয় স্থানে মহম্মদ সিরাজ। নিলেন ৫ উইকেট। শীর্ষে শ্রীলঙ্কার লাসিথ মালিঙ্গা। নিয়েছিলেন ৬ উইকেট।

তৃতীয় ম্যাচ

● ক্লেয়ার পোলোস্যাক প্রথম মহিলা, যিনি পুরুষদের কোনও টেস্ট ম্যাচের অফিসার হিসেবে দায়িত্ব পালন করলেন। ম্যাচের চতুর্থ আম্পায়ার ছিলেন তিনি।

● একাদশ ভারতীয় ব্যাটসম্যান হিসেবে ৬,০০০ রানের মাইলস্টোন স্পর্শ করলেন চেতেশ্বর পূজারা। বাকিরা হলেন সচিন তেন্ডুলকর, রাহুল দ্রাবিড়, সুনীল গাভাসকর, ভি ভি এস লক্ষ্মণ, বীরেন্দ্র সেহবাগ, বিরাট কোহলি, সৌরভ গঙ্গোপাধ্যায়, দিলীপ বেঙ্গসরকার ও মহম্মদ আজহারউদ্দিন।

● ১৬১ বলে ২৩ রান করে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে কোনও ম্যাচে সবচেয়ে কম স্ট্রাইক রেটওয়ালা ভারতীয় ব্যাটসম্যানের তালিকায় দ্বিতীয় স্থান অর্জন করলেন হনুমা বিহারি। তাঁর স্ট্রাইক রেট ১৪.২৮। শীর্ষে রয়েছেন যশপাল শর্মা। ১৯৮০-৮১ সিরিজে অ্যাডিলেডে ১৫৭ বলে ১৩ রান (স্ট্রাইক রেট ৮.২৮) করেছিলেন তিনি।

● ৪১ বছর পর ভারত এত লম্বা চতুর্থ ইনিংস খেলল। ১৯৭৯ সালে ওভালে ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট বাঁচাতে ভারত খেলেছিল ১৫০ ওভার। এই ম্যাচে ভারত খেলেছে ১৩২ ওভার।

চতুর্থ ম্যাচ

● ব্রিসবেনে গত ৩২ বছরে এই প্রথম পরাজিত হল অস্ট্রেলিয়া। ১৯৮৮ সালে শেষ বার জিতেছিল ভিভ রিচার্ডসের ওয়েস্ট ইন্ডিজ।

● ব্রিসবেনে সপ্তম উইকেটে ভারতের সর্বোচ্চ রানের পার্টনারশিপ গড়লেন ওয়াশিংটন সুন্দর ও শার্দূল ঠাকুর (১২৩ রান)। আগের সেরা ছিল কপিল দেব ও মনোজ প্রভাকরের ৫৮ রান।

● অস্ট্রেলিয়ার মাটিতে আট নম্বরে ব্যাট করতে নেমে ভারতীয় হিসেবে সর্বোচ্চ রান করলেন শার্দূল ঠাকুর (৬৭)।

● টেস্ট-অভিষেকে সাত নম্বরে ব্যাট করতে নেমে কোনও ভারতীয় ব্যাটসম্যানের তৃতীয় সর্বোচ্চ রান ওয়াশিংটন সুন্দরের (৬২)।

● গোটা সিরিজে ভারতের পাঁচ জনের টেস্ট-অভিষেক ঘটল। এর আগে ১৯৯৬ সালে ইংল্যান্ডের বিরুদ্ধে সিরিজে মোট ৬ জন ভারতীয় ক্রিকেটারের অভিষেক ঘটেছিল।

● ব্রিসবেনে পঞ্চম ভারতীয় বোলার হিসেবে এক ইনিংসে পাঁচ বা তার বেশি উইকেট নিলেন মহম্মদ সিরাজ। বাকিরা হলেন এরাপল্লি প্রসন্ন, বিষেণ সিংহ বেদী, মদন লাল ও জাহির খান।

● টেস্টে ভারতীয় কিপারদের মধ্যে দ্রুততম এক হাজার

রানের মালিক ঋষভ পন্থ (২৭ ইনিংস)। ভাঙলেন মহেন্দ্র সিংহ ধোনির (৩২ ইনিংস) রেকর্ড।

● টেস্টের চতুর্থ ইনিংসে কোনও উইকেটকিপারের সর্বাধিক ব্যক্তিগত রানের তালিকায় দ্বিতীয় স্থানে ঋষভ পন্থের ৮৯ রান। শীর্ষে অস্ট্রেলিয়ার অ্যাডাম গিলক্রিস্টের ১৪৯ রান।

● বিশ্বে মাত্র ন'জন ক্যাপ্টেন অন্তত পাঁচটি টেস্টে নেতৃত্ব দিয়েও অপরাজিত থেকেছেন। অজিঙ্ক রাহানে সেই তালিকায় একমাত্র ভারতীয়। রাহানের অধিনায়কত্বে ৫টি টেস্টের মধ্যে ভারতীয় দল ৪টিতে জিতেছে, ড্র একটি।

বি জ্ঞা ন

সদ্যোজাত গ্রহে ছিল বায়ুমণ্ডল, ধারণা বিজ্ঞানীদের

কয়েকশো কোটি বছর আগে জমাট বাঁধা গ্যাস থেকে জন্ম নেওয়ার পর মহাকাশের বেশির ভাগ গ্রহের উপরই ছিল পুরু বায়ুমণ্ডল। বায়ুমণ্ডলের নীচে সদ্যোজাত গ্রহগুলিতে বয়ে যেত তরল জলের স্রোত। জোরালো অভিকর্ষ বলের টানে ভূপৃষ্ঠে আছড়ে পড়া উল্কাপিণ্ডগুলির বিভিন্ন অংশের রাসায়নিক বিশ্লেষণ করে সম্প্রতি এই ধারণায় পৌঁছেছেন গবেষকেরা।

১৫ জানুয়ারি আমেরিকান অ্যাস্ট্রোনমিক্যাল সোসাইটির ভার্চুয়াল বৈঠকে তাঁদের বিভিন্ন পরীক্ষানিরীক্ষার ফলাফল ঘোষণা করতে গিয়ে ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের জ্যোতির্পদার্থবিজ্ঞানী ম্যাগি থমসন জানিয়েছেন, জন্মের পর পরই ভিনগ্রহগুলির বেশিরভাগেই যে-পুরু বায়ুমণ্ডল ছিল, তাতে পর্যাপ্ত পরিমাণে কার্বন মনোক্সাইড ও কার্বন-ডাই অক্সাইডের মতো গ্যাস ছিল, হাইড্রোজেন ও হাইড্রোজেন সালফাইডের মতো বিষাক্ত গ্যাস পরিমাণে ছিল কম। গবেষকেরা মনে করছেন, আগামী দিনে যে-স্পেস টেলিস্কোপগুলি মহাকাশে পাঠানো হবে, সেগুলি সংশ্লিষ্ট নক্ষত্র থেকে ঠিকরে বেরিয়ে আসা আলো বিশ্লেষণ করে আরও নিশ্চিত হতে পারবে ওই সব গ্রহগুলির বায়ুমণ্ডল এখনও রয়েছে কিনা, থাকলে সেই বায়ুমণ্ডলে কোন কোন পদার্থ রয়েছে, সেই বায়ুমণ্ডলের নীচে গ্রহগুলির পিঠ পাথুরে কি না এবং সেই পাথুরে পিঠ কোন কোন পদার্থ দিয়ে গড়ে উঠেছে।

গবেষকরা জানিয়েছেন, তাঁরা বিভিন্ন সময়ে পৃথিবীতে আছড়ে পড়া তিনটি উল্কাপিণ্ডের ৩ মিলিগ্রাম পরিমাণ অংশ নিয়ে আলাদা আলাদা ভাবে এই অংশগুলির রাসায়নিক পরীক্ষা করেছেন। তাঁরা দেখেছেন, উল্কাপিণ্ডের ওই অংশগুলি পোড়ানোর পর যে-গ্যাস বেরিয়ে এসেছে তার ৬২ শতাংশই জলীয় বাষ্প। এটাই বড় প্রমাণ যে, জন্মের সময় ওই গ্রহগুলিতে জল ছিল। আর সেটা হয়তো ছিল তরল অবস্থাতেই। পরে সূর্যের বিকিরণ ও গ্রহগুলির অভিকর্ষ বল খুব একটা জোরালো না হওয়ায় সেই বায়ুমণ্ডল ধীরে ধীরে পাতলা হয়ে আসে, যেমনটা হয়েছিল মঙ্গল গ্রহের ক্ষেত্রে। জলও বাষ্পীভূত হয়ে যায়।

কে কী বললেন

৩৫ হাজার কোটি টাকা বরাদ্দ করা হচ্ছে করোনা টিকার জন্য। শীঘ্রই সকল দেশবাসীর জন্য কোভিড ভ্যাকসিন আসছে ভারতে। জিডিপি-র ১৩ শতাংশ খরচ করা হবে করোনা মোকাবিলায়।

নির্মলা সীতারামন, *ভারতের অর্থমন্ত্রী*

দেশের ইতিহাসে প্রথমবার 'পেপারলেস' (করোনার কারণে) বাজেট পেশ করে এবং ১৯৫২ সালের পর দ্বিতীয়বার ঋণাত্মক বৃদ্ধি বা মন্দা আক্রান্ত বছরের বাজেটে ২ লক্ষ ২৩ হাজার কোটি টাকা স্বাস্থ্য খাতে ব্যয়ের ঘোষণা করে

কৃষকরা নিজেদের দাবিতে আন্দোলন করছেন লাগাতার। এটি কোনও রাজনৈতিক আন্দোলন নয়। প্রধানমন্ত্রী মিথ্যে কথা বলছেন। উনি দেশের প্রধানমন্ত্রী হিসেবে কথা বলছেন না, বিজেপি নেতা হিসেবে বক্তব্য রাখছেন। আসলে উনি হলেন পেশাদার মিথ্যেবাদী।

হান্নান মোল্লা, *কৃষক নেতা ও প্রাক্তন বাম সাংসদ*

বিরোধী রাজনৈতিক দলগুলি কৃষকদের ভুল বোঝাচ্ছে বলে প্রধানমন্ত্রীর অভিযোগকে নস্যাৎ করে

নির্মম ভাবে লাঠি চালানোর পরে কতজন আহত হল, কোথায় তাদের চিকিৎসার ব্যবস্থা হচ্ছে, সে সব দেখা তো পুলিশের কাজ। পুলিশ জানত না মানে তাদের ব্যর্থতা নয়? তার দায়িত্ব পুলিশমন্ত্রী নেবেন না?

সুজন চক্রবর্তী, *সি পি এম নেতা*

নবান্ন অভিযানের পর মৃত ডি ওয়াই এফ আই কর্মী মইদুল ইসলাম মিদ্যা-র আহত হওয়ার কথা পুলিশকে জানানো হয়নি কেন, মুখ্যমন্ত্রী সেই প্রশ্ন তোলায়

কাশ্মীরের যুবকদের এখনও জঙ্গি দলে যোগ দিতে উৎসাহিত করছে পাকিস্তান। যুবকদের প্রতি আমার বার্তা, তোমরা যে কোনও সময়ে আত্মসমর্পণ করতে পারো। তোমাদের দেখাশোনা করার ভার নেব আমরা। এমনকী জঙ্গিদমন অভিযানের সময়েও তোমরা আত্মসমর্পণ করতে পারো। সেনা যে এই প্রতিশ্রুতি মেনে চলছে তার প্রমাণও দেওয়া হয়েছে।

বি এস রাজু, *লেফটেন্যান্ট জেনারেল ও সেনার ১৫ নম্বর কোরের কম্যান্ডার*

জঙ্গি আত্মসমর্পণ নিয়ে সেনাবাহিনীর নয়া নীতির ইঙ্গিত দিয়ে

বিশ্বের যে কোনও প্রান্তে শান্তিপূর্ণ আন্দোলনের অধিকারের পক্ষে সবসময়েই রয়েছে কানাডা। আলোচনার মাধ্যমে শান্তি ফেরাবার পক্ষপাতী আমরা।

জাস্টিন ট্রুডো, *কানাডার প্রধানমন্ত্রী*

দিল্লির কৃষক বিক্ষোভে জাস্টিন ট্রুডো সমর্থন জানানোয় ভারতের বিদেশমন্ত্রক তিনদফায় তার বিরোধিতা করলেও ফের নিজের মন্তব্যে অটল থেকে

আমি শহিদ পরিবারের কন্যা। শহিদত্ব অনেক বড় বিষয়। শহিদের পরিবারকেও অনেক কিছু সহ্য করতে হয়। সেই শোক সারা জীবন বুকের মধ্যে রাখতে হয়। তাকে পরিহাস করার অধিকার কারও নেই। তা সে প্রধানমন্ত্রীই হোন বা যেই হোন।

প্রিয়ঙ্কা গান্ধী বঢরা, *এ আই সি সি-তে কংগ্রেসের ভারপ্রাপ্ত নেত্রী*

সংসদে আন্দোলনকারী কৃষকদের 'আন্দোলনজীবী' ও 'পরজীবী' বলে প্রধানমন্ত্রী 'শহিদ' কৃষকদের অপমান করেছেন বলে দাবি করে

আর্থিক সমীক্ষা আসলে অর্থমন্ত্রীর জন্য অর্থনীতির পাঠ। ওতে যাবতীয় কঠিন তত্ত্বকথার মধ্যে সারবস্তু একটাই— মন্দা কাটাতে (প্রয়োজনে) ধার করেও খরচ করো।

পি চিদম্বরম, *প্রাক্তন অর্থমন্ত্রী ও কংগ্রেস নেতা*

কেন্দ্রীয় বাজেটের পূর্বে করা আর্থিক সমীক্ষায় মুখ্য আর্থিক উপদেষ্টা কে সুব্রহ্মণ্যমের সরকারি খরচ বাড়াবার পরামর্শের প্রেক্ষিতে

প্রত্যেকে যাতে ভ্যাকসিন পায় সরকার চেষ্টা করবে। মানুষকে বোঝাবে যে ভ্যাকসিন নিরাপদ। কিন্তু এরপরেও ভ্যাকসিন নিতে কারওর দ্বিধা থাকলে তাকে ভ্যাকসিন নিতে জোর করা হবে না।

হর্ষবর্ধন, *কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী*

দেশজুড়ে কোভিড ভ্যাকসিন নেওয়া প্রসঙ্গে

সরকার যদি ভাবে চাষিরা বাড়ি ফিরে যাচ্ছেন, তা হলে ভুল ভাবছে। বিক্ষোভ আরও বাড়বে। অন্য রাজ্যেও ছড়িয়ে পড়বে, যেটা আমরা চাই না, কারণ এই অস্থিরতা দেশের জন্য ভালো নয়।

রাহুল গান্ধী, *কংগ্রেস সাংসদ*

নয়া কৃষি আইনকে বাতিল করে জঞ্জালের ঝুড়িতে ফেলার ডাক দিয়ে

সংবাদ নিবন্ধ

* এলগার পরিষদ মামলা ও কয়েকটি অমীমাংসিত প্রশ্ন

কৌশিক বন্দ্যোপাধ্যায়

করোনা-র অকস্মাৎ প্রাদুর্ভাব, তার জেরে লকডাউন, দেশজুড়ে মহামারির আতঙ্কের মধ্যে বছর কয়েক আগে নাগরিক সমাজের আন্দোলনে ঝড় তোলা একটি বিখ্যাত মামলা চলে গিয়েছিল পিছনের সারিতে। এই মামলায় দেশের বিশিষ্ট মানুষ এবং সমাজকর্মীদের লাগাতার ধরপাকড় একসময় খবরের কাগজের শিরোনাম হয়েছে। পরে তা চলে গিয়েছে জনসাধারণের বিস্মৃতির আড়ালে। সম্প্রতি এলগার পরিষদ বা চলতি কথায় ভীমা-কোরেগাঁও নামে পরিচিত সেই মামলার প্রসঙ্গ আবার সামনে এসেছে এই মামলায় গ্রেপ্তার হওয়া রোনা উইলসনের বম্বে হাইকোর্টে দায়ের করা একটি রিট পিটিশনের সূত্রে। রোনা উইলসন বন্দিমুক্তি কমিটির জনসংযোগ সচিব। ২০০১-এ সংসদ আক্রমণে অভিযুক্ত এসএআর গিলানির মুক্তির দাবিতে যাঁরা সরব হন, তিনি ছিলেন তাঁদের প্রথম সারিতে। পরে গিলানির সঙ্গেই কমিটি ফর রিলিজ অব পলিটিক্যাল প্রিজনার্স (সি আর পি পি) গঠন করেন উইলসন।

এলগার পরিষদ মামলায় অভিযুক্ত ও গ্রেপ্তার হওয়া উইলসন বম্বে হাইকোর্টে যে-পিটিশন জমা দিয়েছেন, তার মূল বয়ানের ভিত্তি মার্কিন ডিজিটাল ফরেন্সিক বিশ্লেষক সংস্থা আর্সেনাল-এর একটি রিপোর্ট। এই রিপোর্ট অনুযায়ী, রোনা উইলসনের কম্পিউটারের আই পি অ্যাড্রেসগুলির মাধ্যমে তাঁর কম্পিউটার হ্যাক করা হয়। এরপর নেটওয়্যার নামে এক ম্যালওয়্যার ব্যবহার করে এই মামলার অন্যান্য অভিযুক্তদের সঙ্গে তাঁর বার্তা-চালাচালির মিথ্যা নথি উইলসনের কম্পিউটারে ঢুকিয়ে দেওয়া হয়েছিল।

অবশ্য এলগার পরিষদ মামলায় অভিযুক্তদের ব্যক্তিগত কম্পিউটার থেকে পাওয়া তথ্যে কোনও তৃতীয় পক্ষের কারসাজি বা চক্রান্ত নেই ('নো ম্যালওয়্যার ফাউন্ড') বলে আদালতে জানিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা, এন আই এ।

তা সত্ত্বেও বিশ্বখ্যাত এই সংস্থার এই রিপোর্টের পর ওইসব নথির বিশ্বাসযোগ্যতা বা সত্যতা এবং বাস্তবতা

নিয়ে প্রশ্ন ওঠা স্বাভাবিক, তা উঠছেও। কিন্তু তার চেয়েও বড় প্রশ্ন তুলে দিয়েছেন মার্কিন সংস্থার এই রিপোর্টের সঙ্গে যুক্ত প্রযুক্তি-বিশেষজ্ঞ, আরিজোনা স্টেট ইউনিভার্সিটির অধ্যাপক জেড্ডাইয়া ক্র্যানডাল। সাংবাদিকদের তিনি বলেছেন, সাধারণ স্ক্যানিংয়েই ধরা পড়ে, এমন এক ম্যালওয়্যার বা কম্পিউটার ভাইরাস যে-প্রশাসন ধরতে পারে না, তারাই এই রিপোর্টে বিকৃতি নিয়ে প্রশ্ন তুলছে, এটা দুর্ভাগ্যজনক।

উল্লেখ্য, এলগার পরিষদ বা ভীমা-কোরেগাঁও মামলার সূত্রপাত ২০১৭ সালের শেষ দিনটিতে। পুণের শনিওয়ারভাডা দুর্গে একটি অনুষ্ঠানের আয়োজন করেছিলেন মূলত দলিত শ্রেণির মানুষরা। ওই দিনটিতে ছিল কোরেগাঁও ভীমা যুদ্ধের দ্বিশতবার্ষিকী। এলগার পরিষদ নাম দিয়ে সেই দিনটিকেই স্মরণ করছিলেন তাঁরা।

দুশো বছর আগে ভীমা কোরেগাঁও যুদ্ধকে কেন্দ্র করে দলিত ভাবাবেগের কারণটি আপাত দৃষ্টিতে বিতর্কিত মনে হতে পারে। ১৮১৮ সালের ১ জানুয়ারি এই যুদ্ধে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির সেনাদলের কাছে পরাস্ত হয় দ্বিতীয় পেশোয়া বাজিরাওয়ের নেতৃত্বাধীন মারাঠা সেনা। এ দেশের জাতীয়তাবাদী যুদ্ধ-বিপ্লবের ইতিহাসে ভীমা কোরেগাঁও যুদ্ধের যা-ই ভূমিকা থাকুক, এ দেশের বিস্তীর্ণ অংশের দলিত জনগোষ্ঠীর কাছে তৎকালীন সমাজকাঠামোর প্রেক্ষিতে এই যুদ্ধের তাৎপর্য কিছু স্বতন্ত্র। দুশো বছর আগে যুদ্ধরত ব্রিটিশ বাহিনীর একটা বড় অংশ ছিল মাহার দলিত রেজিমেন্ট। এই যুদ্ধকে তাই তাঁরা উচ্চবর্ণের ব্রাহ্মণ পেশোয়াদের বিরুদ্ধে নিম্নবর্ণের দলিতদের জয় হিসেবেই চিহ্নিত করে আসছেন যুগের পর যুগ ধরে। পুণে থেকে ৩০ কিলোমিটার দূরে কোরেগাঁও স্মারক স্তম্ভে ওই যুদ্ধে নিহত ২২ জন মাহার সেনার নাম খোদাই করা আছে। যদিও এই স্মারক স্তম্ভ তৈরি করে গিয়েছিল ইংরেজ কোম্পানি। মোট ৪৯ জন মৃত সেনার নাম খোদাই করে দিয়েছিল তাতে। কালক্রমে এই স্মারক স্তম্ভই শ্রেণিশোষণের বিরুদ্ধতায় মাহার তথা দলিতদের প্রতীক হয়ে ওঠে। বৃহৎ জাতীয়তাবাদী পরিসর হারিয়ে যায় ক্ষুদ্র শ্রেণিকাঠামোর মধ্যে।

২০১৭ সালের ৩১ ডিসেম্বর প্রতি বছরের মতোই ২৫০টি স্বেচ্ছাসেবী সংগঠনের জোট ওই দিনটি আনুষ্ঠানিক ভাবে পালন করছিল। অংশগ্রহণকারীদের বেশির ভাগই ছিলেন বামঘেঁষা এবং বাবাসাহেব আম্বেদকরের অনুগামী। ৩৫ হাজারের মতো লোকের জমায়েত হয়। যোগ দিয়েছিলেন দলিত অধিকার রক্ষা কর্মী, শিল্পী, রাজনৈতিক ব্যক্তিত্ব, প্রাক্তন বিচারপতি। কয়েকটি নাম বললে বিষয়টি আরও পরিষ্কার হবে। ছিলেন গুজরাতের বিধায়ক জিগ্নেশ মেবানি, দলিত সমাজকর্মী রাধিকা ভেমুলা, দলিত নেতা প্রকাশ আম্বেদকর, ভীম আর্মির সভাপতি বিনয় রতন সিং, আদিবাসী সমাজকর্মী সোনি সোরি, বম্বে হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি বি জি কোলসে-পাতিল, ছাত্রনেতা উমর খালিদ প্রমুখ। এলগার পরিষদ অনুষ্ঠানের আগে প্রচারের জন্য উদ্যোক্তারা মহারাষ্ট্রের বিভিন্ন জেলায় মিছিল এবং সভাও করেন, অনুষ্ঠানের খরচ ওঠানোর জন্য স্থানীয় মানুষদের কাছ থেকে চাঁদাও সংগ্রহ করা হয়। সব কিছুই নির্বিঘ্নে মিটেছিল। সমস্যা দেখা দেয় সূর্যোদয়ের পর। এলগার পরিষদ অনুষ্ঠান উদযাপনের জন্য জড়ো হওয়া বিপুল সংখ্যক মাহার ও দলিত মানুষের সঙ্গে বচসা থেকে ঘোরতর সংঘর্ষে জড়ায় কয়েকটি হিন্দুত্ববাদী গোষ্ঠী। জানা যায় হিন্দুত্ববাদী গোষ্ঠীগুলির মধ্যে সামনের দিকে ছিল শম্ভাজি ভিদের শিব প্রতিষ্ঠান হিন্দুস্থান এবং মিলিন্দ একবোটের সমস্ত হিন্দু আঘাদি।

শরদ পাওয়ারের মতো বিরোধী রাজনীতিকরা অনেক আগেই সমাজকর্মীদের গ্রেপ্তারি ও বন্দিত্বকে কেন্দ্রীয় সরকারের ক্ষমতার অপব্যবহার হিসেবে দেগে দিয়েছেন। কিন্তু বিরোধীদের অভিযোগকে তো বটেই, ভীমা কোরেগাঁও মামলায় বন্দিদের মুক্তি দেওয়ার জন্য ১৪৫ জন আন্তর্জাতিক স্তরের শিক্ষাবিদের যৌথ বিবৃতিকেও আদৌ আমল দেয়নি কেন্দ্র।

দুশো বছরের পুরনো মারাঠা-মাহার যুদ্ধ-পরিস্থিতি নতুন করে ফিরে আসে ভীমা কোরেগাঁওয়ের কাছে ওয়াধু বুদরুক গ্রামে। মারাঠা ইতিহাসে এই গ্রামটিরও এক বৃহৎ সামাজিক ঐক্যগত তাৎপর্য রয়ে গিয়েছে।

১৬৮৯ খ্রিস্টাব্দে শিবাজির পুত্র শম্ভাজিকে হত্যা করে নদীর জলে ভাসিয়ে দেন সম্রাট আওরঙ্গজেব। জনশ্রুতি এই, নদী থেকে শম্ভাজির ছিন্নবিচ্ছিন্ন দেহাবশেষ তুলে এনে এই বুদরুক গ্রামে তাঁর সৎকার সম্পন্ন করেন মাহার জনগোষ্ঠীরই এক ব্যক্তি গোবিন্দ মাহার (গাইকোয়াড)। মাহাররা এই গ্রামে শম্ভাজির স্মৃতিতে এক স্মারক স্তম্ভও নির্মাণ করে। উচ্চ বর্ণের মারাঠারা অবশ্য গোবিন্দ মাহারের ভূমিকা কখনও স্বীকার করেন না।

বুদরুক গ্রামের সংঘর্ষে রাহুল ফাতাঙ্গালে নামে ২৮ বছরের এক যুবকের মৃত্যু হয়। ২০১৮ সালের ৩ জানুয়ারি মহারাষ্ট্র বনধ ডাকেন বঞ্চিত বহুজন আঘাদির সভাপতি প্রকাশ আম্বেদকর। পুণে, মুম্বই এবং মহারাষ্ট্রের অন্যান্য জেলাতেও ছড়িয়ে পড়ে সংঘর্ষ। আসরে নামে পুলিশ।

দু'টি এফ আই আর দায়ের হয় পুলিশের দু'টি থানায়। পুণে রুর‍্যাল পুলিশের এফ আই আরটি হিন্দুনেতা শম্ভাজি ভিদে এবং মিলিন্দ একবোটের বিরুদ্ধে। সিটি পুলিশের এফ আই আর এলগার পরিষদের উসকানিমূলক বক্তৃতা এবং মাওবাদী যোগাযোগের বিরুদ্ধে। সিটি পুলিশ দাবি করে এলগার পরিষদের অনুষ্ঠানটির অর্থখরচ জোগায় নিষিদ্ধ সংগঠন সি পি আই (মাওবাদী)। যদিও অনুষ্ঠানে উপস্থিত দুই প্রাক্তন বিচারপতি বি জি কোলসে-পাতিল এবং পি বি সাওন্ত জানান, অনুষ্ঠানের মূল উদ্যোক্তা ছিলেন তাঁরা দুজন। অন্যান্য সংগঠনের সঙ্গে টাকাপয়সা জোগাড়ে

ছিলেন তাঁরাও। কোলসে-পাতিল এও বলেন, যাঁরা এই অনুষ্ঠানের সঙ্গে মাওবাদী যোগ খুঁজছেন, তাঁরা প্রকৃতপক্ষে বিচার বিভাগের প্রাক্তন সদস্যদের ভাবমূর্তিকেই খারাপ করছেন।

পুণে পুলিশকে যদিও এসব মন্তব্যে খুব বিচলিত হতে দেখা যায়নি। তারা জানায়, তারা এ মামলার মধ্যে নিষিদ্ধ নকশাল গোষ্ঠীর সঙ্গে যোগসাজশের মাধ্যমে বৃহত্তর ষড়যন্ত্রের আভাস পেয়েছে। মহারাষ্ট্রের তৎকালীন মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়ণবীশ ২ সদস্যের তদন্ত কমিটি গড়ে দেন। ১৪ মার্চ মিলিন্দ একবোটে গ্রেপ্তার হন, এপ্রিলেই অবশ্য জামিন পান। শম্ভাজি ভিদে ওরফে গুরুজি অবশ্য পুলিশের নাগালের বাইরেই থেকে গিয়েছেন।

কিন্তু নাগরিক সমাজের বেশ কিছু বিশিষ্টদের ক্ষেত্রে পুলিশ ও প্রশাসনের কঠোরতার মাত্রা হয়ে দাঁড়ায় নজিরবিহীন। বিশিষ্ট নাগরিক, বিদ্বজ্জন, সমাজকর্মীদের বাড়িতে অতর্কিত হানা দিতে থাকে তারা।

২০১৮ সালের ৬ জুন পুণে পুলিশ ৬ জন সমাজকর্মী ও আইনজীবীকে গ্রেপ্তার করে। নাগপুর থেকে আটক করা হয় সুরেন্দ্র গ্যাডলিং, সোমা সেন এবং মহেশ রাউতকে, মুম্বই থেকে সুধীর ধাওয়ালেকে, দিল্লি থেকে রোনা উইলসনকে। এঁদের সকলেরই সঙ্গে মাওবাদীদের যোগাযোগ ছিল বলে পুলিশের দাবি। দেশ জুড়ে নৈরাজ্য সৃষ্টি, এমনকী প্রধানমন্ত্রীকে হত্যার ছক ছিল বলেও জানায় পুলিশ।

২৮ অগস্ট এই মামলায় গ্রেপ্তার হন আরও পাঁচ সমাজকর্মী— সুধা ভরদ্বাজ, অরুণ ফেরেইরা, ভার্নন গঞ্জালভেস, পি ভারাভারা রাও এবং গৌতম নওলাখা।

তাৎপর্যপূর্ণ ভাবে পুণে সিটি পুলিশ অভিযুক্তদের বিরুদ্ধে ৫ হাজার পাতার চার্জশিট পেশ করলেও, পুণে রুর‍্যাল পুলিশ সেই পথে হাঁটেনি। তারা বলে, তদন্ত কমিশন খতিয়ে দেখছে বলেই তারা আর বিষয়টি নিয়ে তেমন নাড়াচাড়া করছে না। অন্য দিকে, সিটি পুলিশ তাদের চার্জশিটে পুরনো অভিযোগগুলিই সাজিয়ে বলে, কবীর কলা মঞ্চ নামে একটি সংগঠনকে সামনে রেখে উসকানিমূলক গান-নাটক, বই-নকশালি পত্রপত্রিকা বিতরণ করছিলেন অভিযুক্তরা। এভাবে দলিত এবং অন্যান্য শ্রেণির ভাবাবেগে আঘাত করে রাজ্যে অচলাবস্থা তৈরিই ছিল উদ্দেশ্য।

২০১৯ সালের ২৪ জানুয়ারি এলগার পরিষদ মামলা পুণে পুলিশের হাত থেকে নিজেদের হাতে নেয় জাতীয় তদন্তকারী সংস্থা (এন আই এ)। যদিও এই মামলার তদন্তভার এন আই এ-র হাতে চলে যাওয়াকেও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলেই মনে করে রাজনৈতিক মহল। তার কারণ, মহারাষ্ট্রে শাসনক্ষমতা থেকে তত দিনে সরে গিয়েছে কেন্দ্রের শাসকদল। পালাবদলের পর রাজ্যের হাতে থাকা পুলিশি তদন্তে বিরোধী রাজ্য-সরকারের প্রভাব পড়ার সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না। বিশেষ করে প্রধানমন্ত্রী-সহ কেন্দ্রীয় সরকারের শীর্ষ নেতারা যেখানে 'শহুরে নকশাল'দের বিপদ হিসেবে মনে করছেন, সেখানে তো আরওই নয়। ফলে কেন্দ্রের নিয়ন্ত্রণের মধ্যে থাকা সংস্থার উপরই আস্থা জ্ঞাপন করা হয়েছে, এমনটাই মত বিরোধীদের। শরদ পাওয়ারের মতো বিরোধী রাজনীতিকরা অনেক আগেই সমাজকর্মীদের গ্রেপ্তারি ও বন্দিত্বকে কেন্দ্রীয় সরকারের ক্ষমতার অপব্যবহার হিসেবে দেগে দিয়েছেন। কিন্তু বিরোধীদের অভিযোগকে তো বটেই, ভীমা কোরেগাঁও মামলায় বন্দিদের মুক্তি দেওয়ার জন্য ১৪৫ জন আন্তর্জাতিক স্তরের শিক্ষাবিদের যৌথ বিবৃতিকেও আদৌ আমল দেয়নি কেন্দ্র।

ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরোর তথ্যই বলছে ২০১৮ থেকে এই আইনে ৯৩ শতাংশ মামলারই কোনও নিষ্পত্তি হয়নি। তাই বলা হয়ে থাকে, এই আইনে মামলা চলাকালীন পর্বটাই মূল শাস্তি। অশীতিপর জেলবন্দি কবি ভারাভারা রাও কোভিডে আক্রান্ত হয়ে জামিন চাইলেও আদালতে তিন বার শুনানি স্থগিত হয়ে যায়। স্নায়বিক রোগী স্ট্যান স্বামী তরল খাবার খাওয়ার জন্য সামান্য স্ট্র চেয়ে পাননি।

বরং পরবর্তী কয়েক মাস ধরে গোটা দেশ দেখেছে দেশ জুড়ে আরও অনেক সমাজকর্মীর গ্রেপ্তারি, তাঁদের মধ্যে অনেকেই অসুস্থ এবং অশীতিপর। তাঁদের মধ্যে আছেন ঝাড়খণ্ডের আদিবাসী অধিকাররক্ষা কর্মী ফাদার স্ট্যান স্বামী, অধ্যাপক আনন্দ তেলতুম্বডে, দিল্লি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হ্যানি বাবু, জ্যোতি জগতাপ, সাগর গোরখে, রমেশ গাইচোর।

ঘটনা হল এঁদের সকলকেই গ্রেপ্তার করা হয়েছে কঠোর আইন ইউ এ পি এ-তে, যে আইনে চূড়ান্ত রায় বেরোনোর নজির এখনও এ দেশে অত্যল্প। ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরোর তথ্যই বলছে ২০১৮ থেকে এই আইনে ৯৩ শতাংশ মামলারই কোনও নিষ্পত্তি হয়নি। তাই বলা হয়ে থাকে, এই আইনে মামলা চলাকালীন পর্বটাই মূল শাস্তি। অশীতিপর জেলবন্দি কবি ভারাভারা রাও কোভিডে আক্রান্ত হয়ে জামিন চাইলেও আদালতে তিন বার শুনানি স্থগিত হয়ে যায়। স্নায়বিক রোগী স্ট্যান স্বামী তরল খাবার খাওয়ার জন্য সামান্য স্ট্র চেয়ে পাননি।

দেশদ্রোহ নিঃসন্দেহে বড় অপরাধ। দৃষ্টান্তমূলক শাস্তি তার জন্য নির্ধারিত, একই সঙ্গে দ্রুত ন্যায়বিচারও কাম্য। আর-পাঁচটা সাধারণ মামলার মতো দীর্ঘসূত্রতা এ ক্ষেত্রে বিচার প্রক্রিয়ায় এবং সমাজে অনেক বেশি নেতিবাচক প্রভাব ফেলে।

একই ভাবে বিচারে রাজনৈতিক ও অন্য প্রভাব, প্রমাণহীন বা ইচ্ছাকৃত অভিযোগ তুলে লাঞ্ছনার পরিমাণ বৃদ্ধি করা এবং বিরোধী কণ্ঠকে ভয় দেখিয়ে থামিয়ে দেওয়ার প্রচলিত রাজনৈতিক অভিসন্ধিও চূড়ান্ত নিন্দনীয়।

গোটা দেশ ভীমা কোরেগাঁও মামলায় প্রকৃত তথ্যই জানতে চায় এবং সরকারকে নিরপেক্ষ ভাবে এ জন্য উদ্যোগী হতেই হবে।

* ২০২১-২২ বাজেট সরকার কি ঋণের ফাঁদে ?

ডঃ দেবব্রত দত্ত

কেন্দ্রীয় সরকারের ২০২১-২২ অর্থবর্ষের বাজেট সম্প্রতি লোকসভায় পেশ করা হয়েছে। ভারতীয় অর্থনীতি গত তিন বছর ধরেই শ্লথ উন্নয়ন-গতির শিকার। কিন্তু ২০২০ সালের অতিমারি এবং দুর্বল ব্যবস্থাপনা এ বছর ভারতীয় অর্থনীতিকে অর্থনৈতিক মন্দার নিরিখে পৃথিবীর বিভিন্ন দেশের মধ্যে একদম উপরের দিকে রেখেছে। এ দিক থেকে আমাদের প্রতিবেশী রাষ্ট্রগুলি ২০২০ সালে অনেক ভালো অর্থনৈতিক ফলাফল দেখিয়েছে।

এই পরিপ্রেক্ষিতে এ বছর কেন্দ্রীয় অর্থমন্ত্রী যে-বাজেট পেশ করেছেন, সেখানে বর্তমান অর্থনীতির ভয়াবহ অবস্থা প্রকট। সংশোধিত হিসাবে দেখা যাচ্ছে, সরকারের মোট রাজস্ব ঘাটতি (ফিসকাল ডেফিসিট) অনুমিত ৮ লক্ষ কোটি টাকার জায়গায় সাড়ে ১০ লক্ষ কোটি টাকা বেড়ে সাড়ে ১৮ লক্ষ কোটি হয়েছে। এ বছর ভারতীয় অর্থনীতির মোট জাতীয় উৎপাদন অন্তত ৭ শতাংশ কমবে বলে অনুমান। সেক্ষেত্রে জাতীয় উৎপাদনের শতাংশে এই রাজস্ব ঘাটতি দাঁড়াবে ১০%-এর মতো— সরকারের প্রদত্ত ৯.৫%-এর বেশি। এর সঙ্গে যদি রাজ্যগুলির মোট জাতীয় উৎপাদনের ৪% ঘাটতি যোগ করা হয়, তাহলে মোট ঘাটতি দাঁড়ায় ১৪%, যার অর্থ আগামী বছর সরকারকে জাতীয় উৎপাদনের এক শতাংশ বেশি অতিরিক্ত সুদ দিতে হবে। কেন্দ্রীয় সরকারের হিসাবে এ বাবদ এক লক্ষ কোটি টাকা বাড়তি সুদের সংস্থান রাখা আছে, তবে তা হয়তো যথেষ্ট হবে না। ফলত সরকারকে আরও বেশি ঘাটতির সম্মুখীন হতে হবে এবং অর্থনৈতিক উন্নয়নের হার যথেষ্ট পরিমাণে না বাড়লে সরকার ঋণের দুষ্টচক্রের মধ্যে পড়বে। সমস্যা হচ্ছে সরকারের নিজস্ব কোনও আয়ের সূত্র নেই। সরকারের দায় বাড়লে সরকার জনগণের উপর কর বসিয়েই ঘাটতি কমায়। সাধারণ জনগণ পেট্রল, ডিজেল কিনতে গিয়ে এই পরিস্থিতিকে অভিজ্ঞতা দিয়েই বুঝতে পারছেন।

> দেশের কর্মক্ষম মানুষের মধ্যে মাত্র ৩৮% বর্তমানে কর্মে নিযুক্ত। মাত্র পাঁচ বছর আগে এই হিসেব ছিল ৪৩%। কিন্তু গত বছর মহাত্মা গান্ধী গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে ১ লক্ষ কোটি টাকার বেশি খরচ হলেও, এ বছর বরাদ্দ হয়েছে ৭৩ হাজার কোটি টাকা। শহরাঞ্চলে এই জাতীয় কর্মসংস্থান প্রকল্প শুরু হবে এমন প্রত্যাশা থাকলেও সেই প্রত্যাশা পূরণ হয়নি।

প্রশ্ন এই যে, সাড়ে ১০ লক্ষ কোটি টাকার বাড়তি ঘাটতি হল কেন? রাজস্ব ঘাটতির সূত্র হল, সরকারের ব্যয় বিযুক্ত সরকারের আয়। এ বছর অনেকটা সময় অর্থনৈতিক কর্মকাণ্ড বন্ধ থাকায় জাতীয় উৎপাদন কমেছে এবং সে জন্য কর আদায় এ বছর সাড়ে ৪ লক্ষ কোটি টাকা কম হবে। কর ছাড়া আয় এবং মূলধনী খাতে অন্যান্য আয়ও ৩ লক্ষ কোটি টাকা কম হবে। এর পাশাপাশি সরকারের ব্যয় বেড়েছে ৪ লক্ষ কোটি টাকা। এই বাড়তি ৪ লক্ষ কোটি টাকার সবটাই অবশ্য জনসাধারণের পকেটে আসেনি, এর অর্ধেকের কিছুটা বেশি খাদ্য কর্পোরেশনের কাছে পুরনো বকেয়া মেটাতে গেছে। ফলে এমন নয় যে, অর্থনীতিকে সচল করার জন্য মার্কিন যুক্তরাষ্ট্রের মতো বিভিন্ন দেশ যেমন সরকারি সাহায্য দিয়েছে, কেন্দ্রীয় সরকারও সেই ভাবে প্যাকেজের ব্যবস্থা করেছে। সাহায্য বাবদ এখানে খরচ হয়েছে ২ লক্ষ কোটি টাকার মতো। সব মিলিয়ে ঘাটতি আকাশচূড়ায় পৌঁছেছে।

এখন প্রশ্ন হচ্ছে এতটা ঘাটতি কি অবশ্যম্ভাবী ছিল? কোভিড-কালে অর্থনৈতিক মন্দার কারণে কিছুটা ঘাটতি বৃদ্ধি প্রত্যাশিত ছিল। কিন্তু ২০১৯-২০ সালে বিশেষ আদেশ জারি করে কর্পোরেটকে যে দেড় থেকে দু'লক্ষ কোটি টাকার মতো কর ছাড় দেওয়া হয়েছিল, তা যদি বিশেষ পরিস্থিতির কারণে এ বছর স্থগিত রাখা হত, তাহলে ঘাটতি কম বাড়ত। গত বছর সুদ কম হওয়া এবং শ্রমিক ও মজুরি কমানোর জন্য কর্পোরেট ক্ষেত্র মুনাফা অনেকটাই বাড়িয়েছে। সুতরাং এই খাতে আদায় বেশ কিছুটা বাড়তে পারত। অতি-ধনীদের উপর বিশেষ আয়কর বসানোও সঙ্গত হত।

কেন্দ্রীয় সরকারের প্রস্তাবিত আয় এবং ব্যয়ের দিকে একটু দৃষ্টি দেওয়া যাক। সরকার আগামী বছর দৈনন্দিন খরচ খাতে প্রায় এক লক্ষ কোটি টাকা কম ব্যয় ধার্য করেছে। আগামী বছর খাদ্য কর্পোরেশনের কাছে পুরনো বকেয়া মেটানোর দায় না থাকায় আশা করা যায় সরকার এই লক্ষ্য

পূরণে সক্ষম হবে। সরকার কর আদায় দু'লক্ষ কোটি টাকা বাড়ানোর প্রস্তাব রেখেছে। যদি অর্থনৈতিক উন্নয়নের হার অনুমিত ১০/১১ শতাংশ হয়, তাহলে এই বাড়তি কর আদায় সম্ভব। কিন্তু কর ছাড়া অন্যান্য আয় বাড়ানোর ক্ষেত্রে সরকার অনেকটাই বেসরকারিকরণের উপর নির্ভরশীল। পূর্ববর্তী বছরগুলিতে এ ব্যাপারে তেমন সাফল্য আসেনি। কিন্তু এবার সরকার অত্যন্ত লাভজনক প্রতিষ্ঠান লাইফ ইনশিওরেন্স এবং দু'টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে বিনিয়োগ করতে চায়। এছাড়াও জমি, বাড়ির মতো বিভিন্ন সরকারি সম্পত্তি বিক্রি করতে চায়। ফলে এই খাতে অনেক টাকাই তোলা সম্ভব, যদিও এর অর্থ অনেকটাই পরিবারের সোনা-রুপো বিক্রি করার সামিল। একবার বিক্রয় হয়ে গেলে সেগুলি আর ফেরত আসে না। কেন্দ্রীয় সরকারকে আগামী বছরের জন্য স্বাস্থ্যখাতে খরচ কিছুটা বাড়াতে হয়েছে, কারণ করোনা প্রতিষেধক খাতে ৩৫ হাজার কোটি টাকার বাড়তি সংস্থান করতে হয়েছে। তবে স্বাস্থ্যখাতে খরচে যে-বিপুল বৃদ্ধি, তার কারণ পানীয় জল এবং পরিচ্ছন্নতা খাতের খরচ স্বাস্থ্যখাতের বাজেটের মধ্যে দেখানো হয়েছে। শিক্ষা, কৃষি, প্রতিরক্ষার মতো ক্ষেত্রেও খরচ নামমাত্র বেড়েছে বা কমেছে, কারণ সরকারের বাজেটের অবস্থা মোটেই ভালো নয়। তবে প্রত্যাশা ছিল, সরকার কর্মনিয়োগের দিকে আর-একটু মনোযোগ দেবে, বিশেষ করে মহাত্মা গান্ধী গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে বেশি অর্থসংস্থান করবে, কারণ দেশের কর্মসংস্থানের অবস্থা মোটেই ভালো নয়। দেশের কর্মক্ষম মানুষের মধ্যে মাত্র ৩৮% বর্তমানে কর্মে নিযুক্ত। মাত্র পাঁচ বছর আগে এই হিসেব ছিল ৪৩%। কিন্তু গত বছর মহাত্মা গান্ধী গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পে ১ লক্ষ কোটি টাকার বেশি খরচ হলেও, এ বছর বরাদ্দ হয়েছে ৭৩ হাজার কোটি টাকা। শহরাঞ্চলে এই জাতীয় কর্মসংস্থান প্রকল্প শুরু হবে এমন প্রত্যাশা থাকলেও সেই প্রত্যাশা পূরণ হয়নি। শেয়ার বাজার বাজেটের পর আরও তেজি হয়েছে, কারণ কর্পোরেট ক্ষেত্রের উপর কোনও বাড়তি কর বসেনি।

করের ক্ষেত্রে একটি পরিবর্তন কৃষি পরিকাঠামো সেস আরোপ, কিন্তু চলতি করের হারে বদল করে এই সেস সংগৃহীত হবে, যার জন্য আপাতত দাম বাড়বে না। কিন্তু এর ফলে রাজ্য সরকারগুলির আয় কমবে এবং কেন্দ্রীয় সরকারের আয় বাড়বে। এর কারণ, সেস থেকে সংগৃহীত টাকা রাজ্যগুলির সঙ্গে ভাগ করতে হয় না। ক্রমাগত এই সেস আরোপ নীতি প্রয়োগ করে কেন্দ্রীয় সরকার রাজ্যগুলিকে বঞ্চিত করছে। গত বছর পণ্য পরিষেবা বাবদ ক্ষতিপূরণও রাজ্য সরকারগুলি পায়নি, তাদের ওই টাকা ঋণের মাধ্যমে সংগ্রহ করতে হয়েছে।

সব মিলিয়ে ভারতীয় অর্থনীতি, কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারগুলি অর্থনৈতিক সঙ্কটের মুখোমুখি। এখন প্রয়োজন যত তাড়াতাড়ি সম্ভব অর্থনীতিকে স্বাভাবিকতায় ফিরিয়ে আনা এবং বিভিন্ন বিরোধের ক্ষেত্রকে প্রশমিত করা।

লেখক গাজিয়াবাদের আই এম টি-র প্রফেসর

বাংলা ব্যাকরণ

*প্রতিযোগিতামূলক পরীক্ষায়, বিশেষত স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় প্রয়োজনীয় ব্যাকরণাংশ নিয়ে আলোচনা করছেন যাদবপুর বিদ্যাপীঠের প্রাক্তন শিক্ষক **শিশিরকুমার আচার্য।***

শব্দগঠনে ধাতুর ব্যবহার

▶ **√অর্জ্-অর্জন করা: অর্জতি, অর্জতঃ, অর্জন্তি ইত্যাদি।**

√অর্জ্ +অনট্ = অর্জন (লাভ করা)
√অর্জ্ + ত (ক্ত) = অর্জিত
√অর্জ্ +তব্য = অর্জিতব্য ⎤
√অর্জ্ +অনীয় = অর্জনীয় ⎥ অর্জনের উপযুক্ত
√অর্জ্ +যৎ = অর্জ্য ⎥
√অর্জ্ +ণ্যৎ = আর্জ্য ⎦
√অর্জ্ +ঘঞ্ = আর্জ (লাভ)
√অর্জ্ + ণক = অর্জক (যিনি অর্জন করেন)
√অর্জ্ + উনন্ (উন) [উনাদি] = অর্জুন [এর অর্থ 'শ্বেতবর্ণ']।
√অর্জ্ + ইন্ (ই) = অর্জি (লাভ)
√অর্জ্ + ঘঞ্ = আর্জ (লাভ)
√অর্জ্ +শতৃ (ৎ) = অর্জৎ (অর্জনশীল)

বিশেষ দ্রষ্টব্য: '√অর্জ্' বানানেও দ্বিত্ব হতে পারে, অর্থাৎ √অর্জ্ > √অর্জ্জ্।

● প্র-√অর্জ্ +অনট্ = প্রার্জন (প্রকৃষ্টরূপ অর্জন)।
উপ-√অর্জ্ +অনট্ = উপার্জন (রোজগার)।
সম্-√অর্জ্ +অনট্ = সমর্জন (সম্যক্ অর্থাৎ ভালমত উপার্জন)।
নিঃ-√অর্জ্ +অনট্ = নিরর্জন (উপার্জনহীন)।
অপ-√অর্জ্ +অনট্ = অপার্জন ⎤ (অসৎপথে অর্জন)।
দুঃ-√অর্জ্ +অনট্ = দুরর্জন ⎦
অতি-√অর্জ্ +অনট্ = অত্যর্জন ⎤ অতিশয় উপার্জন
সু-√অর্জ্ +অনট্ = স্বর্জন ⎦
বি-√অর্জ্ +অনট্ = ব্যর্জন (বিশেষ উপার্জন)।

বিশেষ দ্রষ্টব্য: বর্জন = ত্যাগ [এর ব্যুৎপত্তি হ'ল-√বর্জ্ +অনট্]।

● জ্ঞান + অর্জন = জ্ঞানার্জন
ধর্ম +অর্জন = ধর্মার্জন
সেবা + অর্জন = সেবার্জন
জ্ঞান +অর্জিত = জ্ঞানার্জিত
ধর্ম +অর্জিত = ধর্মার্জিত
সেবা + অর্জিত = সেবার্জিত
অর্থ +উপার্জন = অর্থোপার্জন
বিদ্যা + অর্জন = বিদ্যার্জন
অর্থ + উপার্জিত = অর্থোপার্জিত
বিদ্যা +অর্জিত = বিদ্যার্জিত
অন্য + উপার্জন = অন্যোপার্জন (অন্যের দ্বারা উপার্জন)
অন্য + উপার্জিত = অন্যোপার্জিত (অন্যের দ্বারা উপার্জিত)
স্ব + উপার্জন = স্বোপার্জন (নিজ উপার্জন)
স্ব + উপার্জিত = স্বোপার্জিত (নিজের দ্বারা উপার্জিত)
পর +উপার্জন = পরোপার্জন (পরের উপার্জন)
পর +উপার্জিত = পরোপার্জিত (পরের দ্বারা উপার্জিত) ইত্যাদি।

▶ **√অর্থ-প্রার্থনা করা বা চাওয়া: অর্থয়তে, অর্থয়েতে, অর্থয়ন্তে ইত্যাদি।**

● √অর্থ্ +অচ্ = অর্থ।
● √অর্থ্ +ত/ক্ত = অর্থিত।
● √অর্থ্ +তব্য = অর্থিতব্য ⎤
● √অর্থ্ +অনীয় = অর্থনীয় ⎥ (চাওয়ার যোগ্য)
● √অর্থ্ +যৎ = অর্থ্য ⎥
● √অর্থ্ +ণ্যৎ = আর্থ্য ⎦
● √অর্থ্ +অনট্ = অর্থন (চাওয়া)
● √অর্থ্ +ঘঞ্ = আর্থ
● প্র-√অর্থ্ +অনট্ + আ (স্ত্রী) = প্রার্থনা।
সম্-√অর্থ্ +অচ্ = সমর্থ।
অনু-√অর্থ্ +অচ্ = অন্বর্থ (সার্থক, যথার্থ)
অপ-√অর্থ্ +অচ্ = অপার্থ (খারাপ অর্থ)
নিঃ-√অর্থ্ +অচ্ = নিরর্থ (অর্থহীন)
দুঃ-√অর্থ্ +অচ্ = দুরর্থ (খারাপ অর্থ)
বি-√অর্থ্ +অচ্ = ব্যর্থ
● ব্যর্থ +তা = ব্যর্থতা
নিরর্থ +কপ্ (ক) = নিরর্থক
স/সহ + অর্থক = সার্থক/সহার্থক
সমর্থ + ষ্যঞ্ = সামর্থ্য (শক্তি/ক্ষমতা)
অর্থ + ইন্ > অর্থিন্ > অর্থী
প্র-√অর্থ্ +ইন্ = প্রার্থিন্/প্রার্থী
প্রতি-√অর্থ্ +অচ্ = প্রত্যর্থ/ প্রত্যর্থ + ইন্ > প্রত্যর্থিন্ > প্রত্যর্থী ইত্যাদি।

▶ **√অর্দ্: অর্থ হল যন্ত্রণা দেওয়া/হিংসা করা: ধাতুর রূপ হ'ল: অর্দতি, অর্দতঃ, অর্দন্তি/অর্দয়তি, অর্দয়তঃ, অর্দয়ন্তি ইত্যাদি।**

● √অর্দ্ +ত (ক্ত) = অর্দিত (নিপীড়িত, হিংসিত ইত্যাদি)
√অর্দ্ +অনট্ = অর্দন (নিপীড়ন, হিংসা ইত্যাদি)
√অর্দ্ +অনট্ + আ (স্ত্রী) = অর্দনা (যন্ত্রণা, হিংসা ইত্যাদি)
√অর্দ্ +অনীয় = অর্দনীয় (যন্ত্রণা দেওয়া যোগ্য, হিংসনীয় ইত্যাদি)
√অর্দ্ +তব্য = অর্দিতব্য (যন্ত্রণা দেওয়া যোগ্য, হিংসনীয় ইত্যাদি)
√অর্দ্ +যৎ = অর্দ্য (যন্ত্রণা দেওয়া যোগ্য, হিংসনীয় ইত্যাদি)
√অর্দ্ +ণ্যৎ = আর্দ্য (যন্ত্রণা দেওয়া যোগ্য, হিংসনীয় ইত্যাদি)
√অর্দ্ +ণক = অর্দক (নিপীড়ক/হিংসক)
√অর্দ্ +ঘঞ্ = আর্দ (যন্ত্রণা, হিংসা ইত্যাদি)

√অর্দ্ +অচ্ = অর্দ (যন্ত্রণা/হিংসা)
● প্র-√অর্দ্ +ক্ত (ত) = প্রার্দিত (নিপীড়িত, অতিহিংসিত)
অভি-√অর্দ্ +অনট্ = অভ্যর্দন (অতিপীড়ন, প্রহার)
উদ্-√অর্দ্*+অনট্ = উদর্দন (উৎপীড়ন)
প্রতি-√অর্দ্ +অনট্ = প্রত্যর্দন (প্রতিহিংসা)
অতি-√অর্দ্ +অনট্ = অত্যর্দন (অত্যুৎপীড়ন)
দুঃ-√অর্দ্ +অনট্ = দুরর্দন (অত্যুৎপীড়ন)
বি-√অর্দ্ +অনট্ = ব্যর্দন (বিশেষভাবে পীড়ন)
প্র-√অর্দ্ +অনীয় = প্রার্দনীয় (নিপীড়নের যোগ্য)
উদ্-√অর্দ্ +অনীয় = উদর্দনীয় (উৎপীড়নের যোগ)
অতি-√অর্দ্ +অনীয় = অত্যর্দনীয় (অতিশয় পীড়নের যোগ্য)
প্র-√অর্দ্ +ঘঞ্ = প্রার্দ (অত্যধিক যন্ত্রণা/অতিহিংসা)
প্র-√অর্দ্ +অনট্ = প্রার্দন (অতিশয় পীড়ন)
সম্-√অর্দ্ +অনট্ = সমার্দন (অতিশয় নিপীড়ন)
সম্-√অর্দ্ +ঘঞ্ = সমার্দ (অতিশয় পীড়ন)
সম্-√অর্দ্ +অচ্ = সমর্দ অতিশয় পীড়ন)
নি-√অর্দ্ +ঘঞ্ = ন্যার্দ (নিপীড়ন) ইত্যাদি।
● ভৃত্য + √অর্দ্ + ক = ভৃত্যার্দ (ভৃত্যকে নিপীড়ন করে যে)।
পিতৃ + √অর্দ্ +ক = পিত্রর্দ (পিতার নিপীড়ক)।
মার্ত + √অর্দ্ +ক = মাত্রর্দ (মাতার নিপীড়ক)।
● অর্দ + ষ্ণায়ন = আর্দায়ন (পীড়নসম্বন্ধীয়)।
অর্দ্ + ষ্ণিক = আর্দিক (পীড়নসম্বন্ধীয়)
অর্দ্ + ষ্ণীয় = অর্দীয় (পীড়নের যোগ্য) ইত্যাদি।
বিশেষ দ্রষ্টব্য: এই 'অর্দ' ধাতুটির ব্যবহার বাংলায় নেই। কিন্তু এর সাহায্যে অনেক তৎসম শব্দ গঠন করা যায় এবং কবি-সাহিত্যিকরা এর থেকে বাংলা নতুন শব্দ ব্যবহার করতে পারেন।)

▶ **অর্হ্: অর্থ হল (যোগ্য/সমর্থ): ধাতুর রূপ: অর্হতি, অর্হতঃ, অর্হন্তি/অর্হয়তি, অর্হায়তঃ, অর্হয়ন্তি ইত্যাদি।**

● √অর্হ্ +ক্ত/ত = অর্হিত (সমর্থিত)
√অর্হ্ +অনট্ = অর্হণ (সমর্থন)
√অর্হ্ +অনীয় = অর্হণীয় (সমর্থনের যোগ্য)
√অর্হ্ +যৎ = অর্হ্য (সমর্থনের যোগ্য)
√অর্হ্ +তব্য = অর্হিতব্য (সমর্থনের যোগ্য)
√অর্হ্ +ণ্যৎ = আর্হ্য (সমর্থনের যোগ্য)
√অর্হ্ +ঘঞ্ = আর্হ (সমর্থন)।
√অর্হ্ +অচ্ = অর্হ (সমর্থন/পূজা)।
√অর্হ্ +ণক = আর্হক (সমর্থক)।
√অর্হ্ +ইষ্ণুচ্ = অর্হিষ্ণু (সমর্থনের স্বভাব)
√অর্হ্ +আলুচ্ = অর্হালু (সমর্থনের যোগ্য)
● প্র-√অর্হ্ +ক্ত/ত = প্রার্হিত (প্রকৃষ্টভাবে সমর্থিত)।
প্র-√অর্হ্ +অনট্ = প্রার্হণ (প্রকৃষ্ট সমর্থন)।
বি-√অর্হ্ +ক্ত/ত = ব্যর্হিত (বিশেষভাবে সমর্থিত)।
বি-√অর্হ্ +অনট্ = ব্যর্হণ (বিশেষভাবে সমর্থন/সমর্থনের বিপরীত)
সু-√অর্হ্ +ক্ত/ত = স্বর্হিত (সম্যক্‌ভাবে সমর্থিত)।
সু-√অর্হ্ +অনট্ = স্বর্হণ (সম্যক্ সমর্থন)।
অতি-√অর্হ্ +ক্ত/ত = অত্যর্হিত (অতিশয় সমর্থিত)।
অতি-√অর্হ্ +অনট্ = অত্যর্হণ (অতিশয় সমর্থন)
দুঃ-√অর্হ্ +অনীয় = দুরর্হণীয় (কষ্টকরভাবে সমর্থনের যোগ্য)।
দুঃ-√অর্হ্ +অনট্ = দুরর্হণ (কষ্টকর সমর্থন)।
বি-√অর্হ্ +অনীয় = ব্যর্হণীয় (বিশেষ সমর্থনের যোগ্য) ইত্যাদি।
● পূজা + √অর্হ্ +অচ্ = পূজার্হ (পূজার যোগ্য)।
সেবা-√অর্হ্ +অচ্ = সেবার্হ (সেবার যোগ্য)।
সম্মান + √অর্হ্ +অচ্ = সম্মানার্হ (সম্মানের যোগ্য)।
প্রশংসা + √অর্হ্ +অচ্ = প্রশংসার্হ (প্রশংসার যোগ্য)।
নিন্দা + √অর্হ্ +অচ্ = নিন্দার্হ (নিন্দার যোগ্য)।
কর্ম + √অর্হ্ +অচ্ = কর্মার্হ (কর্মের যোগ্য)।
ভজন + √অর্হ্ +অচ্ = ভজনার্হ (ভজনের যোগ্য)।
পূজন = √অর্হ্ +অচ্ = পূজনার্হ (পূজনার্হ)।
সাধন + √অর্হ্ +অচ্ = সাধনার্হ (সাধনার যোগ্য)।
দণ্ড + √অর্হ্ +অচ্ = দণ্ডার্হ (শাস্তির যোগ) ইত্যাদি।
● আর্হ + ষ্ণিক = আর্হিক (পূজাসম্বন্ধীয়)।
অর্হ্ + ষ্ণ = আর্হ (পূজা/পূজাসম্বন্ধীয়)।
অর্হ +ষ্ণীয় = অর্হীয় (পূজার উপযুক্ত)।
অর্হ্ + ষ্ণায়ন = অর্হায়ণ (পূজাসম্বন্ধীয়) ইত্যাদি।
বিশেষ দ্রষ্টব্য: এখানেও দেখা গেল বহু অচলিত শব্দ ব্যাকরণগতভাবে শুদ্ধ। আর প্রয়োজনে এগুলোকে ব্যবহারের মধ্যে আনা যায়।

▶ **√কল্ (শব্দ করা/গণনা করা ইত্যাদি): ধাতুর রূপ: কলতে, কলেতে, কলন্তে/কলয়তি, কলয়তঃ, কলয়ন্তি ইত্যাদি।**

● √কল্ +ক্ত/ত = কলিত (শব্দিত)
√কল্ +ইন্ = কলি (যুদ্ধ/কলহ/যুগবিশেষ)।
√কল্ +অনট্ = কলন (শব্দ/জ্ঞান) গ্রহণ/গণনা ইত্যাদি)
√কল্ +ক (উনাদি) = কল্ক (পাপ)।
√কল্+যৎ = কল্য (শব্দের/গ্রহণের যোগ্য)
√কল্ +অনীয় = কলনীয় (শব্দের/গ্রহণের যোগ্য)
√কল্ +তব্য = কলিতব্য (শব্দের/গ্রহণের যোগ্য)
√কল্ +ণ্যৎ = কাল্য (শব্দের/গ্রহণের যোগ্য)
√কল্ +ঘঞ্ = কাল (সময়-যা গণনা করা হয়)
√কল্ +অচ্ + আ (স্ত্রী) = কলা (ভাগ/অংশ)
● আ-√কল্ +ত/ক্ত = আকলিত (সংগৃহীত)
সম্-√কল্ +ত/ক্ত = সংকলিত (সংগৃহীত)
বি-√কল্ +ত/ক্ত = বিকলিত (বিকৃত)
প্র-√কল্ +ত/ক্ত = প্রকলিত (প্রকৃষ্টভাবে গৃহীত)
উদ্-√কল্ +ত/ক্ত = উৎকলিত (উদাহৃত)
সু-√কল্ +ত/ক্ত = সুকলিত (সুন্দরভাবে সংগৃহীত)
আ-√কল্ +অনট্ = আকলন (পরিপূর্ণরূপে গ্রহণ)
সম্-√কল্ +অনট্ = সংকলন (সম্যক্ গ্রহণ)
বি-√কল্ +অনট্ = বিকলন (বিকৃতরূপে গ্রহণ)
উদ্-√কল্ +অনট্ = উৎকলন (উদাহরণ)
আ-√কল্ +অনীয় = আকলনীয় (সংগ্রহের যোগ্য)
সম্-√কল্ +অনীয় = সংকলনীয় (সংকলনের যোগ্য)
উদ্-√কল্ +অনীয় = উৎকলনীয় (উদাহরণের যোগ্য)
আ-√কল্ +তব্য = আকলিতব্য (সংগ্রহের যোগ্য)
সম্-√কল্ +তব্য = সংকলিতব্য (সংকলনের যোগ্য)
উদ্-√কল্ +তব্য = উৎকলিতব্য (উদাহরণের যোগ্য)

আ-√কল্ +যৎ = আকল্য (সম্যক্ সংকলনের যোগ্য)
সম্-√কল্ +যৎ = সংকল্য (সম্যক্ সংকলনের যোগ্য)
উদ্-√কল্ +যৎ = উৎকল্য (উদাহরণের যোগ্য)
বি-√কল্ +যৎ = বিকল্য* (বিকৃতির যোগ্য)
আ-√কল্ +ঘঞ্ = আকাল (দুর্ভিক্ষ)।
নঞ্ + √কল্ +ঘঞ্ = অকাল (অসময়)।
অনু-√কল্ +ঘঞ্ = অনুকাল (সময়ের অনুবর্তী/অনকূল সময়)।
অপ-√কল্ +ঘঞ্ = অপকাল (খারাপ সময়)।
দুঃ-√কল্ +ঘঞ্ = দুষ্কাল (খারাপ সময়)।
প্র-√কল্ +ঘঞ্ = প্রকাল (প্রকৃষ্ট সময়)।
● কাল +ষ্ণিক = কালিক (কালসম্বন্ধীয়)।
কাল + ষ্ণীন = কালীন (কালসম্বন্ধীয়)
কাল + ইমন্ (ইমা) = কালিমা (কালভাব)
কাল + কন্ = কালক (কৃষ্ণবর্ণযুক্ত)
কাল + বতুপ্ = কালবৎ > কালবান্ (কালযুক্ত)
কলি + কন্ + আ (স্ত্রী) = কলিকা (কুঁড়ি)।
কলি + √গম্ + খচ্ (অ) = কলিঙ্গ (শিরীষগাছ/দেশবিশেষ)
কল + ইলচ্ = কলিল (গহন)। ইত্যাদি
● আকাল +ষ্ণিক = আকালিক (দুর্ভিক্ষ সম্বন্ধীয়)।
দুষ্কাল + ষ্ণিক = দুষ্কালিক (খারাপ সময় সম্বন্ধীয়)।
অপকাল + ষ্ণিক = আপকালিক (খারাপ সময় সম্বন্ধীয়)।
আকাল + ষ্ণীয় = আকালীয় (দুর্ভিক্ষবিষয়ক)।
অপকাল + ষ্ণীয় = অপকালীয় (খারাপ সময়/দুঃসময় বিষয়ক)
অপকাল + ষ্ণীন = অপকালীন
কালবৎ + তা = কালবত্তা
অকালবৎ + তা = অকালবত্তা
কালবৎ + ত্ব = কালবত্ত্ব
অকালবৎ + ত্ব = অকালবত্ত্ব ইত্যাদি

বিশেষ দ্রষ্টব্য: এভাবে অনেক নতুন নতুন ব্যাকরণগতভাবে শুদ্ধ শব্দ নির্মাণ করা যায় এবং সম্ভাব্য ক্ষেত্র তৈরি ক'রে তাদের ব্যবহারও করা যায়। এতে বাংলা শব্দভাণ্ডার পুষ্টতর হওয়া সম্ভাবনা থাকে।

▶ √ক্লৃপ্/কল্প্ঃ অর্থ হল: কল্পনা করা, নির্মাণ করা ইত্যাদি: ধাতুর রূপ: কল্পতে, কল্পেতে, কল্পন্তে ইত্যাদি।

● √কল্প্ +ক্ত/ত = কল্পিত
√ক্লৃপ্ +অনট্ = কল্পন
√ক্লৃপ্ +অনট + আ = কল্পনা।
√কল্প্ +যৎ = ক্লৃপ্য, √কল্প্ +ণ্যৎ = ক্লাপ্য, √কল্প্ +তব্য = কল্পিতব্য — কল্পনার যোগ্য
√কল্প্ +অচ্ = কল্প (নিপুণ/সমর্থ)
√কল্প্ +ণক = কল্পক (কল্পনা করে যে/রচয়িতা/নাপিত)
● প্র-√কল্প্ +অচ্ = প্রকল্প। (সিদ্ধান্ত/উপপত্তি)
পরি-√কল্প্ +অনট্ + আ (স্ত্রী) = পরিকল্পনা।
বি-√কল্প্ +অচ্ = বিকল্প (অন্যতম)।
সম্-√কল্প্ +অচ্ = সংকল্প (প্রতিজ্ঞা)।
অনু-√কল্প্ +অচ্ = অনুকল্প (বিকল্প)।
প্র-√কল্প্ +অনট্ = প্রকল্পন: প্র-√কল্প্ +অনট্ + আ = প্রকল্পনা (প্রকৃষ্টরূপ জল্পনা)।
প্র-√কল্প্ +ক্ত/ত = প্রকল্পিত (রচিত)
প্র-√কল্প্ +যৎ = প্রকল্প্য, প্র-√কল্প্ +অনীয় = প্রকল্পনীয় — (প্রকৃষ্টরূপে কল্পনার যোগ্য)।
সম্-√কল্প্ +ক্ত/ত = সংকল্পিত (প্রতিজ্ঞাত)।
সম্-√কল্প্ +অনীয় = সংকল্পনীয় (প্রতিজ্ঞার উপযুক্ত)।
সম্-√কল্প্ +তব্য = সংকল্পিতব্য (প্রতিজ্ঞার উপযুক্ত)।
সম্-√কল্প্ +অনট্ = সংকল্পন (প্রতিজ্ঞা)
● কল্প +ষ্ণিক = কাল্পিক; কল্পন/কল্পনা + ষ্ণিক = কাল্পনিক (কল্পনাবিষয়ক)।
কল্প +ষ্ণেয় = কাল্পেয় (কল্পনার যোগ্য)।
কল্প +ইমন্ (ইমা) = কল্পিমা (নিপুণতা)।
কল্প +ময়ট্ = কল্পময়/কল্পনা +ময়ট্ = কল্পনাময় (সমস্ত কল্পনা জুড়ে)।
প্রকল্পনা +ষ্ণিক = প্রকাল্পনিক (প্রকৃষ্টরূপে কল্পনাবিষয়ক)।
পরিকল্পনা +ষ্ণীয় = পরিকল্পনীয় (পরিকল্পনার উপযুক্ত)।
পরিকল্পনা +ষ্ণিক = পরিকাল্পনিক (পরিকল্পনার উপযুক্ত)।
সংকল্প +অনট্ + আ (স্ত্রী) = সংকল্পনা।
সংকল্পনা +ষ্ণীয় = সাংকল্পনীয় (সংকল্পের উপযুক্ত)।
সংকল্পনা +ষ্ণিক = সাংকল্পনিক (সংকল্পের উপযুক্ত)।
বিকল্প +ষ্ণিক = বৈকল্পিক (বিকল্প সম্বন্ধীয়)।
বিকল্প +ষ্ণীয় = বৈকল্পীয় (বিকল্পের উপযুক্ত)।
কল্প +ইন্ = কল্পিন্ > কল্পী (কল্পনা করে যে)।
● কল্পনা + ময়ট্ = কল্পনাময়
কল্পনা + ময়ট্ +ঈ (স্ত্রী) কল্পনাময়ী।
কাল্পিক +তা = কাল্পিকতা, কাল্পনিক + তা = কাল্পনিকতা — (কল্পনাময়তা)
কাল্পিক + ত্ব = কাল্পিকত্ব, কাল্পিনিক + ত্ব = কাল্পনিকত্ব, কল্পনাময় + তা = কল্পনাময়তা — (কল্পনাময়তা)
সংকল্প + ইতচ্ = সংকল্পিত (সংকল্প থেকে জাত)।
প্রকল্প + ইতচ্ = প্রকল্পিত (প্রকল্প থেকে জাত)।
অনুকল্প + ইতচ্ = অনুকল্পিত (বিকল্পিত) ইত্যাদি।

▶ √কল্ল্: ধাতুর অর্থ শব্দ করা

● √কল্ল্ +অচ্ = কল্ল (শব্দ)।
√কল্ল্ +ক্ত/ত = কল্লিত (শব্দিত)।
√কল্ল্ +অনট্ = কল্লন (শব্দ)।
√কল্ল্ +ওলট্ (ওল) = কল্লোল (বড়ো ঢেউ-যা প্রবল শব্দের সৃষ্টি করে।
● প্র-√কল্ল্ + অচ্ = প্রকল্ল (প্রকৃষ্টরূপ শব্দ > জোরে শব্দ করা)
● প্র-√কল্ল্ +ক্ত/ত = প্রকল্লিত (প্রকৃষ্টরূপে শব্দিত) [শব্দটি কৃদন্ত]
প্র-√কল্ল্ +অনট্ = প্রকল্লন (উচ্চ শব্দ)
প্র-√কল্ল্ +ওলট্ = প্রকল্লোল (অতি উচ্চ ঢেউ)
উদ্-√কল্ল্ +অচ্ = উৎকল্ল (উচ্চ ঢেউ)
অনু-√কল্ল্ +অচ্ = অনুকল্ল (শব্দের মত)
দুঃ-√কল্ল্ +অচ্ = দুষ্কল্ল (ক্ষতিকর শব্দ)
অপ +√কল্ল্ +অচ্ = অপকল্ল (ক্ষতিকর শব্দ)
সু-√কল্ল্ +অচ্ = সুকল্ল (সুন্দর/শ্রুতিসুখকর শব্দ) ইত্যাদি।

ইংরেজি শিক্ষার আসর

*

জেনারেল ইংলিশ

অধিকাংশ প্রতিযোগিতামূলক পরীক্ষায় সাধারণ ইংরেজি থেকে প্রশ্ন আসে। চাকরির পরীক্ষায় যে-ধরনের ইংরেজির প্রশ্ন আসে, এখানে তেমনই কিছু নমুনা প্রশ্ন সাজিয়ে দেওয়া হল। নিয়মিত চর্চা করলে ক্রমশ ইংরেজিতে দক্ষ হয়ে উঠবেন। প্রস্তুত করছেন **কমলেশ কুমার**।

Spot the error in the sentence:

1. The timid creature was driven (a)/ into a narrow lane (b)/ where it was slewed by the kidnapper (d)/ No error (d)
2. The Vaidya's (a)/ have been living here (b) for about a decade (c)/ No error (d).
3. She was (a)/ angry on me because I (b)/ had not invited her to party (c)/ No error (d)
4. I wish (a)/ I have learnt swimming (b)/ when I was young (c)/ No error (d).
5. When she received the good news (a) / she ran straightly (b)/ to call up her parents (c)/ No error (d).
6. I wasn't (a)/ at the last meeting and (b) / neither was you (c) / No error (d).
7. The introduction of tea, coffee (a)/ and such other beverages (b)/ have not been without some effect (c)/ No error (d).
8. She found (a)/ herself in a trouble (b)/ when she saw the stalker following her persistently (c)/ No error (d)
9. I was surprise(a)/ at his brazenness (b) / as he was considered an obedient student (c)/ No error (d)
10. Most of the funds (a)/ we get from (b) / America is used to build roads and bridges (c)/ No error (d)
11. Either my colleague (a)/ or a peon are coming home (b)/ with the material today (c)/ No error (d) .
12. I read the letter (a) / and made him aware (b)/ of its content (c)/ No error (d).
13. He walked as faster (a)/ as he could so that (b)/ he would not miss the train to work (c)/ No error (d)
14. Basanta is eclipsed by his wife (a)/ who is cleverer and (b)/ amusing than he is (c)/ No error (d)
15. Ratan needs not (a)/ come here (b)/ as it is getting dark (c)/ No error (d)
16. The streets of Rome (a) / were thronged (b)/ by the common people (c)/ No error (d)
17. The master did not know (a)/ who of the servants (b)/ broke the expensive dinner set (c)/ No error (d)
18. He asked me (a)/ what (b)/ did I say about him (c)/ No error (d)
19. All of his sister-in-laws (a)/ are extremely co-operative (b)/ and she doesn't miss her real sisters at all (c)/ No error (d)
20. I like (a)/ the poetries (b)/ of Byron and Shelley (c)/ No error (d)

Fill in the blanks with correct alternatives:

21. I waited ___ the train arrived.
(a) as (b) until (c) since (d) after
22. Sanjay ___ his mother in the morning everyday.
(a) calls in (b) calls up (c) calls off (d) calls down
23. I'm very pleased with my new secretary. Her work is of a high ___.
(a) condition (b) degree (c) capacity (c) standard
24. He was slow as usual. Even a snail would have seemed ___.
(a) fastest (b) faster (c) too fast (d) not fast
25. The statue ___ a global symbol of freedom.
(a) stands to (b) stands for (c) stands as (d) stands against
26. He waited with ___ breath for the door to open.
(a) baited (b) bated (c) beaten (d) bitten
27. The passangers were afraid, but the captain ___ them that there was no danger.
(a) promised (b) advised (c) assured (d) consoled
28. A technology-starved customer would only be ___ to be presented with a new product.
(a) thriving (b) declarative (c) irritable (d) thrilled
29. She heard the ___ of the hinges.
(a) ratting (b) rustling (c) crashing (d) creaking
30. The crop will fail, ___ it rains this week.
(a) unless (b) until (c) till (d) when
31. We had ___ money left, so we went out for a meal. We decided to abandon our trip as we had ___ money left.
(a) a little, a little (b) little, a little (c) a few, few (d) a little, little
32. The whole class sympathised ___ the peon.
(a) at (b) for (c) with (d) towards
33. The driver was ___ injured, he died within an hour.
(a) significantly (b) fatally (c) fatefully (d) vitally
34. She ___ a brief appearance at the end of the party.
(a) put on (b) put in (c) put across (d) put up
35. She slipped and ___ her ankle.
(a) broken (b) sprained (c) massaged (d) hurted
36. Lokesh was busy when we ___ to see him.
(a) go (b) went (c) gone (d) goes
37. She was so ___ in her manner that he was mesmerised by her.
(a) deferential (b) disputatious (c) impertinent (d) insolent

38. The three brothers formed a little ___ within the family.
(a) clique (b) camp (c) coterie (d) band
39. Statistics ___ always my worst subject.
(a) were (b) is (c) have (d) are
40. This area suffers from ___.
(a) drought (b) droaghts (c) draughts (d) drafts

Choose the correct One word substitution:
41. Light rain falling in very fine drops:
(a) Piquant (b) Canine (c) Relegate (d) Drizzle
42. To bring under control:
(a) Acronym (b) Subjugate (c) Epilogue (d) Paleontology
43. That cannot be explained or accounted for:
(a) Inexplicable (b) Stationers (c) Inroad (d) Diatribe
44. Sound of the funeral bell:
(a) Knell (b) Mendicant (c) Effluents (d) Craftsman
45. Overturn in water:
(a) Capsize (b) Misoneist (c) Perversion (d) Invisible
46. One of the large landmasses of the earth:
(a) Continent (b) Windfall (c) Euphemism (d) Nonentity
47. A person who is unable to walk or move properly. (a) Cripple (b) Death-trap (c) Scapegoat (d) Revocation
48. Large scale destruction by fire:
(a) Incomparable (b) Indelible (c) Holocaust (d) Unmailable
49. Too strong to be overcome or defeated:
(a) Philistine (b) Impregnable (c) Empiric (d) Toxicology
50. Man having the qualities of woman:
(a) Patrilineal (b) Disciplinarian (c) Nocturnal (d) Effeminate
51. A drug that causes one to hallucinate:
(a) Hallucinogen (b) Downpour (c) Eccentric (d) Destitution
52. Liable to being called:
(a) Interlude (b) Accountable (c) Effervesce (d) Reticent
53. Huge destructive fire:
(a) Voluntary (b) Bigot (c) Conflagration (d) Imaginary
54. Public merry making and feasting:
(a) Imperceptible (b) Carnival (c) Relapse (d) Recite
55. Prayer for the dead:
(a) Oscurantist (b) Ethnology (c) Requiem (d) Psychic
56. Particulary good, skillful, effective, stylish:
(a) Bronco (b) Mammal (c) Nifty (d) Delirium
57. Loss of complete hope:
(a) Effluents (b) Baby minder (c) Despondency (d) Volte-face
58. To officially take private property away to seize:
(a) Confiscate (b) Stub (c) Pervasive (d) Deploy
59. Capable of being understood in either of two or more possible sense:
(a) Dexterous (b) Sterile (c) Ambiguous (d) Manifesto
60. Place where birds are kept:
(a) Aviary (b) Benefactor (c) Brigand (d) Omnipotent

Choose the correct idioms and phrases:
61. Feet of clay:
(a) To spoil someone's plan (b) Hidden faults (c) soft-spoken (d) To make or destroy
62. A close shave:
(a) Adequate space (b) Something achieved by a narrow margin (c) Be ready for something (d) Enjoy oneself greatly
63. To move heaven and earth:
(a) Elusive (b) To realize the truth (c) To obstruct (d) To make a supreme effort
64. Royal road:
(a) To leave quietly (b) Too blind to the true situation (c) An easy or direct way of achieving a desired result (d) To run away
65. Throw cold water:
(a) To remove obstructions (b) Avoid becoming too friendly (c) To be involved in several activities (d) To criticise or stop someone from doing something that he is enthusiastic about
66. Live in an ivory tower:
(a) Not to speak the entire truth (b) Living in comfort and being unaware of realities of other's miseries (c) To understand the hidden meaning (d) To create difficulty
67. Bad blood:
(a) To irritate or annoy (b) A homeless person (c) Meet one's final end (d) Enmity
68. Apple pie order:
(a) Get rid of (b) To behave in an exaggerated way in order to attract people's attention (c) in good condition (d) Adequate space
69. Take away one's breath:
(a) Prosperous (b) Take by storm (c) To know the secrets (d) Energetic
70. Kill two birds with one stone:
(a) To live within one's income (b) Composure (c) Doing two things at the same time while effort is made for one (d) One's most supported person

ANSWERS

1(c), 2(a), 3(b), 4(b), 5(b), 6(c), 7(c), 8(b), 9(a), 10(c), 11(b), 12(c), 13(a), 14(c), 15(a), 16(c), 17(b), 18(c), 19(a), 20(b), 21(b), 22(b), 23(d), 24(b), 25(c), 26(b), 27(c), 28(d), 29(d), 30(a), 31(d), 32(c), 33(b), 34(b), 35(b) 36(a), 37(a), 38(c) 39(b), 40(a 41(d), 42.(b), 43(a), 44(a), 45(a), 46(a), 47(a), 48(c), 49(b), 50(d), 51(a), 52.(b), 53(c), 54(b), 55(c), 56(c), 57(c). 58(a), 59(c), 60(a), 61(b), 62(b), 63(d), 64(c). 65(d). 66(b), 67(d). 68(c), 69(b), 70(c).

কোম্পানির আমলে সামাজিক আন্দোলন

প্রশাসনকে ঠিকমতো চালনা করতে আধুনিক শিক্ষা চালু করে কোম্পানি। এ দেশ উপলব্ধি করে কুসংস্কারাচ্ছন্ন সমাজকে আলো দেখাতে পাশ্চাত্য শিক্ষার প্রসার জরুরি। আলোচনা করছেন **মিতা গুহ**।

১৭৫৭ খ্রিস্টাব্দে পলাশির যুদ্ধের পর থেকে ১৮৫৭ খ্রিস্টাব্দ পর্যন্ত ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনকালে ইংরেজরা এদেশে সামাজিক, সাংস্কৃতিক সংস্কার করার উদ্যোগ নেয়। আসল উদ্দেশ্য ছিল ভারতবর্ষে ব্রিটিশ সাম্রাজ্যবাদ কায়েম করা। ১৮১৩ খ্রিস্টাব্দের 'চার্টার অ্যাক্ট' পাশ হলে এই উদ্যোগ আরও জোরদার হয়। বাংলাদেশে মিশনারি, সরকারি ও বেসরকারি উদ্যোগে পাশ্চাত্য শিক্ষার বিস্তার বাংলার জনমনে সামাজিক কুসংস্কার ও নৈতিক অধঃপতনের বিরুদ্ধে সচেতনতা বাড়িয়ে তোলে।

লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক ও তাঁর শিক্ষা-সচিব লর্ড মেকলেকে ভারতে পাশ্চাত্য শিক্ষার প্রবর্তনে পথিকৃৎ বলা চলে। ঊনবিংশ শতকের প্রথমার্ধে রামমোহন, ডিরোজিও, রাধাকান্ত দেব, জয়নারায়ণ ঘোষাল, বিদ্যাসাগর প্রমুখ সংস্কার করা পাশ্চাত্য শিক্ষার প্রসারের সঙ্গে সঙ্গে সমাজ ও সাংস্কৃতিক ক্ষেত্রে আন্দোলন শুরু করেছিলেন। চিন্তাবিদ মিল, বেন্থাম, দান্তে, গ্যেটে প্রমুখ মানবতাবাদীর প্রভাব কোম্পানির আমলে সংস্কার আন্দোলনে পরোক্ষ ভাবে প্রেরণা জুগিয়েছিল। ভারতের শিক্ষিত মানুষেরাও বুঝেছিলেন, কুসংস্কার থেকে মুক্তি এবং আধুনিক মানসিকতা গ্রহণের মধ্য দিয়েই ভারতবাসীর উন্নতি হবে।

ঊনবিংশ শতাব্দীর আগে ভারতে হিন্দুদের বুনিয়াদি শিক্ষার জন্য পাঠশালা ও চতুষ্পাঠী এবং উচ্চশিক্ষার জন্য টোল ছিল। আবার মুসলমানদের প্রাথমিক শিক্ষার জন্য মক্তব ও উচ্চশিক্ষার জন্য মাদ্রাসা গঠিত হয়েছিল। এই সব শিক্ষা-প্রতিষ্ঠানে গণিত, বিজ্ঞান, ইতিহাস, অর্থনীতি, রাজনীতি বিষয়ে কোনও শিক্ষা দেওয়া হত না। প্রথম দিকে পাশ্চাত্য শিক্ষার প্রবর্তনে বিরূপ প্রতিক্রিয়া দেখা দিতে পারে ভেবে ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি পাশ্চাত্য শিক্ষার বিস্তারে চেষ্টা করেনি। প্রশাসনিক প্রয়োজনে কোম্পানির কর্মচারীদের ভারতীয় ভাষা ও রীতিনীতি জানাবার জন্য ১৮০০ খ্রিস্টাব্দে লর্ড ওয়েলেসলি ফোর্ট উইলিয়াম কলেজ তৈরি করেন। উনিশ শতকের বাংলার নবজাগরণের প্রাণপুরুষ ভারতপথিক রামমোহন রায় সমাজ সংস্কারের ক্ষেত্রে যুক্তিবাদী পাশ্চাত্য শিক্ষার গুরুত্ব উপলব্ধি করেছিলেন, তিনি সরকারকে অনুরোধ করেন সরকারি অর্থ আধুনিক জ্ঞানবিজ্ঞান ও শিক্ষা প্রসারের কাজে ব্যয় করা হোক। পাশ্চাত্য শিক্ষা প্রসারের সমর্থক হওয়া সত্ত্বেও মাতৃভাষাকে অবহেলা করে ইংরেজি শিক্ষার পক্ষপাতী ছিলেন না তিনি। তাঁর নিজস্ব সংবাদপত্র 'সংবাদ কৌমুদী'তে তা স্পষ্ট ভাষায় জানিয়েছিলেন। তিনি জাতপাত, অস্পৃশ্যতা, পুরোহিত প্রাধান্যের বিরোধিতা করে সমাজ সংস্কারের উদ্যোগ নেন। তাঁরই অনুরোধে বেন্টিঙ্ক ১৮২৯ খ্রিস্টাব্দে সতীদাহ প্রথা রদ করেন। এছাড়া পুরুষের বহুবিবাহ, নারীর বাল্যবিবাহের বিরোধিতা করেছিলেন রাজা রামমোহন। তিনি সম্পত্তিতে নারীর উত্তরাধিকারের স্বীকৃতির জন্য সংগ্রাম চালিয়েছিলেন।

১৮১৫-তে অসাম্প্রদায়িকতা ও সর্বজনীন ধর্মের ভিত্তিতে রামমোহন রায় প্রতিষ্ঠা করেন 'আত্মীয় সভা'। পরবর্তী কালে এরই পূর্ণতর রূপ ব্রাহ্মসমাজের ভারতবর্ষব্যাপী সামাজিক আন্দোলন, যা দেবেন্দ্রনাথ ঠাকুর, কেশবচন্দ্র সেন প্রমুখ নেতাদের হাত ধরে প্রসার লাভ করে।

ধর্মকে বর্জন করে উনিশ শতকের দ্বিতীয় দশকে যে-আন্দোলন শুরু হয়েছিল তা 'নব্য বঙ্গ' বা 'ইয়ং বেঙ্গল' নামে পরিচিত। নব্য বঙ্গ দলের আন্দোলন শুরু হয়েছিল হিন্দু কলেজের পর্তুগিজ অধ্যাপক হেনরি লুই ভিভিয়ান ডিরোজিওকে কেন্দ্র করে। রামগোপাল ঘোষ, রামতনু লাহিড়ী, রাধানাথ শিকদার, প্যারীচাঁদ মিত্র প্রমুখ বিদগ্ধ ব্যক্তিরা ১৮১৮-য় বিতর্কসভা 'অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন' প্রতিষ্ঠা করেন। এখানে তাঁরা দেশাত্মবোধ, গোঁড়ামি, পুরোহিত তন্ত্রের প্রতিবাদ করে যুক্তিবাদী আন্দোলন গড়ে তুলতে চেয়েছিলেন। মহারাষ্ট্রে প্রতিষ্ঠিত 'প্রার্থনা সমাজ', দয়ানন্দ সরস্বতী প্রতিষ্ঠিত 'আর্যসমাজ' একই ভাবে মহারাষ্ট্র ও গুজরাতে সমাজ-সংস্কারে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল।

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১) ধর্মকে সম্পূর্ণ বাদ দিয়ে বিশুদ্ধ সমাজ সংস্কারে ব্রতী হন। হিন্দু বিধবা বিবাহের সমর্থনে সরকারি আইন পাশ করার লক্ষ্যে তিনি এক ব্যাপক আন্দোলন গড়ে তোলেন। ১৮৫৬ সালে আইন পাশ হয় এবং তাঁর ব্যক্তিগত উদ্যোগে বিধবা বিবাহ সম্পন্ন হতে থাকে। বিধবা-বিবাহের প্রচলন, বাল্যবিবাহ ও বহুবিবাহ রোধের পাশাপাশি চলেছিল স্ত্রী-শিক্ষা বিস্তারের অক্লান্ত উদ্যোগ।

মহারাষ্ট্রে দাদোভা পান্ডুরঙ্গ ও জ্যোতিবা ফুলে যুক্তিবাদ ও সাম্যের ভিত্তিতে সমাজ গড়ে তোলার জন্য সংস্কার আন্দোলন চালিয়েছিলেন। উনিশ শতকের প্রথমার্ধে মুসলিম সম্প্রদায়ের মধ্যে সমাজ সংস্কার আন্দোলন গড়ে তুলেছিলেন স্যার সৈয়দ আহমেদ খান। ভারতের পশ্চিম উপকূলে গুজরাত এবং বম্বেতে জরাথ্রুস্ট ধর্মাবলম্বীরা ধর্মীয় ও সামাজিক সংস্কার আন্দোলন চালাতে পার্সিয়ান রিফর্ম সোসাইটি গঠন করেন।

*

ভারতের চা চাষ

ভারতীয় চায়ের বড় বাজার স্বদেশে এবং বিদেশেও। পশ্চিমবঙ্গ, অসম, দাক্ষিণাত্য এবং পূর্ব ভারতের পার্বত্য অংশে চায়ের চাষ হয়। চা উৎপাদনে ভারত বিশ্বে দ্বিতীয়। আলোচনা করছেন **সৃষ্টিধর বেরা**।

ক্যামেলিয়া সাইনেনসিস নামক চিরহরিৎ গুল্ম জাতীয় গাছের পাতা থেকে চা প্রস্তুত হয়। এটি ক্যাফিন নামক উপক্ষার যুক্ত মৃদু উত্তেজক পানীয়।

প্রাকৃতিক পরিবেশ

●**উষ্ণতা:** গড়ে ২০° সেঃ থেকে ৩০° সেঃ উষ্ণতায় চা চাষ ভালো হয়।

● **বৃষ্টিপাত:** চা চাষের জন্য ১৫০ থেকে ২০০ সেমি বৃষ্টিপাত আবশ্যক।

● **আর্দ্রতা:** চা উৎপাদক অঞ্চলে বাতাসের আর্দ্রতা ৭০ শতাংশের বেশি হওয়া প্রয়োজন।

● **তুষার ও তুহিন:** তুষার ও তুহিন চা চাষে ক্ষতি করে। তবে মৃদু কুয়াশা চা চাষের পক্ষে বেশ উপকারী।

●**মৃত্তিকা:** অম্লধর্মী লৌহ ও ম্যাঙ্গানিজ মিশ্রিত উর্বর দোঁয়াশ মাটি চা চাষের পক্ষে উপযোগী। ফসফরাস ও পটাশ মিশ্রিত পার্বত্য মৃত্তিকাতেও চা চাষ ভালো হয়।

●**ভূপ্রকৃতি:** চা গাছের গোড়ায় জল দাঁড়ানো ক্ষতিকর। ভূপৃষ্ঠের ১,০০০ থেকে ২,০০০ মিটার উচ্চতায় সবচেয়ে ভালো চায়ের চাষ হয়। পাহাড়ের গায়ে ধাপ কেটে চা চাষ করা হয়।

●**ছায়া প্রদানকারী বৃক্ষ:** সরাসরি সূর্যালোক চা গাছের পক্ষে ক্ষতিকর। তাই চা-বাগিচার ভেতরে বড় বড় ছায়া প্রদানকারী গাছ লাগানো হয়।

অর্থনৈতিক পরিবেশ

●**শ্রমিক:** শ্রমিকের নৈপুণ্যের উপর চায়ের গুণাগুণ নির্ভর করে। সাধারণত নারী ও শিশু শ্রমিকরা চা-বাগিচায় কাজ করে।

●**মূলধন:** বাগান তৈরি, পরিচর্যা, শ্রমিকের মজুরি, সার, কীটনাশক প্রভৃতির জন্য পর্যাপ্ত লগ্নি প্রয়োজন।

● **পরিবহণ:** উপযুক্ত পরিবহণ ব্যবস্থা চা-কে লাভজনক চাষে পরিণত করে।

● **কারখানা:** চা-বাগিচার কাছেই চা শিল্পের উপযুক্ত পরিকাঠামো থাকা জরুরি।

প্রজাতি ও প্রকারভেদ

চা বিশ্বের সর্বাপেক্ষা জনপ্রিয় পানীয়। চিন, ভারত, শ্রীলঙ্কা, কেনিয়া প্রভৃতি দেশ চা উৎপাদনে অগ্রণী। প্রজাতি অনুসারে চা মূলত দু'প্রকার।

● **অসম প্রজাতি:** এই জাতীয় চা গাছ আকারে বড় এবং প্রচুর পাতা থাকে।

● **চিন প্রজাতি:** এই জাতীয় চা গাছ আকারে ছোট এবং পাতার পরিমাণ তুলনামূলক ভাবে কম।

প্রস্তুতির দিক থেকে চা বিভিন্ন প্রকার—

● **কালো চা:** চায়ের পাতা গাঁজিয়ে ও সেঁকে যে চা প্রস্তুত করা হয় তাকে কালো চা বলে। ভারত, শ্রীলঙ্কা ও কেনিয়া এই চা উৎপাদনে প্রসিদ্ধ।

● **সবুজ চা:** চা গাছ থেকে তোলা চা পাতা সরাসরি সূর্যের তাপে শুকনো করে যে চা প্রস্তুত করা হয়, তাকে সবুজ চা বলে। চিন, জাপান প্রভৃতি দেশ এই চা উৎপাদনে অগ্রণী।

● **সাদা চা:** প্রধানত কুঁড়ি ও অপরিণত পাতা রোদে অল্প শুকিয়ে যে চা প্রস্তুত করা হয় তাকে সাদা চা বলে। এর নাম সাদা চা হলেও এর রং ধূসর-হলুদ। ভারতের উত্তর পূর্বাঞ্চল, চিনের ফুজিয়ান প্রদেশ এবং তাইওয়ানে এই প্রকার চা তৈরি হয়।

● **হলুদ চা:** প্রধানত চা পাতাকে অক্সিডাইজ করে যে চা প্রস্তুত করা হয় তাকে হলুদ চা বলে। চিন এই চা উৎপাদনে অগ্রগণ্য।

● **কুকি চা:** চা পাতা ও কুঁড়ির সঙ্গে, চা গাছের কাণ্ডের অংশ মিশিয়ে যে চা প্রস্তুত করা হয়, তাক কুকি চা বলে। জাপানে কুকি চায়ের উৎপাদন খুব বেশি হয়।

● **ইষ্টক চা:** চা পাতার গুঁড়োর সঙ্গে মশলা, মাখন, ভাতের মণ্ড প্রভৃতি মিশিয়ে চাপ দিয়ে ইঁটের আকারের যে চা প্রস্তুত করা হয়, তাক ইষ্টক চা বলে। রাশিয়া এই চা উৎপাদনে প্রসিদ্ধ।

● **ওলং চা:** এটি এক প্রকার সুগন্ধী চা। তাইওয়ানে এই চায়ের উৎপাদন বেশি।

● **ইয়ার্বামাতে:** দক্ষিণ আমেরিকার ইয়ার্বামাতে নামক বনজ উদ্ভিদ থেকে যে বিশেষ ঔষধিগুণযুক্ত চা প্রস্তুত করা হয়, তাকে ইয়ের্বামাতে বলে। প্যারাগুয়ে, আর্জেন্টিনা, উরুগুয়েতে এই চা উৎপাদিত হয়।

ভারতে চা চাষ

ভারতের প্রধান চা উৎপাদক অঞ্চল

চা ভারতের একটি প্রধান অর্থকরী ফসল। ভারতীয় চায়ের অভ্যন্তরীণ এবং বিশ্বব্যাপী বিরাট বাজার রয়েছে। ভারতের চা বাগিচাগুলি দু'টি মূল অঞ্চলে বিভক্ত— ●উত্তর পূর্বাঞ্চল ●দক্ষিণাঞ্চল।

●**উত্তর পূর্বাঞ্চল:** এটি ভারতের প্রধান চা উৎপাদক অঞ্চল। ভারতের মোট চা উৎপাদনের প্রায় ¾ ভাগ এই অঞ্চলেই উৎপাদিত হয়। এখানকার প্র ধান উপ-অঞ্চলগুলি হল—

●**অসমের ব্রহ্মপুত্র উপত্যকা:** ব্রহ্মপুত্র উপত্যকার গোয়ালপাড়া, লখিমপুর, শিবসাগর, রুদ্রসাগর, ডিব্রুগড়, কামরূপ চা শিল্পের প্রধান কেন্দ্র। এখানে ভারতে উৎপাদিত চায়ের প্রায় ৪৫ শতাংশ উৎপাদিত হয়।

●**কাছাড় অঞ্চলের সুর্মা উপত্যকা:** এই অঞ্চলে ভারতের মোট উৎপাদিত চায়ের ৬ থেকে ৮ শতাংশ উৎপাদিত হয়। কাছাড় জেলার শিলচর চা শিল্পের প্রধান কেন্দ্র।

●**দার্জিলিং পার্বত্য অঞ্চল:** এই অঞ্চলে ভারতের মোট উৎপাদিত চায়ের প্রায় ১.৫ শতাংশ উৎপাদিত হয়। এখানকার সুখিয়া পোখরি, মকাইবাড়ি, হ্যাপিভ্যালি, কার্শিয়াং প্রভৃতি অঞ্চলে শতাধিক চা-বাগিচা গড়ে উঠেছে। স্বাদ ও সুগন্ধের জন্য দার্জিলিঙের চা জগৎ-বিখ্যাত।

●**ডুয়ার্স অঞ্চল:** জলপাইগুড়ি ও কোচবিহার জেলার তরাই ও ডুয়ার্স অঞ্চল চা উৎপাদনের জন্য বিখ্যাত। এখানকার কালচিনি, মাগরাকাটা, নকশালবাড়ি, মাদারিহাট প্রভৃতি অঞ্চলে প্রধান চা-বাগিচাগুলি রয়েছে।

●**দক্ষিণাঞ্চল:** ভারতের দ্বিতীয় চা উৎপাদক অঞ্চল হল দক্ষিণাঞ্চল। এখানে ভারতের প্রায় ২২ শতাংশ চা উৎপাদিত হয়। নীলগিরি, কার্ডামম, আন্নামালাই প্রভৃতি পার্বত্য ঢালে প্রধান চা উৎপাদক অঞ্চলগুলি অবস্থিত।

●**তামিলনাড়ু:** তামিলনাড়ুর নীলগিরি, আন্নামালাই প্রভৃতির পার্বত্য ঢালে চা উৎপাদিত হয়। কোয়েম্বাটোর, তিরুনেলভেলি, মাদুরাই প্রভৃতি অঞ্চল চা শিল্পে উন্নত।

●**কেরল:** কেরলের কোঝিকোড়, কোট্টায়াম, তিরুবনন্তপুরম অঞ্চল চা শিল্পে উন্নত। কেরলের ওয়েনাড জেলার চা উৎকৃষ্ট মানের।

●**কর্নাটক:** কর্নাটকের মহীশূর, কোদাগু, হাসান প্রভৃতি অঞ্চল চা শিল্পে উন্নত।

●**অন্যান্য অঞ্চল:** উপরোক্ত অঞ্চলগুলি ছাড়া হিমাচল প্রদেশ, বিহার, ঝাড়খণ্ড, উত্তরাখণ্ড প্রভৃতি অঞ্চলেও সামান্য চা উৎপাদিত হয়।

ভারতে চা চাষের সমস্যা

●ভারতীয় চায়ের ফলন কম।

●ভারতীয় চায়ের উৎপাদন অধিকাংশ ক্ষেত্রে ঋতুভিত্তিক। তাই সারা বছর পর্যাপ্ত কাঁচামাল পাওয়া যায় না।

●চা উৎপাদক অঞ্চল থেকে বাজারে চা রপ্তানির জন্য উন্নত ও সুলভ পরিবহণের অভাব রয়েছে।

●বর্তমানে আন্তর্জাতিক বাজারে ভারতীয় চা তীব্র প্রতিযোগিতার সম্মুখীন।

●এখানকার প্যাকেজিং ব্যবস্থা ততটা উন্নত নয়।

বিশেষ তথ্য

●চা উৎপাদনে ভারত বিশ্বে দ্বিতীয় এবং রপ্তানিতে চতুর্থ।

●অসম চা উৎপাদনে ভারতে প্রথম।

●কলকাতা বন্দর দিয়ে চা সবচেয়ে বেশি রপ্তানি হয়।

●হেক্টর প্রতি চা উৎপাদনে প্রথম স্থানাধিকারী রাজ্য কর্নাটক।

●ভারতের চা গবেষণাগার অসমের জোড়হাটে অবস্থিত।

গণপরিষদ (Constituent Assembly)

যে-কোনও প্রথম সারির প্রতিযোগিতামূলক পরীক্ষায় ভারতের সংবিধান থেকে প্রশ্ন আসে। সংবিধানের খসড়া রচিত ও গৃহীত হয়েছিল গণপরিষদে। আলোচনা করছেন **রাজকুমার নন্দী।**

1. ভারতের জন্য গণপরিষদ গঠনের কথা প্রথম কে বলেন?
উত্তর: এম এন রায়।

2. 'The Constitution of free India must be framed, without outside interference, by a Constituent Assembly elected on the basis of adult franchise' — কে ঘোষণা করেন?
উত্তর: জওহরলাল নেহরু।

3. কোন ঘোষণার দ্বারা ব্রিটিশ সরকার গণপরিষদ গঠনের দাবি মেনে নেয়?
উত্তর: অগস্ট অফার।

4. কোন পরিকল্পনার দ্বারা গণপরিষদ গঠিত হয়েছিল?
উত্তর: ক্যাবিনেট মিশন পরিকল্পনা (Cabinet Mission Plan)

5. গণপরিষদ কতজন সদস্য নিয়ে গড়ে ওঠে?
উত্তর: 389 জন।

6. গণপরিষদে কতজন নির্বাচিত সদস্য ছিলেন?
উত্তর: 296 জন।

7. মুখ্য কমিশনারের প্রদেশগুলি (Chief Commissioners' Provinces) থেকে কতজন নির্বাচিত সদস্য গণপরিষদে ছিলেন?
উত্তর: 4 জন।

8. গণপরিষদে কংগ্রেসের কতজন নির্বাচিত সদস্য ছিল?
উত্তর: 208 জন।

9. বিভাজনের পূর্বে গণপরিষদে মুসলিম লিগের কতজন সদস্য ছিল?
উত্তর: 73 জন।

10. গণপরিষদের প্রথম সভা কবে অনুষ্ঠিত হয়?
উত্তর: 9 ডিসেম্বর, 1946.

11. গণপরিষদের অস্থায়ী সভাপতি কে নির্বাচিত হন?
উত্তর: সচ্চিদানন্দ সিনহা।

12. ডঃ রাজেন্দ্রপ্রসাদ কবে গণপরিষদের স্থায়ী সভাপতি হন?
উত্তর: 11 ডিসেম্বর, 1946.

13. গণপরিষদের উপসভাপতি কে ছিলেন?
উত্তর: এইচ সি মুখার্জি।

14. গণপরিষদের সদস্যদের নির্বাচন পদ্ধতি কী ছিল?
উত্তর: অপ্রত্যক্ষ (Indirect)।

15. 'Objectives Resolution' কে উত্থাপন করেন?
উত্তর: জওহরলাল নেহরু।

16. গণপরিষদে ক'টি অধিবেশন অনুষ্ঠিত হয়েছিল?
উত্তর: 11টি।

17. গণপরিষদে 'Objectives Resolution' কবে উত্থাপিত হয়?
উত্তর: 13 ডিসেম্বর, 1946.

18. গণপরিষদের খসড়া কমিটি কবে গঠন করা হয়?
উত্তর: ২৯ অগস্ট, 1947.

19. গণপরিষদের খসড়া কমিটি কতজন সদস্য নিয়ে গঠিত?
উত্তর: 7 জন।

20. সংবিধানের প্রথম খসড়া কবে প্রকাশিত হয়?
উত্তর: 1948-এর ফেব্রুয়ারিতে।

21. সংবিধানের দ্বিতীয় খসড়া কবে প্রকাশিত হয়?
উত্তর: 1948-এর অক্টোবরে।

22. কাকে 'ভারতীয় সংবিধানের জনক' আখ্যা দেওয়া হয়?
উত্তর: ডঃ বি আর আম্বেদকর।

23. 'The Constituent Assembly was a one party body in an essentially one-party country. The Assembly was the Congress and the Congress was India.' —উক্তিটি কার?
উত্তর: ঐতিহাসিক গ্র্যানভিলে অস্টিন।

24. গণপরিষদকে 'a body of Hindus' নামে কে অভিহিত করেছেন?
উত্তর: ভিসকাউন্ট সাইমন।

25. কবে জাতীয় পতাকা গৃহীত হয়?
উত্তর: 22 জুলাই, 1947.

26. সংবিধানে উল্লিখিত নাগরিকতা ও নির্বাচন— এই দু'টি কবে থেকে কার্যকর হয়?
উত্তর: 26 নভেম্বর, 1949.

27. সংবিধান কবে গৃহীত হয়?
উত্তর: 26 নভেম্বর, 1949.

28. কবে জাতীয় সংগীত গৃহীত হয়?
উত্তর: 24 জানুয়ারি, 1950.

29. ভারতের সংবিধান কবে কার্যকর হয়?
উত্তর: 26 জানুয়ারি, 1950.

1.	Union Power Committee	Jawaharlal Nehru
2.	Union Constitution Committee	Jawaharlal Nehru
3.	States Committee Assembly (Committee for Negotiating with States)	Jawaharlal Nehru
4.	Provincial Constitution Committee	Sardar Patel
5.	Advisory Committee on Fundamental Rights, Minorities and Tribal and Excluded Areas.	Sardar Patel
6.	Fundamental Rights Sub-Committee	J B Kripalani
7.	Minorities Sub-Committee	H C Mukherjee
8.	Rules of Procedure Committee	Dr. Rajendra Prasad
9.	Steering Committee	Dr. Rajendra Prasad
10.	House Committee	Pattabhi Sitaramayya
11.	Order of Business Committee	K M Munshi

* মুসলিম রাজনীতির বিভিন্ন দিক

যে-কোনও প্রথম সারির প্রতিযোগিতামূলক পরীক্ষায় ভারতের জাতীয় আন্দোলন বিষয়ে প্রশ্ন আসে। ভারতের জাতীয় আন্দোলনে কংগ্রেস ও মুসলিম লিগের মুসলিম নেতৃবৃন্দের অবদান ও পারস্পরিক রাজনৈতিক সম্পর্ক বিষয়ে সংক্ষেপে আলোচনা করছেন **ধীমান ঘোষ।**

- ঢাকার নবাব সলিমুল্লার উদ্যোগে 1906 সালে প্রতিষ্ঠিত হয় মুসলিম লিগ।
- মুসলিম লিগ প্রতিষ্ঠিত হয় বঙ্গভঙ্গ আন্দোলনের সময়।
- মুসলিম লিগ ছিল ভারতীয় মুসলমানদের প্রধান রাজনৈতিক সংগঠন।
- 1908 সালে মুসলিম লিগের সভাপতি হন আগা খান।
- স্বায়ত্তশাসন ছিল মুসলিম লিগের অন্যতম উদ্দেশ্য।
- মুসলিম লিগের অন্যান্য উদ্দেশ্য— জাতীয় কংগ্রেসের মর্যাদা হ্রাস করা, মুসলিম স্বার্থ রক্ষা ও মুসলিমদের জন্য শিক্ষার সম্প্রসারণ ঘটানো।
- মুসলিম লিগের নেতারা কঠোর সাম্প্রদায়িক মনোভাবাপন্ন ছিলেন।
- মহম্মদ আলি জিন্না উত্থাপন করেন চোদ্দো দফা দাবি (1929)।
- চোদ্দো দফা দাবির মাধ্যমে মুসলিম সম্প্রদায়ের স্বার্থ রক্ষা করা হয়।
- চোদ্দো দফা দাবির মধ্যে ছিল— সরকারি চাকরিতে মুসলমানদের সর্বাধিক সংখ্যায় নিয়োগ এবং মুসলমানদের জন্য কেন্দ্রীয় আইনসভায় এক-তৃতীয়াংশ আসন সংরক্ষণ।
- 1916 সালে লখনউ চুক্তি স্বাক্ষরিত হয় কংগ্রেস এবং মুসলিম লিগের মধ্যে।
- পাকিস্তান প্রস্তাব গৃহীত হয় 1940 সালে, লাহোর অধিবেশনে। পাকিস্তান প্রস্তাব গ্রহণের মাধ্যমে পৃথক মুসলিম রাষ্ট্র গঠনের দাবি তোলা হয়।
- লাহোর অধিবেশনের দাবিগুলিকে অস্বচ্ছ বলেছেন ডঃ বি আর আম্বেদকর।
- সমালোচনার আলোয় মুসলিম লিগ বিভিন্ন নামে পরিচিত— 'তাঁবেদারদের সমিতি', 'সলিমুল্লা লিগ' ইত্যাদি।
- সলিমুল্লা লিগ-এর পরিচয় পাওয়া যায় বেঙ্গলি পত্রিকায়।
- বেঙ্গলি পত্রিকা সম্পাদনা করেছেন সুরেন্দ্রনাথ ব্যানার্জি।
- মংসিন উল-মুলক এবং নবাব ভিকার উল-মুলক ছিলেন সর্বভারতীয় মুসলিম লিগের প্রথম যুগ্ম সচিব।
- 1946 সালে মহম্মদ আলি জিন্না প্রত্যক্ষ সংগ্রামের ডাক দেন।
- 1939 সালের 22 ডিসেম্বর পালিত হয় মুসলিম লিগের মুক্তি দিবস।
- হিন্দু-বিরোধিতা তীব্রতর করা এবং ইসলাম ধর্মভিত্তিক রাষ্ট্র স্থাপনের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব দেন কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের ছাত্র চৌধুরি রহমত আলি।
- 'Now or Never' ইস্তাহারটির রচনাকার চৌধুরি রহমত আলি।
- বাংলার বিখ্যাত মুসলিম লিগ নেতা ফজলুল হক।
- পাঞ্জাবের বিখ্যাত মুসলিম লিগ নেতা সিকান্দার হায়াত খান।
- 'সাঁরে জাঁহাসে আচ্ছা' উর্দু কবি মহম্মদ ইকবালের রচনা।
- 1935 সালের ভারত শাসন আইনে ভারতীয়দের প্রতিনিধিত্বের সুযোগ দেওয়া হয়।
- কংগ্রেস মন্ত্রিসভা ত্যাগ করে1939 সালে।
- মহম্মদ আলি জিন্না মুসলিম লিগে যোগদান করেন 1913 সালে।
- মুসলিম লিগকে 'ইংরেজিভাষীদের দল' আখ্যা দেন উইলফ্রেড কান্টওয়েল স্মিথ।
- সিমলা ডেপুটেশন হয়েছিল 1906 সালে।
- 1946 সালের 16 অগস্ট ঘটে গিয়েছিল সবচেয়ে বড় সাম্প্রদায়িক দাঙ্গার ঘটনা।
- খান আব্দুল গফফর খান প্রতিষ্ঠা করেছিলেন খুদা-ই-খিদমৎগার।
- মার্লে মিন্টো শাসন সংস্কার প্রবর্তিত হয়— 1909 সালে।
- 1927 সালে সাইমন কমিশন গঠিত হয়। সাম্প্রদায়িক রাজনীতি প্রবল হয়ে ওঠে।
- আলিগড় আন্দোলনের প্রবর্তক স্যার সৈদয় আহম্মদ খান।
- কয়েদ-ই-আজম নামে অভিহিত করা হয় মহম্মদ আলি জিন্নাকে।
- সেভরের চুক্তি হয়েছিল মিত্রশক্তি এবং তুরস্কের মধ্যে।
- India Wins Freedom-এর লেখক মৌলানা আবুল কালাম আজাদ।
- দ্বি-জাতি তত্ত্বের প্রবর্তক স্যার সৈয়দ আহম্মদ খাঁ।
- সরোজিনী নাইডু জিন্নাকে বলেছিলেন 'হিন্দু এবং মুসলিম ঐক্যের অগ্রদূত'।
- মুসলিম লিগের নেতৃবৃন্দ— মৌলানা মহম্মদ আলি, মৌলানা সওকত আলি, ফজলুল হক।
- লন্ডনে মুসলিম লিগের শাখা প্রতিষ্ঠা করেন আমির আলি (1908 সালে)।
- জামিয়াৎ-ই-উলেমা-ই-হিন্দ স্থাপিত হয়েছিল কানপুরে।
- 'Command Performance' নামে পরিচিত সিমলা ডেপুটেশন।
- ইংরেজ সরকার সরকারি কাজকর্মে স্বীকৃতি দিয়েছিল উর্দু ভাষাকে (1837 সালে)।
- 'Sole of Spokesman' গ্রন্থের রচনাকার হলেন ডঃ আয়েষা জালাল।

নিমেষে অঙ্ক

বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নপত্র থেকে অঙ্ক সংগ্রহ করে এখানে সহজ ও সংক্ষিপ্ত পদ্ধতিতে সমাধান করা হয়েছে যাতে পরীক্ষার্থীরা অল্প সময়ে সঠিক উত্তর নির্বাচন করে সফল হতে পারেন। এসব পরীক্ষায় ভুল উত্তর দিলে নম্বর কাটা (Negative marking) যায়।
প্রস্তুত করেছেন **চঞ্চল ঘোষ।**

বীজগণিত

সমাধান

54(a): $(0.6)^3 + (0.4)^3 + 3 \times 0.6 \times 0.4 \times (0.6 + 0.4)$
$[\because 0.6 + 0.4 = 1] = (0.6 + 0.4)^3 = (1)^3 = 1$

55(c): $\frac{0.125+0.027}{(0.5)^2-0.15+(0.3)^2} = \frac{(0.5)^3+(0.3)^3}{(0.5)^2-0.5\times0.3+(0.3)^2}$
$= \frac{(0.5+0.3)\{(0.5)^2-0.5\times0.3+(0.3)^2\}}{(0.5)^2-0.5\times0.3+(0.3)^2} = 0.8.$

56(a): $P^3 + \frac{1}{p^3} = \left(p+\frac{1}{p}\right)\left(p^2+\frac{1}{p^2}-p\frac{1}{p}\right)$
$= \left(p+\frac{1}{p}\right)\left\{\left(p+\frac{1}{p}\right)^2-3\right\}$
$= \left(p-\frac{1}{p}\right)(3-3) = \left(p+\frac{1}{p}\right)\times 0 = 0.$

57(d): $x^3 + \frac{1}{x^3} = \left(x+\frac{1}{x}\right)^3 - 3\times x\times\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$
$= (2)^3 - 3\times 2 = 8 - 6 = 2.$

58(b): : $x^3 + \frac{1}{x^3} = \left(x+\frac{1}{x}\right)^3 - 3\times x\times\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right)$
$= (5)^3 - 3\times 5 = 125 - 15 = 110.$

59(b): $\frac{(0.5)^3+(0.6)^3}{(0.5)^2-(0.3)+(0.6)^2}$
$= \frac{(0.5+0.6)\{(0.5)^2-0.5\times0.6+(0.6)^2\}}{\{(0.5)^2-0.5\times0.6+(0.6)^2\}} = (0.5+0.6)$
$= 1.1.$

60(c): $\frac{(4.7)^3+(0.3)^3}{(4.7)^2-0.3\times4.7+(0.3)^2}$
$= \frac{(4.7+0.3)\{(4.7)^2-0.3\times4.7+(0.3)^2\}}{\{(4.7)^2-0.3\times4.7+(0.3)^2\}} = (4.7+0.3) = 5.$

61(c): $x^3y^3 = (x+y)^3 - 3xy(x+y) = (6)^3 = 3\times 8\times 6$
$= 216 - 144 = 72.$

62(d): $\frac{8(3.75)^2+1}{(7.5)^2-6.5} = \frac{(2\times3.75)^3+1}{(7.5)^2-6.5} = \frac{(7.5)^3+1^3}{(7.5)^2-6.5}$
$= \frac{(7.5+1)(7.5^2-7.5\times1+1^2)}{(7.5^2-6.5)}$
$a^3+b^3 = (a+b)(a^2-ab+b^2) = \frac{8.5(7.5^2-6.5)}{(7.5^2-6.5)} = 8.5$

63(a): $a^4 + \frac{1}{a^4} = 1154$
বা, $\left(a^2+\frac{1}{a^2}\right)^2 - 2 = 1154$ বা, $\left(a^2+\frac{1}{a^2}\right)^2 = 1156$
বা, $a^2+\frac{1}{a^2} = 34$ বা, $\left(a+\frac{1}{a}\right)^2 - 2 = 34$
বা, $a+\frac{1}{a} = 6$
বা, $a^3+\frac{1}{a^3} = \left(a+\frac{1}{a}\right)^3 - 3a\times\frac{1}{a}\times\left(a+\frac{1}{a}\right) = 6^3 - 3\times 6$
$= 216 - 18 = 198.$

64(a): $(a+b)(a^2-ab+b^2) = a^3+b^3.$

65(d): $x+\frac{1}{x} = 3 \therefore \left(x+\frac{1}{x}\right)^3 = 27$
বা, $x^3+\frac{1}{x^3}+3\times x\times\frac{1}{x}\left(x+\frac{1}{x}\right) = 27, x^3+\frac{1}{x^3} = 18$
বা, $\left(x^3+\frac{1}{x^3}\right)^2 = 324$ বা, $x^6+\frac{1}{x^6}+2 = 324$
বা, $x^6+\frac{1}{x^6}+2 = 322.$

66(d): $a^3-b^3 = (a-b)^3 + 3ab(a-b)$
$= (5.5-4.5)^3 + 3\times5.5\times4.5\times(5.5-4.5)$
$= (1)^3 + 74.25\times 1 = 75.25.$

67(b): $a^3-b^3 = (a-b)(a^2+ab+b^2)$
$\frac{(2.3)^3-(0.3)^3}{(2.3)^2+0.69+0.09}$
$\frac{(2.3-0.3)\{(2.3)^2+2.3\times0.3+(0.3)^2\}}{\{(2.3)^2+0.69+0.09\}}$
$= \frac{2\times\{(2.3)^2+0.69+0.09\}}{\{(2.3)^2+0.69+0.09\}} = 2.$

68(a): $x^3-\frac{1}{x^3} = \left(x-\frac{1}{x}\right)^3 + 3.x.\frac{1}{x}\left(x-\frac{1}{x}\right)$
$= m^3 + 3m.$

69(b): $3.06 = a$ এবং $1.98 = b$ হলে,
$\frac{a^3-b^3}{a^2+ab+b^2} = \frac{(a-b)(a^2+ab+b^2)}{(a^2+ab+b^2)}$
$= (a-b) = 3.06 - 1.98 = 1.08.$

70(c): $0.05 = a$ এবং $0.04 = b$ হলে,
$\frac{a^3-b^3}{a^2+ab+b^2} = \frac{(a-b)(a^2+ab+b^2)}{(a^2+ab+b^2)}$
$= (a-b) = (0.05-0.04) = 0.01.$

71(c): $a^3-b^3 = (a-b)^3 + 3ab(a-b)$
$[a-b = 2$ এবং $ab = 15]$

$= (2)^3 + 3 \times 15 \times 2 = 8 + 90 = 98$

72(a): 0.25 = a এবং 0.12 = b হলে,

$$\frac{a^3 - b^3}{a^2 + ab + b^2} = \frac{(a-b)(a^2+ab+b^2)}{(a^2+ab+b^2)}$$

$= (a - b) = (0.25 - 0.12) = 0.13.$

73(b): $\sqrt[3]{4.8} = a$ এবং $\sqrt[3]{1.2} = b$ হলে,

$(a - b)(a^2 + ab + b^2) = a^3 - b^3 = (\sqrt[3]{4.8})^3 - (\sqrt[3]{1.2})^3$

$= 4.8 - 1.2 = 3.6.$

74(d): $\frac{1}{2}(a + b + c)\{(a - b)^2 + (b - c)^2 + (c - a)^2\}$

$= \frac{1}{2}(1.2 + 2.1 - 3.3)\{(1.2 - 2.1)^2 + (2.1 - 3.3)^2 + (3.3 - 1.2)^2\} = \frac{1}{2}(0) \times (...) = 0.$

75(c): $(a + b + c) = 3.71 + 0.64 - 4.35 = 0$ হলে,

$a^3 + b^3 + c^3 - 3abc = 0$ হবে।

76(c): $a^2 + b^2 + c^2 = (a + b + c)^2 - 2(ab + bc + ca)$

$= (11)^2 - 2 \times 20 = 81$

$a^3 + b^3 + c^3 - 3abc = (a + b + c)(a^2 + b^2 + c^2 - ab - bc - ca) = (a + b + c)\{(a^2 + b^2 + c^2) - (ab + bc - ca)\}$

$= 11(81 - 20) = 11 \times 61 = 671.$

বৃত্ত

1. বৃত্তের ব্যাসার্ধ = r একক হলে, ব্যাস (d) = 2r একক।
পরিধি = $2\pi r$ একক।

ব্যাসার্ধ (r) = $\frac{\text{পরিধি}}{2\pi}$ একক এবং ব্যাস (d) = $\frac{\text{পরিধি}}{\pi}$

2. $\pi = \frac{\text{বৃত্তের পরিধি}}{\text{বৃত্তের ব্যাস}} = \frac{22}{7}$

অর্থাৎ বৃত্তের পরিধি 22 একক হলে, ব্যাস = 7 একক বা ব্যাসার্ধ = 3.5 একক।

অথবা

বৃত্তের ব্যাস = 7 একক বা ব্যাসার্ধ = 3.5 একক হলে বৃত্তের পরিধি = 22 একক হবে।

3. একটি বৃত্তাকার মাঠের চারদিকে সমপরিসরে রাস্তা আছে। রাস্তার ভেতরের ও বাইরের দিকের পরিধির পার্থক্য 22 একক হলে, রাস্তার প্রশস্ততা 3.5 একক হবে। অর্থাৎ পরিধির পার্থক্য 22-এর যতগুণ হবে, রাস্তার প্রশস্ততাও 3.5-এর ততগুণ হবে।

4. বৃত্তের ব্যাসার্ধ/ব্যাস/পরিধি x% বৃদ্ধি পেলে,

ক্ষেত্রফল বৃদ্ধি পাবে = $\left(2x + \frac{x^2}{100}\right)\%$

অনুশীলনী

1. একটি বৃত্তের ব্যাসার্ধ 42 সেমি হলে, পরিধি কত সেমি হবে?
(a) 264 সেমি (b) 624 সেমি (c) 426 সেমি (d) 462 সেমি

2. একটি বৃত্তের ব্যাস 28 সেমি হলে, বৃত্তের পরিধি কত?
(a) 44 সেমি (b) 88 সেমি (c) 66 সেমি (d) 132 সেমি

3. একটি বৃত্তের পরিধি 308 সেমি হলে, বৃত্তের ব্যাসার্ধ কত?
(a) 98 সেমি (b) 89 সেমি (c) 49 সেমি (d) 79 সেমি

4. একটি বৃত্তের পরিধি 132 সেমি হলে, বৃত্তের ব্যাস কত?
(a) 21 সেমি (b) 42 সেমি (c) 28 সেমি (d) 63 সেমি

5. একটি বৃত্তের পরিধি 66 সেমি হলে, বৃত্তের ব্যাসার্ধ কত?
(a) 105 সেমি (b) 10.5 সেমি (c) 1.05 সেমি (d) 7 সেমি

6. একটি বৃত্তের পরিধি 110 সেমি হলে, বৃত্তের ব্যাস কত?
(a) 35 সেমি (b) 17.5 সেমি (c) 70 সেমি (d) 7 সেমি

7. একটি বৃত্তাকার মাঠের চারদিকে সমপরিসর রাস্তা আছে। রাস্তার ভেতরের ও বাইরের দিকের পরিধির পার্থক্য 88 মিটার হলে, রাস্তার প্রশস্ততা কত হবে?
(a) 7 মিটার (b) 14 মিটার (c) 3.5 মিটার (d) 10.5 মিটার

8. একটি বৃত্তাকার মাঠের চারদিকে সমপরিসরে রাস্তা আছে। রাস্তার ভেতরের ও বাইরের দিকের পরিধির পার্থক্য 154 মিটার হলে, রাস্তার প্রশস্ততা কত হবে?
(a) 21 মিটার (b) 24.5 মিটার (c) 28 মিটার (d) 17 মিটার

9. বৃত্তের ব্যাসার্ধ 20% বৃদ্ধি পেলে, ক্ষেত্রফল বৃদ্ধি পাবে?
(a) 44% (b) 36% (c) 40% (d) 20%

উত্তর

1(a), 2(b), 3(c), 4(b), 5(b), 6(b), 7(b), 8(b), 9(a).

সমাধান

1(a): সূত্র '1'থেকে—

পরিধি = $2\pi r \left(2 \times \frac{22}{7} \times 42\right)$ সেমি = 264 সেমি।

2(b): সূত্র '1'থেকে—

ব্যাস (d) = 28 সেমি, ব্যাসার্ধ $\frac{28}{2}$ 14 সেমি।

$\therefore$ পরিধি = $2\pi r = \left(2 \times \frac{22}{7} \times 14\right) = 88$ সেমি।

3(c): সূত্র '1'থেকে—

ব্যাসার্ধ (r) = $\frac{308}{2\pi} = \left(\frac{308 \times 7}{2 \times 22}\right)$ সেমি = 49 সেমি।

4(b): ব্যাস = $\frac{132}{\pi} = \left(\frac{132 \times 7}{22}\right)$ সেমি = 42 সেমি।

5(b): সূত্র '2'থেকে—

ব্যাসার্ধ = $\left(\frac{66}{22} \times 3.5\right) = 10.5$ সেমি।

6(b): সূত্র '2'থেকে—

ব্যাস = $\left(\frac{110}{22} \times 7\right) = 35$ সেমি।

7(b): সূত্র '3'থেকে—

রাস্তার প্রশস্ততা = $\left(\frac{88}{22} \times 3.5\right)$ মিটার = 14 মিটার।

8(b): সূত্র '3'থেকে—

রাস্তার প্রশস্ততা = $\left(\frac{154}{22} \times 3.5\right)$ মিটার = (7×3.5)
= 24.5 মিটার।

9(a): সূত্র '4'থেকে—

ক্ষেত্রফল বৃদ্ধি পাবে = $\left(2 \times 20 + \frac{20^2}{100}\right)\%$
= (40 + 4)% = 44%.

সাধারণ মানসিক দক্ষতা*

1. মিষ্টার গুপ্ত A পয়েন্ট থেকে ঠিক উত্তর-পূর্বদিকে 10 কিলোমিটার দূরে B পয়েন্টে যাওয়ার পর দক্ষিণদিকে 15 কিলোমিটার দূরে C পয়েন্টে আসে। এখন তিনি A পয়েন্টের ঠিক কোনদিকে অবস্থান করছেন?

(a) উত্তর-পশ্চিম (b) দক্ষিণ-পশ্চিম (c) উত্তর-পূর্ব (d) দক্ষিণ-পূর্ব

2. নীচের ছবিতে মোট কতগুলি ত্রিভুজ রয়েছে?

(a) 8 (b) 7 (c) 5 (d) 6

3. নীচের কোন জোড়াটি ভুল?

(a) সোনার কেল্লা : সত্যজিৎ রায় (b) সুবর্ণরেখা : মৃণাল সেন (c) হীরের আংটি : ঋতুপর্ণ ঘোষ (d) লৌহ কপাট : তপন সিংহ

4. '?' স্থানে সঠিক সংখ্যাটি বসান:

(a) 28 (b) 32 (c) 22 (d) 44

5. নীচের শব্দটির অক্ষরগুলি ব্যবহার করে কোন শব্দটি লেখা যাবে না?

ENTERTAINMENT

(a) TREATMENT (b) RETIREMENT (c) EMINENT (d) MONUMENT

6. বিজন একটি লাইনে বাঁদিক থেকে 33তম স্থানে এবং ডানদিক থেকে 23তম স্থানে দাঁড়িয়ে আছে। লাইনে মোট কতজন আছে?

(a) 54 (b) 56 (c) 55 (d) 53

7. নীচের কোন ভেনচিত্রটি Animal, Cow, Carnivorous নির্দেশ করছে?

(a) (b) (c) (d)

8. STATION শব্দটির প্রথম ও শেষ এবং তৃতীয় ও পঞ্চম বর্ণগুলিকে যদি অদলবদল (interchange) করা হয় তাহলে 'A' কোন দু'টি বর্ণের মাঝে থাকবে?

(a) S ও T (b) T ও O (c) N ও T (d) I ও O

9. '?' স্থানে সঠিক সংখ্যাটি বসান:

(a) 68 (b) 57 (c) 75 (d) 82

10. নীচের সিরিজের প্রথম চারটি সংখ্যাকে 4 যোগ এবং শেষের চারটি সংখ্যাকে 4 বিয়োগ করা হলে নতুন সিরিজে কোন সংখ্যাটি বেশিবার আসবে?

269414578

(a) 8 (b) 3 (c) 4 (d) 1

11. একটি ইংরেজি মাসের প্রথম এবং শেষ দিন শনিবার হলে সেটি কোন মাস হবে?

(a) June (b) August (c) January (d) February

12. ফাঁকাস্থানে সঠিক বিকল্পটি বসান:

BCDZYX, EFGWVU, _____.

(a) HIJQRS (b) HIJTSR (c) HIJSTR (d) HIJUST

13. '?' স্থানে সঠিক সংখ্যাটি বসান:

8, 10, 14, 22, 38, 70, ?

(a) 150 (b) 126 (c) 124 (d) 134

14. ইংরেজি অভিধান অনুসারে কোন শব্দটি প্রথমে আসবে?

(a) Infection (b) Information (c) Influence (d) Infrequent

15. যদি 4 * 9 * 5 = 180, 5 * 6 * 4 = 120 হয়, তবে 8 * 5 * 7 = কত হবে?

(a) 210 (b) 220 (c) 250 (d) 280

16. একটি ঘনকের তিনটি অবস্থান দেখে বলুন নীচের কোন তথ্যটি সঠিক নয়?

(a) T-এর বিপরীতে V (b) O-এর বিপরীতে F (c) W -এর বিপরীতে S (d) F-এর বিপরীতে T

17. যদি কোনও কোডে DECEMBER = BEREMDEC, NOVEMBER = BEREMNOV তাহলে FEBRUARY -কী হবে?

(a) ARYURFEB (b) AYRUBFEB (c) BEFARYRU (d) ARYFUFEB

18. নীচের সংখ্যা সারণীর শেষ সংখ্যাদু'টি কী হবে?

20, 24, 16, 28, 12, 32, 8, 36, ?, ?

(a) 8, 48 (b) 6, 38 (c) 4, 40 (d) 7, 42

19. একটি ঘড়িতে যখন 1 : 30 মিনিট তখন মিনিটের কাঁটা দক্ষিণদিকে এবং ঘণ্টার কাঁটা ঠিক উত্তর-পূর্বে অবস্থান করে। তাহলে ঘড়িতে যখন ঠিক 10টা বাজে তখন মিনিটের কাঁটা কোনদিকে অবস্থান করবে?

(a) উত্তর-পশ্চিম (b) পশ্চিম (c) উত্তর (d) দক্ষিণ

20. নীচের শব্দটি কোনও বিপরীতমুখী আয়নায় প্রতিফলিত হলে কোন পরিবর্তন হবে?

INDIA75

(a) IИDI∀⅂Ƨ (b) Ƨ⅂AIDИI (c) Ƨ⅂IADИI (d) Ƨ⅃ADIИI

21. '?' স্থানে সঠিক সংখ্যাটি বসান:

10 : 1000 : : 11 : ____

(a) 1110 (b) 11000 (c) 1111 (d) 1331

22. নীচের কোন বিকল্পটি পৃথক?

(a) মহেন্দ্র সিংহ ধোনি (b) ঋষভ পন্থ (c) দীপ দাশগুপ্ত (d) ঋদ্ধিমান সাহা

23. যদি বিশেষ কোডে PUBLIC = QVCMJD হয় তাহলে PRIVATE = কী হবে?

(a) QJSWBUF (b) QSJWUBF (c) QSWJBUF (d) QSJWBUF

নির্দেশ (24 to 26): *P, M, J, K, N, Q, R একটি বৃত্তাকার টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে বসে আছেন। P -এর ডানদিক থেকে তিন নম্বরে N বসে এবং বাঁদিক থেকে তিন নম্বরে K বসে। R ও K-র মাঝে J এবং P ও M-এর মাঝে Q বসে। নীচের প্রশ্নগুলির উত্তর দিন।*

24. M ও K-এর মাঝে কে বসবে?

(a) N (b) R (c) Q (d) P

25. Q-এর বাঁদিক থেকে তিন নম্বরে কে বসবে?

(a) N (b) J (c) Q (d) P

26. R-এর ডানদিকে কে বসবে?

(a) M (b) J (c) K (d) P

27. নীচের কোন তথ্যটি সঠিক নয়?

(a) .gov: Government Site (b) .mil: Military Site (c) .edu: Education Site (d) .int: Internet Administrative Site

28. নীচের চারটি ছবির কোনটি আলাদা?

(a) (b) (c) (d)

29. প্রশান্ত তার বাড়ি থেকে উত্তরদিকে সোজা 15 কিলোমিটার পথ যাওয়ার পর পূর্বদিকে বেঁকে 4 কিলোমিটার যায়। তারপর 7 কিলোমিটার পথ দক্ষিণ দিকে যায় অবশেষে আরও 8 কিলোমিটার পথ সোজা আসে। প্রশান্ত এখন তার বাড়ি থেকে কতদূরে অবস্থান করছেন?

(a) 112 (b) 18 (c) 4 (d) 6

30. '?' স্থানে সঠিক বিকল্পটি বসান:

AM, PD, SG, VJ, ?

(a) WP (b) ZA (c) XN (d) YM

31. নীচের কোন বিকল্পটি অন্যদের থেকে আলাদা?

(a) Retina (b) Cornea (c) Vision (d) Lens

32. 1. শচীন সৌরভের চেয়ে বেশি দ্রুত দৌড়ায়।

2. সৌরভ রাহুলের চেয়ে বেশি দ্রুত দৌড়ায়।

3. রাহুল শচীনের চেয়ে বেশি দ্রুত দৌড়ায়।

যদি প্রথম দু'টি তথ্য সঠিক হয় তাহলে তিন নম্বর তথ্যটি কী হবে?

(a) সত্যি (b) অর্ধ সত্য (c) মিথ্যা (d) কোনওটিই নয়

33. ফাঁকা স্থানে সঠিক বিকল্পটি বসান:

aBcDe, FgHiJ, kLmNo, PqRsT ___

(a) vUwXY (b) uWvXy (c) UvWxY (d) uVwXy

34. নীচের কোন জোড়াটি আলাদা?

(a) উত্তরপ্রদেশ— লখনউ (b) মধ্যপ্রদেশ— ভোপাল (c) গুজরাট— আমেদাবাদ (d) উত্তরাখণ্ড—দেরাদুন

35. একটি ছবি দেখিয়ে P বলল উনি আমার ঠাকুরদার একমাত্র মেয়ের একমাত্র ছেলে। তাহলে ওই ছবির সঙ্গে P-এর সম্পর্ক কী হবে?

(a) নিজের ভাই (b) খুড়তুতো ভাই (c) পিসতুতো ভাই (d) মাসতুতো ভাই

36. যদি কোনও নির্দিষ্ট কোডে CINEMA = ICENAM, FILM = IFML লেখা হয় তবে TICKET = কী হবে?

(a) HSDEALGNAB (b) ITKCTE (c) HSEDALGANB (d) HSEDLAGNAB

37. ফাঁকাস্থানে সঠিক বিকল্পটি বসান:

c _ _ef/cc_ _f/_ _def/c _ _ef

(a) cdcccf (b) cdcfcd (c) cdcccd (d) cdfccd

38. নীচের কোন তথ্যটি সঠিক নয়?

(a) Thomas Edison : Light Bulb (b) Alfred Nobel : Dynamite (c) Computer : Charles Babbage (d) Pencil : Alexander Parkes

39. নীচের সিরিজের কোন সংখ্যাটি বেশিবার এসেছে?

8 5 2 3 4 3 5 3 7 6 5 3 2 6 7 3 1 4 3 9 3 4 2

(a) 6 (b) 3 (c) 6 (d) 4

40. যদি নীচের ছবিতে ত্রিভুজ শহর, বৃত্ত খেলোয়াড় এবং বর্গক্ষেত্র ছাত্র নির্দেশ করে তাহলে কোন অঞ্চলটি 'শহরের ছাত্ররা খেলার' সঙ্গে যুক্ত নির্দেশ করছে?

(a) T (b) D (c) F (d) E

41. প্রশ্নের ফিগারটি উত্তরে কোন বিকল্পের মধ্যে লুকিয়ে আছে?

Question Figure

Answer Figure

(a) (b) (c) (d)

42. '?' স্থানে সঠিক সম্পর্কযুক্ত ফিগারটি বসান।

Question Figure

Answer Figure

(a) (b) (c) (d)

43. নীচের কোন দু'টি ঠিকানা একই আছে?

1. NIITI, Campus : Gandhi Nagar, Visakhapatnam-530015

2. NIITI, Campus : Gandhi Nagar, Visakhpatanam-530015

3. NITII, Campus, Gandhi Nagar, Visakhapatnam-

530015

4. NIITI, Campus : Gandhi Nagar, Visakhapatnam-530015

(a) 1 এবং 2 (b) 1 এবং*4 (c) 2 এবং 4 (d) 3 এবং 4

44. আয়তন অনুসারে খেলার মাঠগুলি ছোট থেকে বড় পরপর সাজান।

1. ভলিবল, 2. টেনিস, 3. বাস্কেটবল, 4. ব্যাডমিন্টন, 5. হ্যান্ডবল

(a) 1, 3, 4, 5, 2 (b) 2, 3, 4, 5, 6, 1 (c) 4, 1, 2, 3, 5 (d) 5, 3, 1, 2, 4

45. নীচের সেটটির সঙ্গে কোন বিকল্পটি একই সম্পর্কযুক্ত?

23, 29, 37

(a) 21, 27, 37 (b) 43, 49, 59 (c) 41, 47, 53 (d) 51, 57, 64

46. নীচের শব্দটির অক্ষরগুলি ব্যবহার করে কোন শব্দটি লেখা যাবে না?

PHOTOSYNTHESIS

(a) HEIST (b) POINT (c) SYSTEM (d) HOTSPOT

47. রোহিত দশদিন আগে সিনেমা দেখতে গিয়েছিল। সে প্রতি শুক্রবার যদি সিনেমা দেখে থাকে তবে আজ কী বার হবে?

(a) শনিবার (b) মঙ্গলবার (c) রবিবার (d) সোমবার

48. ফাঁকা স্থানে কোন তারিখটি আসবে?

4/12/2019, 01/01/2020, 29/01/2020, 26/02/2020, ___

(a), 26/03/2020 (b) 23/03/2020 (c) 24/03/2020 (d) 25/03/2020

49. একদিন প্রাতঃভ্রমণে একটি পরিবারের বাবার আগে মেয়ে, মায়ের পরে ছেলে এবং মেয়ের পরে এবং বাবার আগে মা হাঁটে তাহলে শেষে কে হাঁটছে?

(a) মেয়ে (b) বাবা (c) ছেলে (d) মা

50. নীচের ত্রিভুজ আকারের কাগজকে নির্দেশ অনুসারে ভাঁজ করা হল এবং কালো অংশটিতে একটি ফুটো করা হলে, তারপর সেটি খুললে নীচের কোন বিকল্পটি হবে?

Question Figure

Answer Figure

(a) (b) (c) (d)

51. '?' স্থানে সঠিক সম্পর্কযুক্ত সংখ্যাটি বসান:

(a) 58 (b) 56 (c) 40 (d) 59

52. যদি Yuva Daya = One Two and One এবং Independence Day = One Five and Eight লেখা হয় তবে Republic Day = কী লেখা হবে?

(a) Two One and Two (b) Two Three and One (c) Two Five and One (d) Two Six and One

53. শূন্যস্থানে সঠিক বিকল্প বসান:

নীল বিপ্লব : ডঃ অরুণ কৃষ্ণণ : : শ্বেত বিপ্লব : ?

(a) বিশাল তেওয়ারি (b) দুর্গেশ প্যাটেল (c) স্যাম পিত্রোদা (d) ডঃ ভার্গিস কুরিয়েন

54. নীচের তারিখ সারণির পরবর্তী তারিখটি কী হবে?

08-08-2021, 5-08-2021, 22-08-2021, 29-08-2021, ___

(a) 08-09-2021 (b) 12-08-2021 (c) 05-09-21 (d) 7-09-2021

55. নীচের অমিল বিকল্পটি নির্বাচন করুন:

(a) 144 (b) 343 (c) 729 (d) 1728

56. '?' স্থানে কোন বিকল্পটি বসবে?

N14 Q17 T20 W23 ?

(a) A01 (b) Z24 (c) Y25 (d) Z26

57. নীচের কোন সংখ্যাটি অন্যগুলির থেকে আলাদা নির্বাচন করুন।

24, 112, 48, 66, 88, 120, 80

(a) 66 (b) 112 (c) 48 (d) 80

58. নীচের সিরিজে কতগুলি ব্যাঞ্জনবর্ণ (Consonants) 6 - এর পরে এসেছে?

B A 3 F 6 E 3 U 6 M 3 S 6 T T 6 J 3 6 K X 3 6 F 5 Z 3 6 O 6 E R Q 6 U 6 Y

(a) 3 (b) 5 (c) 6 (d) 4

59. নীচের কোন ভেনচিত্রটি ইকোসিস্টেম, গঙ্গাফড়িং, ঘাস সম্পর্ক বোঝাচ্ছে?

(a) (b) (c) (d)

60. '?' চিহ্ন বা ঘরে কোন সংখ্যাটি বসবে?

(a) 24 (b) 25 (c) 26 (d) 30

61. অমিল বিকল্পটি খুঁজে বের করুন।

(a) দার্জিলিং (b) আলিপুরদুয়ার (c) গ্যাংটক (d) কালিম্পং

62. যদি EGG = 9, MEAT = 16 হয় তবে CHICKEN = কী লেখা হবে?

(a) 49 (b) 25 (c) 81 (d) 64

63. ঘনকটিতে 6-এর বিপরীতে কোন সংখ্যা আছে?

(a) 5 (b) 6 (c) 4 (d) 3

64. কোন সিরিজটি মিসিং আছে?

xw__ za/x__qza/__wq__a/xwq z__.

(a) zxzqa (b) zqaxq (c) qwxza (d) aqzaq

65. '?' স্থানে সঠিক সংখ্যাটি বসান।

(a) 125 (b) 45 (c) 70 (d) 105

নির্দেশ (66 to 68): *কোন শব্দজোড়াগুলি সঠিক নয়?*

66. (a) ব্রাজিল : রিয়াল (b) বাংলাদেশ : টাকা (c) ইন্ডিয়া : রুপি (d) সাইপ্রাস : ডলার (ইউরো)

67. (a) কথাকলি : কেরল (b) ভারতনাট্যম : তামিলনাড়ু (c) আলকাপ : ঝাড়খণ্ড (d) মোহিনীআট্টম : অন্ধ্রপ্রদেশ

68. (a) সরদার প্যাটেল স্টেডিয়াম : আহমেদাবাদ (b) এম এ চিদাম্বরম স্টেডিয়াম : চেন্নাই (c) ফিরোজ শাহ কোটলা স্টেডিয়াম : কানপুর (d) এম চিন্নস্বামী স্টেডিয়াম : বেঙ্গালুরু

69. কোনও বিপরীতমুখী আয়নায় ঘড়ির সময় 11 : 15 দেখালে আসল সময় কত হবে?

(a) 1 : 30 (b) 12 : 45 (c) 11 : 30 (d) 12 : 35

70. নীচের বিকল্পের মধ্যে তিনটি একই আছে। কোন বিকল্পটি আলাদা?

(a) httpt://www.earhealthinsurance.co.in (b)httpt://www.earhealthinsurance.co.in (c) httpt://www.earhaelthinsurance.co.in (d) httpt://www.earhealthinsurance.co.in

71. 30 দিনের কোনও একটি মাসের প্রথম দিন মঙ্গলবার। ওই মাসের শেষদিন কী বার হবে?

(a) সোমবার (b) মঙ্গলবার (c) বুধবার (d) বৃহস্পতিবার

72. (×) ইমেজটি কোন ছবির মধ্যে লুখিয়ে আছে?

(×)

(a)

(b)

(c)

(d)

73. নীচের ? স্থানে সঠিক বিকল্পটি বসান।

A	B	D
M	N	P
F	G	?

(a) H (b) K (c) I (d) J

74. নীচের সংখ্যাসারিতে কোন সংখ্যাটি সবচেয়ে বেশি বার এসেছে?

8 4 8 2 4 6 1 7 3 2 4 2 7 4 1 6 4 3 2 8 4 8

(a) 8 (b) 6 (c) 4 (d) 2

75. নীচের সারিটিতে পরবর্তী কোন ছবিটি বসবে?

Question Figure

Answer Figure

(a)

(b)

(c)

(d)

76. নীচের সংখ্যা সেটের সঙ্গে সম্পর্কযুক্ত সঠিকজোড়াটি নির্বাচন করুন।

(16 : 64)

(a) 12 : 144 (b) 25 : 125 (c) 44 : 156 (d) 11 : 221

77. DOWNLOADING শব্দটির মধ্যে যে বর্ণগুলি আছে সেগুলি ব্যবহার করে নীচের কোন শব্দটি লেখা যাবে না?

(a) GNAWING (b) OWNING (c) LANDING (d) AWAITING

78. নীচের শব্দগুলি Dictionary অনুযায়ী প্রথম থেকে শেষে কীভাবে আসবে?

i. Percept ii. Percipient iii. Perfect iv. Perform v. Perhaps

(a) i, ii, iii, iv, v (b) iv, iii, ii, i, v (c) i, iii, v, iv, ii (d) iii, iv, i, ii, v

নির্দেশ (79 to 81): *অমিল বিকল্পগুলি নির্বাচন করুন।*

79. (a) ব্যাডমিন্টন (b) বিলিয়ার্ড (c) বাস্কেটবল (d) বক্সিং

80. (a) ABDG (b) CDFI (c) EFHK (d) GHJK

81. (a) 224 (b) 204 (c) 214 (d) 233

উত্তর

1(d), 2(c), 3(b), 4(a), 5(d), 6(c), 7(a), 8(b), 9(d), 10(d), 11(d), 12(b), 13(d), 14(c), 15(d), 16(d), 17(d), 18(c), 19(d), 20(b), 21(d), 22(b), 23(d), 24(a), 25(b), 26(d), 27(d), 28(c), 29(c), 30(d), 31(c), 32(c), 33(d), 34(c), 35(c), 36(b), 37(c), 38(d), 39(b), 40(b), 41(d), 42(a), 43(b), 44(c), 45(c), 46(c), 47(d), 48(d), 49(c), 50(c), 51(d), 52(d), 53(d), 54(c), 55(a), 56(d), 57(a), 58(c), 59(c), 60(c), 61(c), 62(a), 63(a), 64(c), 65(d), 66(d, 67(d), 68(c), 69(b), 70(c), 71(c), 72(c), 73(c), 74(c), 75(b), 76(b), 77(d), 78(a), 79(a), 80(d), 81(d).

সমাধান

1(d):

3(b): সুবর্ণরেখা: মৃণাল সেন নয়।

সুবর্ণরেখা সিনেমার পরিচালক ছিলেন ঋত্বিক ঘটক।

4(a): এখানে বিপরীতদিকের ঘরের সংখ্যার দ্বিগুণ অথবা দুই দিয়ে ভাগ হয়েছে।

$10 \times 2 = 20$ or, $20 \div 2 = 10$

$17 \times 2 = 34$ or, $34 \div 2 = 17$

$13 \times 2 = 26$ or, $26 \div 2 = 13$

Similarly, $14 \times 2 = 28$ or, $28 \div 2 = 14$.

5(d): MONUMENT মূলশব্দে O অক্ষরটি নেই।

6(c): $33 + 23 = 56 - 1 = 55$.

7(a): Cow, Carnivorous, Animal

Cow হল Animal অন্তর্গত। কিন্তু Carnivorous নয়। আবার সব Animal Carnivorous নয়।

8(b): STATION

∴ A, T ও O-এর মাঝে থাকবে।

9(d): $3 \times 9 + 7 \times 4 = 55$

$11 \times 4 + 6 \times 5 = 74$

Same as $12 \times 1 + 7 \times 10 = 82$.

10(d):

2	6	9	4	1	4	5	7	8
+4	+4	+4	+4		−4	−4	−4	−4
6	10	13	8	1	0	1	3	4

6 1 0 1 3 8 1 0 1 3 4.

11(d): প্রথমদিন 1 তারিখ শনিবার অর্থাৎ 1 – 8 – 15 – 22 – 29 তারিখ শনিবার হবে।

অতএব মাসটি 29 দিনের। অর্থাৎ February মাস।

12(b): HIJTSR

এখানে B থেকে প্রথম তিনটি বর্ণ পরপর এসেছে এবং পরের তিনটি বর্ণ রিভার্স অর্ডারে এসেছে।

13(d):

15(d): $4 \times 9 \times 5 = 180$

$5 \times 6 \times 4 = 120$

Similarly, $8 \times 5 \times 7 = 280$.

16(d): F-এর বিপরীতে T প্রথম দু'টি ঘনকের পাশাপাশি এবং শেষ ঘনকটির পাশাপাশি ও ওপর-নীচ অবস্থানের পরিবর্তন দেখে বলা যায়।

T–V, F–O এবং W–S একে অপরের বিপরীতে আছে। অতএব, F-এর বিপরীতে T নেই।

17(d): DECEMBER = BEREMDEC

NOVEMBER = BEREMNOV

এখানে প্রথমে তিনটি বর্ণ শেষে এবং শেষ তিনটি বর্ণ প্রথমে এসেছে।

অতএব, FEBRUARY = ARYFUFEB.

18(c):

∴ শেষ সংখ্যাদু'টি 4, 40।

19(d):

20(b): ƧꓭAIDИI

21(d): $10^3 = 10 \times 10 \times 10 = 1000$

$11^3 = 11 \times 11 \times 11 = 1331$.

22(b): সকলে ভারতীয় ক্রিকেট দলের উইকেট কিপার কিন্তু একমাত্র ঋষভ পন্থ বাঁহাতি ব্যাটসম্যান।

23(d): QSJWBUF এখানে পরের বর্ণটি কোড হিসেবে ব্যবহার হয়েছে।

(24 to 26):

P, Q, R, J, M, K, N

24(a): N, 25(b): J, 26(d): P

27(d): .int : Internet Administrative Site (International Institutions) হবে।

28(c): এখানে প্রতিটি ফিগার দু'টি বর্গক্ষেত্র ও একটি বৃত্ত নিয়ে গঠিত হয়েছে। কিন্তু (c) ফিগারটি দু'টি বৃত্ত ও একটি বর্গক্ষেত্র নিয়ে গঠিত।

29(c):

30(d):

31(c): Retina, Cornea, Lens এগুলি চোখের অংশ।

32(c): মিথ্যা।

33(d): uVwXy ইংরেজি বর্ণমালা অনুসারে একটি Capital ও Small Letter এসেছে।

34(c): প্রতিটি রাজ্যের রাজধানীর সঙ্গে জোড় হয়েছে। গুজরাটের রাজধানী গান্ধীনগর হবে।

35(c): ঠাকুরদার একমাত্র মেয়ে মানে পিসি এবং তার একমাত্র ছেলে মানে পিসির ছেলে অর্থাৎ পিসতুতো ভাই।

36(b):

37(c): c c d ef/cc d e f/ c c def/c c d ef

38(d): Alexander Parkes : Plastic.

39(b): 8 5 2 3 4 3 5 3 7 6 5 3 2 6 7 3 1 4 3 9 3 4 2

∴ 3 বেশি বার এসেছে।

41(d):

42(a): একটি করে বর্গক্ষেত্র বাড়ছে, একটি করে তীর কমছে এবং উল্টোদিকে ঘুরছে।

43(b): 1 এবং 4.

44(c): 4, 1, 2, 3, 5

4. ব্যাডমিন্টন, 1. ভলিবল, 2. টেনিস, 3. বাস্কেটবল, 5. হ্যান্ডবল।

45(c): সেটের 23, 29, 37 সংখ্যা তিনটি মৌলিক সংখ্যা। অতএব, একই সম্পর্কযুক্ত মৌলিক সংখ্যার সেটটি হল 41, 47, 53.

46(c): SYSTEM, M অক্ষরটি মূলশব্দে নেই।

47(d): শুক্রবার— 10 দিন (7 + 3) দিন = সোমবার।

4,12,2019 – 01/01/2020 = 28 days

01/01/2020 – 29/01/2020 = 28 days

29/01/2020 – 26/02/2020 = 28 days

26/02/2020 – 25/03/2020 = 28 days

(Note: 2020 Leap Year).

49(c):

50(c):

51(d): তারার প্রতিটি শীর্ষবিন্দুর সংখ্যার যোগফল মাঝের সংখ্যা হয়েছে।

25 + 17 = 42

17 + 48 = 65, 48 + 18 = 66

18 + 34 = 52

Same as 25 + 34 = 59.

52(d): Yuva Days = One Two and One = 12/1 =12 January

Independence Day = One Five and Eight = 15/8 = 15 August

অতএব, Republic Day = 26 January = 26/1 Two Six and One হবে।

53(d): ডঃ ভার্গিস কুরিয়েন।

54(c): 05-09-2021 এখানে 7 দিনের পার্থক্য আছে।

55(a): 144 সংখ্যাটি বর্গমূল নয়।

$343 = 7^3$, $729 = 9^3$, $1728 = 12^3$.

56(d): N $\xrightarrow{+3}$ Q $\xrightarrow{+3}$ T $\xrightarrow{+3}$ W $\xrightarrow{+3}$ Z

14 17 20 23 26

57(a): প্রতিটি সংখ্যা 8 দিয়ে ভাগ করা যায়। কিন্তু 66 সংখ্যাটি 8 দিয়ে ভাগ করা যায় না।

58(c): B A 3 F 6 E 3 U 6 M 3 S 6 T T 6 J 3 6 K X 3 6 F 5 Z 3 6 O 6 E R Q 6 U 6 Y.

59(c):

ইকোসিস্টেমের অন্তর্গত গঙ্গাফড়িং, ঘাস আছে।

60(c): ডানদিকের চারটি ঘরের সংখ্যা 6, 7, 8, 9 পরপর আছে এবং এদের অন্তর 1 আছে।

অন্যদিকে 17, 20, 23 এদের অন্তর 3।

অতএব, 23 + 3 = 26.

61(c): গ্যাংটক সিকিমের রাজধানী বাকিগুলি পশ্চিমবঙ্গের জেলা।

62(a): EGG– 3টি অক্ষর = $3^2 = 9$

MEAT– 4টি অক্ষর = $4^2 = 16$

অতএব, CHICKEN = 7টি অক্ষর = $7^2 = 49$.

63(a): ঘনকদু'টিতে 5 ছাড়া সবক'টি সংখ্যা দেখা যাচ্ছে। অতএব, 6-এর বিপরীতে 5 সংখ্যা আছে।

64(c): xw_q_za/x_w_qza/_x_wq_z_a/xwq z_a_.

65(d): 4 × 6 × 1 × 3 = 72, 4 × 5 × 3 × 2 = 120

Same as, 7 × 1 × 3 × 5 = 105.

66(d): সাইপ্রাসের মুদ্রা ইউরো হবে।

67(d): মোহিনীআট্টম কেরলের নৃত্যশৈলী।

68(c): ফিরোজ শাহ কোটলা স্টেডিয়াম দিল্লিতে।

69(b): (11 : 60 – 11 : 15) = 0 : 45 মানে 12 : 45.

71(c): 1 তারিখ মঙ্গলবার হলে,

8, 15, 22, 29 মঙ্গলবার।

অতএব, 29 তারিখ মঙ্গলবার হলে 30 তারিখ বুধবার হবে।

72(c):

73(c): A $\xrightarrow{+1}$ B $\xrightarrow{+2}$ D M $\xrightarrow{+1}$ N $\xrightarrow{+2}$ P

Similarly, F $\xrightarrow{+1}$ G $\xrightarrow{+2}$ I

74(c): 8 4 8 2 4 6 1 7 3 2 4 2 7 4 1 6 4 3 2 8 4 8

অতএব, 4 সংখ্যাটি বেশিবার এসেছে।

75(b):

ঘড়ির কাঁটার বিপরীতে 45 ডিগ্রি করে ঘুরছে।

76(b): 16 : 64 = $4^2 : 4^3$ (একই সংখ্যার বর্গ ও ঘন)

Same as $5^2 : 5^3$ = 25 : 125.

77(d): AWAITING শব্দটি লেখা যাবে না কারণ মূলশব্দে T বর্ণটি নেই।

78(a): (a) i, ii, ii, iv, v.

79(a): ব্যাডমিন্টন ছাড়া বাকিগুলি ইনডোর গেম।

80(d): A $\xrightarrow{+1}$ B $\xrightarrow{+2}$ D $\xrightarrow{+3}$ G

C $\xrightarrow{+1}$ D $\xrightarrow{+2}$ F $\xrightarrow{+3}$ I

E $\xrightarrow{+1}$ F $\xrightarrow{+2}$ H $\xrightarrow{+3}$ K

G $\xrightarrow{+1}$ H $\xrightarrow{+2}$ J $\xrightarrow{+3}$ K

81(d): প্রতিটি সংখ্যাকে 2 দিয়ে ভাগ করা যায় শেষের বিকল্পটি যাবে না।

প্রস্তুত করেছেন: পলাশ কান্তি মণ্ডল

কারেন্ট অ্যাফেয়ার্সের প্রশ্নোত্তর

এ বছরের যে-কোনও প্রতিযোগিতামূলক চাকরির পরীক্ষার জন্য বিশেষভাবে প্রস্তুত

ইন্ডিয়ান ব্যাঙ্কস অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান পদে কে নিযুক্ত হলেন?
উত্তর: রাজকিরণ রাই জি।

● চেস ডট কম আয়োজিত ২০২০ জুনিয়র স্পিড অনলাইন চেস চ্যাম্পিয়নশিপ জিতল কোন ভারতীয়?
উত্তর: ১৬ বছরের নিহাল সরিণ।

● ভারতের প্রথম আন্ডারওয়াটার ট্রান্সপোর্টেশন টানেল (জলের তলায় পরিবহণের সুড়ঙ্গ) তৈরি হচ্ছে কোন নদীর তলায়?
উত্তর: হুগলি।

প্রয়াত হলেন অভিনেতা শন কনারি। তিনি কোন চরিত্রে অভিনয়ের জন্য জনপ্রিয়তা অর্জন করেছিলেন?
উত্তর: জেমস বন্ড।

● ভারতের প্রথম নিজস্ব ব্যাডমিন্টন ব্র্যান্ড 'ট্রান্সফর্ম'-এর ব্র্যান্ড অ্যাম্বাসাডর কে হলেন?
উত্তর: ভারতীয় ব্যাডমিন্টন তারকা ও কমনওয়েলথ গেমসে পদকজয়ী চেতন আনন্দ।

ভারতের মিউচুয়াল ফান্ড অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান পদে কে পুনর্নির্বাচিত হলেন?
উত্তর: নীলেশ শাহ।

● সম্প্রতি কোন দেশের সঙ্গে সাইবার নিরাপত্তা বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হল ভারতের?
উত্তর: জাপান।

প্রথম মহিলা চিত্রগ্রাহক হিসেবে কে ২০২০ বর্ষসেরা ওয়াইল্ডলাইফ ফটোগ্রাফারের পুরস্কার জিতলেন?
উত্তর: ঐশ্বর্য শ্রীধর।

● ট্রেনের রিজার্ভেশনের অনলাইন টিকিট বুকিংয়ের জন্য সম্প্রতি কোন সংস্থার সঙ্গে যুক্ত হল আই আর সি টি সি?
উত্তর: আমাজন ইন্ডিয়া।

● বিপর্যয় মোকাবিলার জন্য ভারতের কোন রাজ্য প্রথম কুইক ডেপ্লয়মেন্ট অ্যান্টেনা প্রযুক্তি ব্যবহার শুরু করল?
উত্তর: উত্তরাখণ্ড।

ফরাসি ওপেন টেনিস টুর্নামেন্টের মহিলা সিঙ্গলসে জিতলেন ইগা শিয়নটেক। তিনি কোন দেশের খেলোয়াড়?
উত্তর: পোল্যান্ড।

পরীক্ষার প্রস্তুতি

রাজ্য পুলিশে ৮৬৩২ কনস্টেবল

নিয়োগ-পরীক্ষার ২ সেট নমুনা প্রশ্নোত্তর

প্রথম সেট

1. 'ভূদান আন্দোলন' কে শুরু করেন?
(a) মুকুন্দ ঠাকরে (b) বিনোবা ভাবে (c) জয়প্রকাশ নারায়ণ (d) মেধা পাটকর
2. ভারতের কোন মুখ্যমন্ত্রী 'পি এস গোলে' নামে পরিচিত?
(a) পিনারজি বিজয়ন (b) প্রমোদ সাবন্ত (c) পেমা খান্ডু (d) প্রেম সিং তামাং
3. ভারতের প্রথম উপরাষ্ট্রপতি ছিলেন:
(a) ডঃ রাজেন্দ্র প্রসাদ (b) ডঃ জাকির হোসেন (c) ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণণ (d) ডঃ শঙ্কর দয়াল শর্মা
4. 'এক রাষ্ট্র এক রেশন কার্ড' প্রকল্প পরীক্ষামূলকভাবে চালু হয়:
(a) তালিমনাড়ু (b) তেলেঙ্গানা (c) পশ্চিমবঙ্গ (d) পাঞ্জাব
5. কলকাতা মাঝেরহাট ব্রিজের নতুন নাম হল:
(a) জয়তু সেতু (b) জয়হিন্দ ব্রিজ (c) জয়বাংলা ব্রিজ (d) মহামতি সেতু
6. গঙ্গাসাগর মেলা কোন জেলায় অনুষ্ঠিত হয়?
(a) হুগলি (b) দক্ষিণ ২৪ পরগনা (c) পূর্ব মেদিনীপুর (d) উত্তর ২৪ পরগনা
7. কোন দেশে দাবা খেলার সূচনা হয়?
(a) মালদ্বীপ (b) ইংল্যান্ড (c) ভারত (d) রাশিয়া
8. কত সালে ভারতে 'ই-সিগারেট' সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়?
(a) 2017 (b) 2019 (c) 2020 (d) 2018
9. 'ডায়মন্ড ডাক' কথাটি কোন খেলার সঙ্গে সম্পর্কিত?
(a) হকি (b) বিলিয়ার্ড (c) টেনিস (d) ক্রিকেট
10. এয়ার ইন্ডিয়া তাদের বিমানকর্মীদের প্রত্যেক ঘোষণার শেষে কোন কথাটি বলার নির্দেশ দিয়েছে?
(a) জয় হোক (b) গো ইন্ডিয়া (c) জয় হিন্দ (d) বন্দেমাতরম
11. 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিয়ে চায় হে' এই বিখ্যাত উক্তিটি কার?
(a) কামিনী রায় (b) নেতাজি সুভাষচন্দ্র বসু (c) কাজী নজরুল ইসলাম (d) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
12. ডঃ অরুণ কৃষ্ণণ কোন বিপ্লবের প্রাণপুরুষ ছিলেন?
(a) শ্বেত বিপ্লব (b) হলুদ বিপ্লব (c) লাল বিপ্লব (d) নীল বিপ্লব
13. বিকাশ কৃষাণ যাদব কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) বাস্কেটবল (b) স্কোয়াশ (c) কুস্তি (d) বক্সিং
14. ভারতের প্রথম মহিলা আই পি এস অফিসার কে?
(a) দুর্গাশক্তি নাগপাল (b) সোনিয়া নারাঙ (c) সংযুক্তা পরাশর (d) কিরণ বেদি
15. 'সান্টালাম অ্যালবাম' কোন গাছের বিজ্ঞানসম্মত নাম?
(a) চন্দন (b) তুলসী (c) নিম (d) অশ্বগন্ধা
16. 'The Test of My life' কোন ক্রিকেট খেলোয়াড়ের আত্মজীবনীমূলক বই?
(a) শচীন তেন্ডুলকর (b) যুবরাজ সিং (c) ভিভিয়ান রিচার্ডস (d) ক্রিস গেইল
17. 'পকেট হারকিউলিস' কাকে বলা হয়?
(a) মনোহর আইচ (b) মনোতোষ রায় (c) বিষ্ণুচরণ ঘোষ (d) মনোময় বাগচি
18. 'বিদ্যা লক্ষ্মী' ওয়েব পোর্টাল কোন মন্ত্রকের অধীনে?
(a) অর্থ মন্ত্রক (b) স্বরাষ্ট্র মন্ত্রক (c) রেল মন্ত্রক (d) শিক্ষামন্ত্রক
19. বেতলা জাতীয় উদ্যান কোথায় অবস্থিত?
(a) গুজরাট (b) পশ্চিমবঙ্গ (c) ঝাড়খণ্ড (d) ত্রিপুরা
20. 'যে শিক্ষা মানুষকে খেতে দিতে পারে না, সে শিক্ষা আমি মানি না'— কে বলেছিলেন?
(a) মহাত্মা গান্ধী (b) নেতাজি সুভাষচন্দ্র বসু (c) এ পি জে আব্দুল কালাম (d) স্বামী বিবেকানন্দ
21. OPEC-এর পুরো কথা হল:
(a) Organisation of Petroleum Exporting Countries (b) Organisation of Petroleum Exporting Council (c) Organisation of Petroleum Exporting Committee (d) Organisation of Petroleum Exporting Community
22. 'লেইসম্যানিয়া দোনাভ্যানি' প্রোটোজোয়া কোন রোগের বাহক?
(a) আমাশয় (b) কালাজ্বর (c) ম্যালেরিয়া (d) বাতজ্বর
23. কেমব্রিজ ডিকশনারি কোন শব্দকে 'Word of the Year-2020' ঘোষণা করেছেন?
(a) Virus (b) Corona (c) Covid (d) Quarantine
24. দশম ন্যাশনাল সায়েন্স ফিল্ম ফেস্টিভ্যাল কোন রাজ্যে অনুষ্ঠিত হয়?
(a) কেরল (b) ওড়িশা (c) অন্ধ্রপ্রদেশ (d) ত্রিপুরা
25. প্রতিহার বংশের শেষ রাজা কে ছিলেন?
(a) নাগভট্ট (b) রাজ্যপাল (c) অপরাজিত (d) মিহির ভোজ
26. ASSOCHAM-এর নতুন প্রেসিডেন্ট পদে কাকে নিযুক্ত করা হয়েছে?
(a) হর্ষবর্ধন নেওটিয়া (b) অভিজিৎ ব্যানার্জি (c) দীপক সুদ (d) বিনীত আগরওয়াল
27. 'Covid-19: Crisis of Civilization and Solutions' —এই বইটির লেখক কে?
(a) চেতন ভগত (b) অমিতাভ ঘোষ (c) কিরণ দেশাই (d) কৈলাশ সত্যার্থী
28. 'মাইক্রোফোন' আবিষ্কার করেন কে?
(a) পিটার মিটারহোফার (b) আলেকজান্ডার গ্রাহাম বেল (c) এডওয়ার্ড বাটলার (d) জেমস হ্যারিসন
29. নীচের কোন ভিটামিনটি চর্বি জাতীয় পদার্থে দ্রবণীয়?
(a) ভিটামিন-K (b) ভিটামিন-C (c) ভিটামিন-B_1 (d) ভিটামিন-B_2
30. 'চৈতন্য চরিতামৃত' কে রচনা করেন?
(a) কীর্তি বিলাস (b) জগন্নাথ মিশ্র (c) কৃষ্ণ দাস কবিরাজ (d) কবি জয়দেব
31. 'বুড়িবালামের যুদ্ধ'-এ কে বিপ্লবীদের নেতৃত্ব দিয়েছিলেন?
(a) বাঘাযতীন (b) রাসবিহারী বসু (c) সূর্য সেন (d) বিনয় বসু
32. 'জাতীয় একতা দিবস' কত তারিখে পালিত হয়?
(a) 21 নভেম্বর (b) 29 ডিসেম্বর (c) 22 জানুয়ারি (d) 31 অক্টোবর
33. 'সিকিউর অ্যাপ্লিকেশন ফর ইন্টারনেট' নামক ম্যাসেজিং

অ্যাপটি চালু করেছে:
(a) কলকাতা পুলিশ (b) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (c) ভারতীয় রেল (d) ভারতীয় সেনা
34. 'হরিয়ানা হ্যারিকেন' কাকে বলা হয়?
(a) নভজ্যোৎ সিং (b) ধ্যানচাঁদ (c) গুরপ্রীত সিং সান্ধু (d) কপিলদেব
35. ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুর কার্যকাল শুরু হয়:
(a) 1 জানুয়ারি, 1948 (b) 26 জানুয়ারি, 1950 (c) 14 অগস্ট, 1947 (d) 15 অগস্ট, 1947
36. ডুরান্ড লাইন কোন দু'টি দেশের মধ্যবর্তী সীমানা?
(a) ভারত ও ভুটান (b) আফগানিস্তান ও ভারত (c) পাকিস্তান ও ভারত (d) চিন ও ভারত
37. দ্বৈত শাসন ব্যবস্থা কে প্রবর্তন করেন?
(a) ওয়ারেন হেস্টিংস (b) লর্ড ক্লাইভ (c) মাউন্ট ব্যাটেন (d) লর্ড ক্যানিং
38. স্মৃতি মান্ধানা কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ক্রিকেট (b) ব্যাডমিন্টন (c) শুটিং (d) টেনিস
39. পশ্চিমবঙ্গ সরকারের 'প্রত্যাশা' প্রকল্পটি হল:
(a) পুলিশদের জন্য (b) লোকশিল্পীদের জন্য (c) বেকার ভাই-বোনদের জন্য (d) কুটির শিল্পীদের জন্য
40. GPRS-এর পুরো কথা হল:
(a) General Packet Radio System (b) Global Packet Radio Service (c) General Packet Radio Service (d) General Packet Radio Station
41. মালদা জেলার সদর দপ্তর হল:
(a) ইংলিশবাজার (b) চাঁচল (c) মানিকচক (d) গাজল
42. চাপ মাপার একক হল:
(a) প্যাসক্যাল (b) কুলম্ব (c) নিউটন (d) জুল
43. ভারতের মুখ্য নির্বাচন কমিশনার হলেন:
(a) সুনীল অরোরা (b) ওম প্রকাশ রাওয়াত (c) আলতামাস কবীর (d) রঞ্জন গগৈ
44. ফুটবলে প্রথম অর্জুন পুরস্কার কে পেয়েছিলেন?
(a) পি কে ব্যানার্জি (b) চুনী গোস্বামী (c) গোষ্ঠ পাল (d) সুনীল ছেত্রী
45. ভারতের প্রথম মশলা মিউজিয়াম কোন শহরে চালু হয়?
(a) হায়দ্রাবাদ (b) কোচি (c) বেঙ্গালুরু (d) জয়পুর
46. কোন শহরের ডাক নাম 'বিগ অ্যাপেল'?
(a) নিউইয়র্ক (b) প্যারিস (c) ওয়াশিংটন (d) কিউবা
47. রাষ্ট্র সংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস কোন দেশের নাগরিক?
(a) পর্তুগাল (b) ইউক্রেন (c) ফ্রান্স (d) আর্জেন্টিনা
48. শিশু কন্যা দিবস উদযাপন করতে সৃষ্টি গোস্বামী কোন রাজ্যের একদিনের জন্য মুখ্যমন্ত্রী হলেন?
(a) উত্তরাখণ্ড (b) ত্রিপুরা (c) উত্তরাঞ্চল (d) অসম
49. রবীন্দ্রনাথ ঠাকুর কোন নাটক সুভাষচন্দ্র বসুকে উৎসর্গ করেন?
(a) রাজা (b) চার অধ্যায় (c) তাসের দেশ (d) গোরা
50. কোন রাজ্য খেলাধুলাকে প্রথম শিল্পের মর্যাদা প্রদান করল?
(a) নাগাল্যান্ড (b) মিজোরাম (c) ঝাড়খণ্ড (d) মণিপুর
51. কোন জোড়াটি সঠিক নয়?
(a) no restrictions on export-import (b) no duty on imported goods (c) discouraging import (d) no duty on export
40. The state origin of Mohiniattam dance is:
(a) Andhra Pradesh (b) Kerala (c) Karnataka (d) Tamilnadu
41. Goitre is caused due to deficiency of:
(a) Sulphur (b) Calcium (c) Vitamin-A (d) Iodine
42. The printing and supply of currency notes in India is done by:
(a) Security Press, Noida (b) Reserve Bank of India, New Delhi (c) Security Press, Nasik (d) Security Press, Mumbay
43. Malaria affects:
(a) Kidney (b) Heart (c) Lungs (d) Spleen and blood cells
44. The biggest part of human brain is:
(a) Midbrain (b) Forebrain (c) Hindbrain (d) None of these
45. Rainbow is formed by:
(a) diffusion of light (b) reflection of light (c) refraction of light (d) refraction and total internal refraction
46. Maximum nutrients are absorbed in:
(a) stomach (b) large intestine (c) mouth (d) small intestine
47. The ratio of length and breadth of the Indian flag is:
(a) 3 : 2 (b) 4 : 3 (c) 5 : 3 (d) 2 : 1
48. What is india's GDP growth rate projected by RBI for Fy 2021-22 as of Feb' 21?
(a) 8.3% (b) 5.2% (c) 10.5% (d) 6.0%
49. Where was India's first children's Boat library inagurated?
(a) Kanpur (b) Kolkata (c) Kochi (d) Ahmedabad
50. Olympic gold medal winning American Leon Spinks passed away recently. He was associated with:
(a) Fencing (b) Boxing (c) Tennis (d) Skijumping

General English

Directions (51 to 54): *Find out the suitable synonym for the given words.*
51. SPARKED
(a) Provoked (b) Fickered (c) Flashed (d) Enlivened
52. LOUSY
(a) Awful (b) Stinking (c) Unpleasant (d) Unbearable
53. INFURIATE
(a) Enrage (b) Threaten (c) Disgrace (d) Burn
54. PROSPECTIVE
(a) Properous (b) Possible (c) Potential (d) Perplexed

Direction (55 to 58): *Find out the suitable antonym for the given words.*
55. CRUDE
(a) Shallow (b) Wild (c) Dear (d) Refined
56. ENDURING
(a) Permanent (b) Long lasting (c) Fleeting (d) Painful
57. PROGRESSIVE
(a) Agressive (b) Retribution (c) Retrogressive (d) Repulsive
58. ASCETICISM
(a) Luxury (b) Comfort (c) Humility (d) Happy

Direction (59 to 62): *Fill in the blanks with suitable alternative.*
59. A third world ____ will destroy everything.
(a) avenge (b) war (c) battle (d) fight
60. Several goats were sacrificed at the:
(a) illusion (b) alter (c) altar (d) allusion
61. Maya shouhed an ____ for sports at a very early stage.
(a) intuition (b) attitude (c) aptitude (d) imagination
62. Education helps us____ ourselves to even unfavourable circumstances.
(a) adopt (b) except (c) adept (d) adapt

Direction (63 and 64): *The following sentences are divided into four parts. Find out the part containing an error.*
63. Standing on the roof (a)/a helicopter (b)/ flew over me (c)/No error (d)
64. A towny man (a)/gets a lot of (b)/comforts (c)/No error (d)

Direction (65 to 67): *Find out the suitable alternatives for the given one word expression.*
65. The State of being without wife:
(a) bigamy (b) saint (c) bigot (d) celibacy
66. The motive to earn money:
(a) matinee (b) materialistic (c) mercenary (d) merchant
67. A document written by hand:
(a) red-tape (b) profile (c) manuscript (d) appendage

Direction (68 to 71): *Find the correctly spelt words*

from the given alternatives.

68. (a) Panctual (b) Palacial (c) Perodical (d) Perennial

69. Gorgeouous (b) Contemptuous (c) Spontanuous (d) Erroneuous

70. (a) Hysterea (b) Hypocricy (c) Limousene (d) paradigm

71. (a) Incredible (b) Percieve (c) Knowledgable (d) Hazadous

Direction (72 and 73): *Fill in the blanks with suitable prepositions.*

72. The news is too good ____ be credible.
(a) with (b) to (c) for (d) than

73. He accepted with thanks some humble, presents ___ me.
(a) with (b) by (c) of (d) from

Direction (74 and 75): a

74. Gita bought a saree which is costing two hundred rupee.
(a) costed (b) had costed (c) was costed (d) No improvement

75. As soon as the monsoon had started transport in the inner city becomes more and more difficult.
(a) starts (b) have stated (c) started (d) No improvement

Mathematics

76. If a = bc and c = a – b then, the value of a = ?

(a) $\frac{b}{b-1}$ (b) $b^2 - 1$ (c) $\frac{b^2}{b-1}$ (d) 0

77. The value of $\left(\frac{9^2 \times 18^4}{3^{16}}\right) = ?$

(a) $\frac{32}{243}$ (b) $\frac{3}{2}$ (c) $\frac{4}{9}$ (d) $\frac{16}{81}$

78. Of three numbers, whose average is 60, the first is $\frac{1}{4}$th of the sum of the others. Find the first number.
(a) 45 (b) 30 (c) 36 (d) 42

79. A sum of Rs. 43.50 was divided among 60 children in such a way that each boy was given 75 paise and each gril was given 60 paise. Find the number of girls.
(a) 10 (b) 8 (c) 12 (d) 15

80. A man spends one quarter of his income on food, one fifth of it on rent and remaining which is Rs. 231 on other commodities. Find his total income.
(a) Rs. 460 (b) Rs. 400 (c) Rs. 420 (d) Rs. 410

81. If each side of a rectangle is increased by 50% its area will increase by 50%, its area will increase by:
(a) 50% (b) 125% (c) 150% (d) 200%

82. 176 × 0.00125 = ?
(a) 0.22 (b) 0.022 (c) 2.2 (d) 0.0022

83. A metal sphere of radius 5cm is melted to make a cone with base of the same radius. What is the height of the cone?
(a) 20 cm (b) 5 cm (c) 15 cm (d) 10 cm

84. If Rama earns 25% more than Seema, find out what percentage Seema earns less than Rama?
(a) 16% (b) 18% (c) 20% (d) 25%

85. A and B deposited together Rs. 2000 in a bank at a rate of 5%. After 3 and 4 years A and B get equal amounts. What is the share of A?
(a) Rs. 1021.27 (b) Rs. 1034 (c) Rs. 1054 (d) Rs. 1084

86. A boy drops a stone from a cliff that reaches the ground in 8 seconds. What is the height of the chiff?
(a) 313.6 m (b) 318.6 m (c) 413.6 m (d) 418.6 m

87. How long does a train 75m long moving at 60 km/hr. take to pass another train 100 m long, moving at 65 km/hr. in the opposite direction?
(a) 5.04 Sec (b) 5.54 Sec (c) 6.04 Sec (d) 6.36 Sec

88. The cost of making an article is divided between materials labour and overheads in the ratio 3 : 4 : 1. If the material cost of Rs. 22.50, find the cost of the article?
(a) Rs. 100 (b) Rs. 40 (c) Rs. 80 (d) Rs. 60

89. If $\frac{b}{a} = 0.25$, then $\frac{2a-b}{2a+b} + \frac{2}{9} = ?$

(a) $\frac{5}{9}$ (b) 2 (c) $\frac{4}{9}$ (d) 1

90. In the following figure find the value of ∠ABC

(a) 40° (b) 80° (c) 20° (d) 60°

91. $\frac{5}{12}$ of which sum will be equal to $3\frac{3}{4}$ of Rs. 100?
(a) Rs. 900 (b) Rs. 750 (c) Rs. 800 (d) Rs. 1000

92. $1+\cfrac{1}{1+\cfrac{1}{1+\cfrac{1}{2}}} = ?$

(a) $\frac{1}{2}$ (b) 1 (c) 2 (d) $1\frac{3}{5}$

93. What is the value of log 10000?
(a) 1 (b) 5 (c) 8 (d) 4

94. If $\frac{1}{3}$ of a number is 75, which of the following share of it is 45?

(a) $\frac{3}{8}$ (b) $\frac{2}{3}$ (c) $\frac{1}{5}$ (d) $\frac{6}{7}$

95. The quadratic equation whose sum of the roots is –2 and the product of the roots is –4 is:
(a) $x^2 + 2x + 4 = 0$ (b) $x^2 - 2x - 4 = 0$ (c) $x^2 - 2x + 4 = 0$ (d) $x^2 + 2x - 4 = 0$

Direction (96 to 100): *Study the following table carefully and answer these questions.*

Percentage of Marks obtained in Six subjects by six students.

Subject	Subjects					
	P 70	Q 80	R 120	S 125	T 75	U 150
A	68	84	77	72	64	82
B	49	79	62	85	56	76
C	56	81	68	60	58	68
D	75	85	82	88	72	78
E	70	66	65	76	77	83
F	72	70	68	71	71	62

96. What average percentage of marks did all students get in subject T?
(a) 65.47 (b) 65.67 (c) 49.37 (d) 66.3

97. What percentage of marks did B get in all subjects?
(a) 72.51 (b) 67.83 (c) 70.02 (d) 65.64

98. How many marks did D get in all subject taken

together?
(a) 499.9 (b) 480 (c) 449.8 (d) 490
99. In the subject Q, what is the average percentage of marks obtained by 6 students together out of 80?
(a) 77% (b) 88% (c) 62% (d) 68%
100. If $3^{2x-y} = 3^{x+y} = \sqrt{27}$, then y = ?
(a) $\frac{1}{4}$ (b) $\frac{3}{4}$ (c) $\frac{3}{2}$ (d) $\frac{1}{2}$

Answer

1(b), 2(c), 3(d), 4(c), 5(a), 6(a), 7(c), 8(c), 9(d), 10(c), 11(b), 12(b), 13(c), 14(c), 15(a), 16(c), 17(d), 18(a), 19(d), 20(b), 21(c), 22(d), 23(c), 24(a), 25(d), 26(c), 27(a), 28(b), 29(a), 30(a), 31(a), 32(c), 33(c), 34(d), 35(d), 36(c), 37(c), 38(c), 39(a), 40(b), 41(d), 42(c), 43(c), 44(b), 45(d), 46(d), 47(a), 48(c), 49(b), 50(b), 51(c), 52(a), 53(a), 54(c), 55(d), 56(c), 57(c), 58(a), 59(b), 60(c), 61(c), 62(d), 63(a), 64(a), 65(d), 66(c), 67(c), 68(d), 69(b), 70(d), 71(a), 72(b), 73(d), 74(a), 75(a), 76(c), 77(d), 78(b), 79(a), 80(c), 81(b), 82(a), 83(a), 84(c), 85(a), 86(a), 87(a), 88(d), 89(d), 90(d), 91(a), 92(d), 93(d), 94(c), 95(d), 96(d), 97(c), 98(a), 99(a), 100(d).

Solution

2(c): (17 – 10) = 7
∴ (26 – 7) = 19.

3(d): L → +4 → P; O → –4 → K
Similarly, I → +4 → M; R → –4 → N

5(a): Only option (a) has one letter repeated.
6(a): Except option (a) all the three pairs are multiples of 3.
10(c): $2^2 + 4^2 = 20$, $3^2 + 9^2 = 90$
∴ $1^2 + 5^2 =$ 26

11(b): $96 \xrightarrow{-6} 90 \xrightarrow{-12} 78 \xrightarrow{-18} 60 \xrightarrow{-24} 36 \xrightarrow{-30} 6$.

12(b): $Y \xrightarrow{-1} X \xrightarrow{-1} W \xrightarrow{-1}$ V
$G \xrightarrow{+1} H \xrightarrow{+1} I \xrightarrow{+1}$ J
$S \xrightarrow{-2} Q \xrightarrow{-2} O \xrightarrow{-2}$ M

13(c): $34 \xrightarrow{-16} 18 \xrightarrow{-8} 10 \xrightarrow{-4} 6 \xrightarrow{-2} 4 \xrightarrow{-1} 3$

14(c): ab b a/ a b b a/ab b a/abb a .

17(d):

S	I	L	V	E	R
↓+1	↓+2	↓+3	↓+4	↓+5	↓+6
T	K	O	Z	J	X

Similarly,

G	O	L	D	E	N
↓+1	↓+2	↓+3	↓+4	↓+5	↓+6
H	Q	O	H	J	T

18(a) 34 – (16 – 1) = 34 – 15 = 19th
19(d): 36 × 6 – 4 + 5 ÷ 17
⇒ 36 ÷ 6 + 4 × 5 – 17
⇒ 6 + 20 – 17 ⇒ 26 – 17 = 9.

22(d):

G	R	E	A	T	M	O	N	K
↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓
2	4	6	3	1	5	8	9	7

∴

O	R	K	T	G
↓	↓	↓	↓	↓
8	4	7	1	2

23(c): Given Set (84, 92, 109)
$= 84 \xrightarrow{+8} 92 \xrightarrow{+17} 109$
Similarly, (34, 42, 59)
$= 34 \xrightarrow{+8} 42 \xrightarrow{+17} 59$.

25(d): 15 km, 20 km, 20 km, 25 km

∴ He is now (25 – 15)km = 10 km away from his house.

76(c): c = a – b, a = bc
a = bc ⇒ a = b(a – b)
⇒ $a = ab - b^2$ ⇒ $ab - a = b^2$
⇒ $a(b - 1) = b^2$
∴ $a = \frac{b^2}{b-1}$.

77(d): $\frac{9^2 \times 18^4}{3^{16}} = \frac{9 \times 9 \times 18 \times 18 \times 18 \times 18}{3^{16}} = \frac{8503056}{43046721} = \frac{16}{81}$.

78(b): $z = \frac{(x+y)}{4}$ ... (i)
⇒ 4z = x + y ⇒ 240 – x – y = x + y
⇒ –x – x – y – y = – 240
⇒ – 2x – 2y = – 240
⇒ $-2(x + y) = -240 \Rightarrow x + y = \frac{240}{2}$
∴ x + y = 120.
again $\frac{4z+x+y}{4} = 60$ ... (ii)
⇒ 4z + x + y = 240 ... (iii)
⇒ 4z = 240 – x – y
putting in (iii) equation
⇒ 4z + x + y = 240 ⇒ 4z + 120 = 240
⇒ $4z = 240 - 120 \Rightarrow 4z = 120 \Rightarrow z = \frac{120}{4} = 30$.

79(a): According to the question, x + y = 60 ... (i)
[∵let the number of boys = x and girls = y]
again, 75x + 60y = 4350 ... (ii)
x + y = 60
⇒ x = (60 – y) ... (iii)
75x + 60y = 4350 ⇒ 75(60 – y) + 60y = 4350
⇒ 4500 – 75y + 60y = 4350
⇒ – 15y = 4350 – 4500
⇒ –15 = – 150
⇒ $y = \frac{150}{15} = 10$.
∴ Numbers of girls = 10.

80(c): Let ythe total income be Rs. x
∴ $x - \frac{x}{4} - \frac{x}{5} = 231 \Rightarrow \frac{20x - 5x - 4x}{20} = 231$
⇒ $\frac{11x}{20} = 231 \Rightarrow x = \frac{231 \times 20}{11} =$ Rs. 420.

81(b): For two consecutive percentage changes of x% and y% the effective change $= \left(x + y + \frac{xy}{100}\right)\%$

Here $x = 50\%$, $y = 50\%$

$\therefore$ Increase in area $= 50 + 50 + \frac{50 \times 50}{100}\ \% = 125\%$.

82(a): $176 \times 0.00125 = 176 \times \frac{125}{100000}$

$= \frac{176}{800} = 0.22$.

83(a): Volume of the sphere $= \frac{4}{3}\pi r^3 = \frac{4}{3} \times \pi 5^3\ cm^3$

Volume of cone $= \frac{1}{3}\pi 5^2 h$

$\frac{1}{3}\pi 5^2 h = \frac{4}{3}\pi \times 5^3 \Rightarrow h = 20$ cm.

84(c): Earning of Rama $= \frac{125x}{100} =$ Rs. 1.25x

$\therefore$ Required percentage $= \frac{0.25x}{1.25x} \times 100 = 20\%$.

85(a): Let the share of A be Rs x

Share of B = Rs. $(2000 - x)$

According to the question, $x + \frac{x \times 5 \times 3}{100}$

$= (2000 - x) + \frac{(2000 - x) \times 5 \times 4}{100}$

$\Rightarrow \frac{115x}{100} = (2000 - x) \times \frac{120}{100}$

$\Rightarrow 115x = 240000 - 120x$

$\Rightarrow (120 + 115)x = 240000$

$\Rightarrow 235x = 240000$

$\Rightarrow x = \frac{240000}{235} =$ Rs. 1021.27.

86(a): $h = ut + \frac{1}{2}gt^2 = 0 \times 8 + \frac{1}{2} \times 9.8 \times 8^2$

$h = 313.6$ m.

87(a): Total length of train = 75 + 100 = 175 m

Relative speed $= 60 + 65 = 125$ km/h $= 125 \times \frac{5}{18}$ m/sec

$\therefore$ Time taken $= \frac{175 \times 18}{125 \times 5} = 5.04$ sec

88(d): Material : labour : overhead = Article

3 : 4 : 1 = 8

Material cost = Rs. 22.50

$\Rightarrow$ cost of article $= \frac{22.50}{3} \times 8 = 7.5 \times 8 =$ Rs. 60.00.

89(d): $\frac{2a - b}{2a + b} + \frac{2}{9}$; $\frac{b}{a} = 0.25$

$\Rightarrow \frac{2a - b}{2a + b} + \frac{2}{9} = \frac{a(2 - \frac{b}{a})}{a(2 + \frac{b}{a})} + \frac{2}{9} = \left(\frac{2 - 0.25}{2 + 0.25}\right) + \frac{2}{9}$

$= \frac{1.75}{2.25} + \frac{2}{9} = \frac{7}{9} + \frac{2}{9} = \frac{9}{9} = 1$.

90(d): $\angle ADC = 180^\circ - 120^\circ = 60^\circ$

Now, $\angle ABC = \angle ADC$, angles in same sector of circle

$\angle ABC = 60^\circ$.

91(a): $\frac{5}{12} \times x = 3\frac{3}{4}$ of $100 = \frac{15}{4} \times 100$

$\Rightarrow x = \frac{15}{4} \times 100 \times \frac{12}{5} \Rightarrow$ Rs. 900.

92(d): $1 + \cfrac{1}{1 + \cfrac{1}{1 + \cfrac{1}{2}}} = 1 + \cfrac{1}{1 + \cfrac{1}{\frac{3}{2}}} = 1 + \cfrac{1}{1 + \frac{2}{3}} = 1 + \frac{3}{5} = \frac{8}{5}$

$= 1\frac{3}{5}$.

93(d): $\log 10000 = \log_{10} 10^4 = 4 \log^{10} = 4 \times 1 = 4$.

94(c): $\frac{1}{3}$ of number = 75

$\therefore$ Number $= 3 \times 75 = 225$

$\therefore$ Required fraction $= \frac{45}{225} = \frac{1}{5}$.

95(d): Required equation is:

$x^2 -$ (sum of roots) $x +$ product of roots $= 0$

$\Rightarrow x^2 - (-2)x + (-4) = 0$

$\Rightarrow x^2 + 2x - 4 = 0$

96(d): Average percentage in subject $= \frac{1}{6}(64 + 56 + 58$

$+ 72 + 77 + 71) = \frac{398}{6} = 66.33\%$.

97(c): Total marks of B $= 70 \times \frac{49}{100} + 80 \times \frac{79}{100} + 120$

$\times \frac{62}{100} + 125 \times \frac{85}{100} + 75 \times \frac{56}{100} + 150 \times \frac{76}{100}$

$= 34.3 + 63.2 + 74.4 + 106.25 + 42 + 114 = 434.15$

Total marks in all subjects $= (70 + 80 + 120 + 125 + 75$ $+ 150) = 620$

$\therefore$ Percentage $= \frac{434.15}{620} \times 100 = 70.02\%$.

98(a): Total marks of D $= 70 \times \frac{75}{100} + 80 \times \frac{85}{100} + 120$

$\times \frac{82}{100} + 125 \times \frac{88}{100} + 75 \times \frac{72}{100} + 150 \times \frac{78}{100}$

$= 52.5 + 68 + 98.4 + 110 + 54 + 117 = 499.9$.

99(a): Average percentage of marks obtain by 6 students in subject Q $= \frac{1}{6}$

$[84 + 79 + 81 + 85 + 66 + 70]$

$= \frac{1}{6} \times 465 = 77.5\% = 77\%$.

100(d): $3^{2x - y} = 3^{x + y} = \sqrt{27} = 3^{3/2}$

$\Rightarrow 2x - y = \frac{3}{2}$ ... (i)

$x + y = \frac{3}{2}$ ... (ii)

By 2 × (2) and subtracting (i)

$3y = 2 \times \frac{3}{2} - \frac{3}{2} = \frac{3}{2}$

$y = \frac{3}{2} \times \frac{1}{3} = \frac{1}{2}$.

প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার

সংবাদ শিরোনামে

(১-৩১ জানুয়ারি ২০২১)

*

শীর্ষ ব্যক্তিত্ব

জো বাইডেন ও কমলা হ্যারিস: ট্রাম্প জমানা শেষে মার্কিন যুক্তরাষ্ট্র পেল তাদের ৪৬তম প্রেসিডেন্ট জো বাইডেন-কে। ২০ জানুয়ারি প্রথা মেনে তিনি শপথ নিলেন। তাঁর আগেই শপথ নিয়েছেন ভারতীয় বংশোদ্ভূত প্রথম মহিলা মার্কিন ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। শপথ নেওয়ার পর বাইডেন-হ্যারিস জুটি জানিয়ে দেন, ঐক্যবদ্ধ আমেরিকা গড়ে তুলতে তাঁরা সব দেশবাসীকে পাশে চান। শপথ গ্রহণ অনুষ্ঠানে বিদায়ী ভাইস প্রেসিডেন্ট মাইক পেন্স উপস্থিত থাকলেও, বিদায়ী প্রেসিডেন্ট ট্রাম্প উপস্থিত ছিলেন না।

সনিয়া গান্ধী ও রাহুল গান্ধী: দিল্লির কৃষক আন্দোলন নিয়ে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে ৩ জানুয়ারি মুখ খুললেন সনিয়া ও রাহুল গান্ধী। গণতন্ত্রের প্রকৃত অর্থ কী, তা স্মরণ করিয়ে সনিয়া গান্ধী কেন্দ্রের সমালোচনা করে বলেন, কৃষক ও শ্রমিকের স্বার্থরক্ষায় পুরোপুরি ব্যর্থ হয়েছে এই সরকার। সুর আরও চড়িয়ে কৃষকদের 'সত্যাগ্রহী' তকমা দিয়ে রাহুল কৃষি আইন বিরোধী এই আন্দোলনের তুলনা টেনেছেন গান্ধীজির চম্পারণ সত্যাগ্রহের সঙ্গে।

হর্ষবর্ধন: অক্সফোর্ডের কোভিশিল্ডের পর দেশীয় টিকা কোভ্যাক্সিনেও সবুজ সঙ্কেত দিল কেন্দ্রীয় ওষুধ নিয়ন্ত্রক ও নিয়ামক সংস্থার অধীন সাবজেক্ট এক্সপার্ট কমিটি। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী হর্ষবর্ধন ২ জানুয়ারি ঘোষণা করেন, এক কোটি স্বাস্থ্যকর্মী এবং দু'কোটি প্রথম সারির করোনা যোদ্ধাকে বিনামূল্যে ভ্যাকসিন দেওয়া হবে।

নরেন্দ্র মোদী, মমতা বন্দ্যোপাধ্যায় এবং বুদ্ধদেব ভট্টাচার্য: সুভাষচন্দ্র বসুর ১২৫তম জন্মজয়ন্তী বড় করে পালন করার যে সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্র, তার জন্য ৯ জানুয়ারি উদ্‌যাপন কমিটির সদস্যদের নাম ঘোষণা করল কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক। কমিটির চেয়ারম্যান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। একঝাঁক বাঙালি বিশিষ্ট ব্যক্তিত্বকে রাখা হয়েছে কমিটিতে। এঁদের মধ্যে অন্যতম হলেন বর্তমান ও প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং বুদ্ধদেব ভট্টাচার্য।

নরেন্দ্র মোদী, ডোনাল্ড ট্রাম্প ও বারাক ওবামা: ১০ জানুয়ারি টুইটারে ফলোয়ারের বিচারে এক নম্বরে উঠে এলেন নরেন্দ্র মোদী। ওয়াশিংটনে ক্যাপিটল বিল্ডিংয়ে হামলার ঘটনার জেরে ডোনাল্ড ট্রাম্পের টুইটার অ্যাকাউন্টটি স্থায়ীভাবে বাতিল করে দেয় টুইটার। ট্রাম্পের ছিল ৮ কোটি ৮৭ লক্ষের মতো ফলোয়ার। এই ঘটনার ফলেই মোদী উঠে এসেছেন এক নম্বরে (ফলোয়ার ৬ কোটি ৪৭ লক্ষ)। তবে সার্বিকভাবে সক্রিয় এবং প্রাক্তন রাজনীতিকদের ধরলে ধরাছোঁয়ার বাইরে আছেন প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামা। তাঁর ফলোয়ার সংখ্যা ১২ কোটি ৭৯ লক্ষ।

শরদ অরবিন্দ বোবডে: দেশে কৃষক আন্দোলন মেটানোর জন্য কেন্দ্রের সদিচ্ছার অভাব রয়েছে বলে ১১ জানুয়ারি মন্তব্য করল শীর্ষ আদালত। মাস দেড়েক ধরে চলতে থাকা কৃষক বিক্ষোভের প্রেক্ষিতে শীর্ষ আদালত যে 'অত্যন্ত হতাশ', তা এদিন খোলাখুলিই জানিয়েছেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি শরদ

অরবিন্দ বোবড়ে। তিনি আরও মনে করেন, বিতর্কিত কৃষি আইন প্রণয়ন করার ক্ষেত্রে একগুঁয়েমি দেখিয়েছে মোদী সরকার।

ভুপিন্দর সিং মান: কৃষক আন্দোলনে মধ্যস্থতা করার জন্য শীর্ষ আদালতের গড়ে দেওয়া কমিটি থেকে ১৪ জানুয়ারি নিজের নাম তুলে নেওয়ার কথা জানালেন বিতর্কিত কৃষক নেতা ভুপিন্দর সিং মান। ভারতীয় কিষাণ ইউনিয়ন বা বিকেইউ-র সভাপতি মান এক প্রেস নোটে জানিয়েছেন, কৃষকদের স্বার্থের সঙ্গে তিনি কোনওরকম সমঝোতা করতে পারবেন না। উল্লেখ্য, সরকারপন্থী এই কৃষক নেতা কিছুদিন আগে যাবতীয় বিবাদের কেন্দ্রে থাকা বিতর্কিত তিন কৃষি আইনকে সমর্থন জানিয়ে চিঠি লেখেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রীকে। ফলে সুপ্রিমকোর্টের গড়ে দেওয়া মধ্যস্থতা কমিটিতে তাঁকে কী ভাবে রাখা হল, তা নিয়ে প্রশ্ন তোলে বিভিন্ন কৃষক সংগঠন।

রামনাথ কোবিন্দ: অযোধ্যায় রামমন্দির নির্মাণের জন্য প্রথম অনুদান দিলেন দেশের প্রেসিডেন্ট রামনাথ কোবিন্দ। ১৫ জানুয়ারি রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ (আরএসএস), বিশ্ব হিন্দু পরিষদ (ভিএইচপি), রামমন্দির ট্রাস্টের এক প্রতিনিধি দলের হাতে ৫,০০,১০০ টাকার চেক তুলে দেন তিনি। মন্দিরের জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহের প্রচার শুরু হল তাঁকে দিয়ে। সারা দেশজুড়ে এই প্রচার কর্মসূচি চলবে আগামী ২৭ ফেব্রুয়ারি পর্যন্ত।

নরেন্দ্র মোদী: ১৬ জানুয়ারি বিশ্বে বৃহত্তম টিকাকরণের সূচনা হল ভারতে। দেশে টিকাকরণ প্রক্রিয়ার আনুষ্ঠানিক সূচনা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভার্চুয়াল মাধ্যমে টিকাকরণের সূচনা করে মোদী বলেন, 'প্রত্যেককে একটা কথা মনে করাতে চাই, করোনা ভ্যাকসিনের দুটো ডোজ খুবই দরকারি। বিশেষজ্ঞরা বলেছেন, দুটো টিকাকরণের মধ্যে একমাসের ব্যবধান থাকা দরকার। আপনাদের কাছে অনুরোধ, প্রথম টিকা দেওয়ার পরই মাস্ক খুলে ফেলে সামাজিক দূরত্ব না-মানার ভুল করবেন না। কারণ, দ্বিতীয় ডোজ নেওয়ার পরই রোগ প্রতিরোধ ক্ষমতা তৈরি হয়। মনে রাখতে হবে, দাওয়াইও থাকবে, স্বাস্থ্যবিধিও।'

ডোনাল্ড ট্রাম্প: ১৪ জানুয়ারি এক বছরের মাথায় দ্বিতীয়বার মার্কিন হাউসে ইমপিচড হলেন বিদায়ী প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আমেরিকার ইতিহাসে এই প্রথম কোনও প্রেসিডেন্ট দ্বিতীয়বার ইমপিচমেন্টের মুখে পড়লেন। তবে এর জন্য প্রেসিডেন্ট পদ খোয়াতে হবে না ট্রাম্পকে। এর পরে রয়েছে মার্কিন সংসদের উচ্চকক্ষ সেনেটের শুনানি। আমেরিকার কোনও প্রেসিডেন্ট এখনও পর্যন্ত সেনেটে দোষী সাব্যস্ত হয়ে ইমপিচড হননি। এমনকি, ট্রাম্পও গতবার সেনেটের শুনানিতে বেকসুর মুক্ত হয়েছিলেন।

টেড্রস অ্যাডানম গেব্রিয়েসাস: করোনার বিরুদ্ধে লড়াইয়ে ভারতের ভূমিকার প্রশংসা করে ২৩ জানুয়ারি টুইট করলেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু)-এর ডিরেক্টর জেনারেল টেড্রস অ্যাডানম গেব্রিয়েসাস। ব্রাজিল, মরক্কো-সহ দক্ষিণ আমেরিকা ও আফ্রিকার একাধিক দেশে করোনার ভ্যাকসিন পাঠিয়েছে ভারত। এছাড়াও ভারতীয় ভ্যাকসিন পাবে এমন দেশগুলির তালিকায় রয়েছে বাংলাদেশ, নেপাল, ভুটান, মালদ্বীপ, মরিশাস, মায়ানমার, সেশেলস, শ্রীলঙ্কা ও আফগানিস্তান।

মমতা বন্দ্যোপাধ্যায়: ২৩ জানুয়ারিকে 'দেশনায়ক দিবস' হিসেবে ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৫তম জন্মজয়ন্তী উদ্‌যাপনের সূচনায় এই ঘোষণা মুখ্যমন্ত্রীর। দিনটিকে জাতীয় ছুটি ঘোষণার দাবিও তুলেছেন তিনি। ৪ জানুয়ারি নবান্নে ভার্চুয়াল বৈঠকে নেতাজির জন্মজয়ন্তী উদ্‌যাপন নিয়ে একগুচ্ছ পরিকল্পনা নেওয়া হয়েছে। পাশাপাশি, 'আজাদ হিন্দ বাহিনী' মনুমেন্ট তৈরি ও নেতাজির নামে জাতীয় বিশ্ববিদ্যালয় তৈরির প্রস্তাবও দিয়েছেন মুখ্যমন্ত্রী।

এস জয়শঙ্কর: ২৮ জানুয়ারি ভারত-চিন সম্পর্কের উপরে একটি অনলাইন সভায়, চিন-ভারত দ্বিপাক্ষিক সম্পর্ক মেরামতিতে আটটি নীতির কথা বললেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। প্রকৃত নিয়ন্ত্রণরেখায় দু'দেশের মধ্যে চুক্তি মেনে যাবতীয় পদক্ষেপ করা, পারস্পরিক সম্মান এবং সংবেদনশীলতা দেখানো, এছাড়াও উদীয়মান এশীয় শক্তি হিসেবে পরস্পরের উচ্চাকাঙ্ক্ষাকে মর্যাদা দেওয়ার কথা বলেছেন বিদেশমন্ত্রী। সীমান্তে যা ঘটেছে, তা উপেক্ষা করে দ্বিপাক্ষিক সম্পর্ক এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব নয় বলে নিজের বার্তায় বলেছেন বিদেশমন্ত্রী।

সৌমেন্দু অধিকারী: শুভেন্দু অধিকারীর পর অধিকারী পরিবারের

আরও এক সদস্য তাঁর ছোটভাই সৌমেন্দু অধিকারী ১ জানুয়ারি বিজেপিতে যোগ দিলেন। কাঁথি পুরসভার প্রাক্তন প্রশাসক সৌমেন্দু ১৪ জন প্রাক্তন কাউন্সিলরকে সঙ্গে নিয়ে পদ্ম শিবিরে যোগ দিলেন। ১০ বছর ধরে কাঁথি পুরসভার চেয়ারম্যানের পদে থাকার পর বোর্ডের মেয়াদ শেষ হয়ে প্রশাসকের দায়িত্ব পান তিনি।

কে ডি সিং: ১৩ জানুয়ারি কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি-র হাতে গ্রেপ্তার হলেন রাজ্যসভার তৃণমূলের প্রাক্তন সাংসদ কে ডি সিং। অর্থলগ্নি সংস্থা অ্যালকেমিস্টের কর্ণধার কেডি-কে জিজ্ঞাসাবাদের পর গ্রেপ্তার করার সিদ্ধান্ত নেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার অফিসাররা। কেডি-র সংস্থা অ্যালকেমিস্টের বিরুদ্ধে ১৯০০ কোটি টাকার আর্থিক নয়ছয় ও তছরুপের অভিযোগ রয়েছে। আদতে চণ্ডীগড়ের বাসিন্দা কেডি ২০১০ সালে প্রথমে ঝাড়খণ্ড মুক্তি মোর্চার হয়ে রাজ্যসভার সাংসদ হলেও মাস কয়েকের মধ্যেই তিনি তৃণমূলে যোগ দেন।

মাসুদ আজহার: ৭ জানুয়ারি পুলওয়ামায় জঙ্গি হামলার মূল চক্রী মাসুদ আজহারের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করল পাকিস্তান। সে দেশের সন্ত্রাস দমন আদালত সন্ত্রাসবাদে আর্থিক মদত দেওয়ার অভিযোগে এক মামলায় জৈশ-ই-মহম্মদের প্রধান ছাড়াও আরও কয়েকজনের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে। তবে ভারত-পাকিস্তান কূটনৈতিক বিশেষজ্ঞরা মনে করছেন ইসলামাবাদের এই পদক্ষেপ অনেকটাই লোক দেখানো।

নিয়োগ / নির্বাচিত পদত্যাগ / বরখাস্ত

মনোজ যোশী: ১ জানুয়ারি পূর্বরেলের নতুন জেনারেল ম্যানেজার হলেন মনোজ যোশী। তিনি এতদিন ছিলেন মেট্রোরেলের জেনারেল ম্যানেজার। সেই দায়িত্বও একইসঙ্গে পালন করে যাবেন তিনি। ১৯৮৩ ব্যাচের ইন্ডিয়ান রেলওয়ে সার্ভিসের এই অফিসার ৩৫ বছরের কর্মজীবনে রেলের অনেক গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

তরুণকুমার আইচ: ৪ জানুয়ারি এনসিসি'র নতুন ডিজি হিসেবে দায়িত্ব নিলেন লেফটেন্যান্ট জেনারেল তরুণকুমার আইচ। ১ জানুয়ারি থেকেই তাঁকে নতুন দায়িত্বভার দেওয়া হয়েছে। তরুণকুমার ১৯৮৬ সালে মাদ্রাজ রেজিমেন্টে যোগ দেন। পরে তিনি ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি এবং ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে বেশ কিছু উল্লেখযোগ্য দায়িত্ব পালন করেছেন। কাজ করেছেন সিয়াচেন এবং কাশ্মীরে ব্যাটেলিয়নের কম্যান্ডান্ট হিসেবেও। এ বার তিনি এনসিসি'র ৩৩তম ডিজি হিসেবে দায়িত্বভার নিলেন।

অভিষেক যাদব: জাতীয় ফুলবল দলের প্রাক্তন খেলোয়াড় অভিষেক যাদব ৫ জানুয়ারি সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের ডেপুটি জেনারেল সেক্রেটারি হলেন। এআইএফএফে সহ-সচিবের এই পদটি ছিল না। পদটি তৈরি করে সেখানে অভিষেককে বসালেন প্রেসিডেন্ট প্রফুল্ল প্যাটেল। ভারতের জাতীয় দলে খেলা কোনও তারকা এই প্রথম ভারতীয় ফুটবলের প্রশাসনে প্রত্যক্ষভাবে কোনও দায়িত্ব পেলেন। ২০০২ থেকে ২০১১ পর্যন্ত ভারতীয় দলের হয়ে ৩৬ ম্যাচ খেলা অভিষেক অনূর্ধ্ব ১৭ বিশ্বকাপের চিফ কো-অর্ডিনেটর ছিলেন। পরে জাতীয় দলের ডিরেক্টর ও নির্বাচক হন।

শুভেন্দু অধিকারী: ৬ জানুয়ারি তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দেওয়া শুভেন্দু অধিকারীকে জুট কর্পোরেশন অব ইন্ডিয়ার চেয়ারম্যান নিযুক্ত করল কেন্দ্রীয় মন্ত্রিসভার নিয়োগ কমিটি। কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রকের প্রস্তাবিত এই নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত করে গত ৪ জানুয়ারি শুভেন্দুর নিয়োগে সম্মতি দিয়েছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন এই কমিটি। নিয়োগপত্র অনুযায়ী তাঁর মেয়াদ হবে তিন বছর। তাঁকে অস্থায়ী বা 'পার্ট টাইম' চেয়ারম্যান হিসাবে নিয়োগ করা হয়েছে। জানা গিয়েছে জুট কর্পোরেশনের চেয়ারম্যান হিসেবে তিনি কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর সুযোগ-সুবিধা পাবেন।

শিশির অধিকারী, অখিল গিরি ও সৌমেন মহাপাত্র: ১২ জানুয়ারি দিঘা-শঙ্করপুর উন্নয়ন পর্ষদের চেয়ারম্যানের পদ থেকে শিশির অধিকারীকে সরিয়ে দিল রাজ্য সরকার। রামনগরের বিধায়ক অখিল

গিরিকে ওই দায়িত্ব দেওয়া হয়েছে। অখিল এতদিন ছিলেন পর্ষদের ভাইস-চেয়ারম্যান। ১৩ জানুয়ারি তৃণমূলের পূর্ব মেদিনীপুর জেলা সভাপতির পদ থেকেও সরিয়ে দেওয়া হল দলের বর্ষীয়ান নেতা শিশির অধিকারীকে। এই পদে রাজ্যের পরিবেশমন্ত্রী সৌমেন মহাপাত্রকে নিয়োগ করা হয়েছে। জেলা সভাপতি পদ থেকে অপসারিত হওয়ায় শিশিরবাবুর হাতে দলের আর কোনও নীতিনির্ধারক এবং সাংগঠনিক ক্ষমতা থাকল না।

শতাব্দী রায়, মোয়াজ্জেম হোসেন ও শঙ্কর চক্রবর্তী: তৃণমূল কংগ্রেস অভিনেত্রী-সাংসদ শতাব্দী রায়কে দলের অন্যতম রাজ্য সহ-সভাপতি করল। শতাব্দী ছাড়াও ১৭ জানুয়ারি মালদার মোয়াজ্জেম হোসেন ও দক্ষিণ দিনাজপুরের শঙ্কর চক্রবর্তীকে তৃণমূলের রাজ্য কমিটির সহ-সভাপতি করা হয়েছে। এছাড়াও পশ্চিম বর্ধমান, মালদা ও দক্ষিণ দিনাজপুর জেলায় তৃণমূলের সংগঠনে বেশ কিছু রদবদল করা হয়েছে।

লক্ষ্মীরতন শুক্লা: শুভেন্দু অধিকারীর পর এ বার রাজ্য মন্ত্রিসভা থেকে ৫ জানুয়ারি পদত্যাগ করলেন লক্ষ্মীরতন শুক্লা। তিনি ছিলেন রাজ্য ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তরের প্রতিমন্ত্রী। একই সঙ্গে তিনি হাওড়া জেলা তৃণমূল কংগ্রেস (সদর) সভাপতির পদ থেকেও ইস্তফা দিয়েছেন। সামগ্রিক ভাবে রাজনীতি থেকেই তিনি সরে দাঁড়াচ্ছেন বলে মুখ্যমন্ত্রীকে লেখা চিঠিতে জানিয়েছেন লক্ষ্মীরতন।

রাজীব বন্দ্যোপাধ্যায়: ২২ জানুয়ারি রাজ্য মন্ত্রিসভা থেকে ইস্তফা দিলেন বনমন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে তাঁর পদত্যাগপত্র পাঠানোর পর রাজ্যপাল জগদীপ ধনখড়ের সঙ্গে দেখা করে তাঁর দপ্তরেও পদত্যাগপত্রের প্রতিলিপি জমা দেন রাজীব। রাজভবন থেকে বেরিয়ে রাজীব বলেন ক্ষোভ, বেদনা থেকেই ইস্তফা দিয়েছি। আড়াই বছর আগেই পদত্যাগ করব বলে ঠিক করেছিলাম কিন্তু তখন মুখ্যমন্ত্রী আমাকে নিরস্ত করেছিলেন। ২৯ জানুয়ারি বিধায়ক পদ থেকে ইস্তফা দেওয়ার পাশাপাশি তৃণমূলের সঙ্গেও সমস্ত সম্পর্ক ছিন্ন করলেন রাজ্যের প্রাক্তন বনমন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায়। এদিন বিধানসভায় গিয়ে নিয়মমাফিক অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের হাতে নিজের ইস্তফাপত্র তুলে দেন রাজীব। এরপর বিকেলে দলের প্রাথমিক সদস্যপদ থেকে ইস্তফা দিয়ে তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠি দেন প্রাক্তন বনমন্ত্রী।

কে পি শর্মা ওলি: ২৪ জানুয়ারি নেপালের কমিউনিস্ট পার্টির একাংশ থেকে বহিষ্কৃত হলেন কে পি শর্মা ওলি। গত ডিসেম্বরে একপাক্ষিক সিদ্ধান্তে নেপালের নির্বাচিত সরকার ভেঙে আগামী এপ্রিল-মে মাসে নতুন করে ভোটের কথা ঘোষণা করেছিলেন তৎকালীন নেপালের প্রধানমন্ত্রী ওলি। ওই সিদ্ধান্তের কারণে দলীয় শৃঙ্খলাভঙ্গের দায়ে ওলিকে বহিষ্কারের সিদ্ধান্ত নিল কমিউনিস্ট পার্টির একটি শিবির। উল্লেখ্য নেপালে এখন কমিউনিস্ট পার্টির দু'টি অংশ। একটির নেতৃত্বে রয়েছেন ওলি। অন্যটির নেতৃত্বে প্রাক্তন প্রধানমন্ত্রী প্রচণ্ড এবং মাধবকুমার নেপাল। প্রচণ্ড-মাধবের শিবিরই ওলির বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের অভিযোগে ব্যবস্থা নিয়েছে।

পুরস্কার / সম্মান

পদ্ম পুরস্কার ২০২১

এস পি বালাসুব্রহ্মণ্যম

শিনজো আবে

বিবি লাল

মৌলানা ওয়াহিমুদ্দিন

রাম বিলাস পাসোয়ান

তরুণ গগৈ

প্রতিবছরের মতো এবারও ২৫ জানুয়ারি পদ্ম সম্মান প্রাপকদের নাম ঘোষণা হল। মরণোত্তর পদ্মবিভূষণ পেলেন কয়েকমাস আগে করোনায় আক্রান্ত হয়ে প্রয়াত গায়ক এস পি বালাসুব্রহ্মণ্যম। জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো আবে, বিবি লাল, মৌলানা ওয়াহিমুদ্দিন খান-সহ আরও কয়েকজনের নাম রয়েছে পদ্মবিভূষণের তালিকায়। মরণোত্তর পদ্মভূষণ পেলেন রাম বিলাস পাসোয়ান, তরুণ গগৈ, কেশুভাই প্যাটেল, কালবে সাদিক। চন্দ্রশেখর কামবারা,

প্রয়াণ

কেশুভাই প্যাটেল

কালবে সাদিক

চন্দ্রশেখর কামবারা

সুমিত্রা মহাজন

নৃপেন্দ্র মিশ্র

নারায়ণ দেবনাথ

মৌমা দাস

সুমিত্রা মহাজন, নৃপেন্দ্র মিশ্র সহ আরও পদ্মভূষণ প্রাপকদের নামের তালিকায় রয়েছেন মোট দশজন। বাংলাদেশের সঙ্গীতজ্ঞ সনজিদা খাতুন এবং মুক্তিযুদ্ধের অন্যতম নায়ক অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কর্নেল কাজি সাজ্জাদ আলি জাহির রয়েছেন পদ্ম সম্মান প্রাপকদের তালিকায়। পদ্মবিভূষণ বা পদ্মভূষণের তালিকায় পশ্চিমবঙ্গ থেকে কেউ না থাকলেও পদ্মশ্রী পেয়েছেন এই রাজ্যের ৭ জন। তাঁরা হলেন নারায়ণ দেবনাথ, ধর্ম নারায়ণ বর্মা, বিরেনকুমার বসাক, সুজিৎ চট্টোপাধ্যায়, মৌমা দাস, জগদীশচন্দ্র হালদার এবং গুরু মা কমলী সোরেন।

বুটা সিং: ২ জানুয়ারি প্রবীণ কংগ্রেস নেতা তথা প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী বুটা সিং (৮৬) প্রয়াত হলেন। প্রবীণ এই রাজনীতিকের মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, কংগ্রেস নেতা রাহুল গান্ধী-সহ আরও অনেকে। ১৯৬২ সালে তিনি প্রথমবার সাংসদ নির্বাচিত হন। রাজীব গান্ধী সরকারের আমলে ১৯৮৬-১৯৮৯ স্বরাষ্ট্র মন্ত্রকের দায়িত্ব সামলেছেন। পরবর্তী সময়ে বিহার ও পশ্চিমবঙ্গের রাজ্যপালও হন। কৃষি, রেল, বাণিজ্য, ক্রীড়া— নানা সময়ে কেন্দ্রের বিভিন্ন মন্ত্রকের ভার সামলেছেন এই কংগ্রেস নেতা।

সত্য পল: ৭ জানুয়ারি বিখ্যাত ফ্যাশন ডিজাইনার সত্য পল (৭৯) প্রয়াত হলেন। শাড়িকে সমসাময়িক, আধুনিক প্রজন্মের উপযোগী করে গড়ে তুলেছিলেন তিনি। তাঁর নিজস্ব ব্র্যান্ড বিপুল জনপ্রিয়তা পেয়েছিল।

মাধব সিং সোলাঙ্কি: ৯ জানুয়ারি কংগ্রেস নেতা ও প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী মাধব সিং সোলাঙ্কি (৯৩) প্রয়াত হলেন। সাংবাদিকতার পেশা থেকে উঠে এসে চার বার মুখ্যমন্ত্রী, তারপর কেন্দ্রের বিদেশমন্ত্রী— দীর্ঘ ছিল তাঁর রাজনৈতিক যাত্রাপথ। গুজরাটের গণ্ডি ছাড়িয়ে চার দশকেরও বেশি সময় ধরে সর্বভারতীয় রাজনীতিতে তিনি প্রাসঙ্গিক ছিলেন।

কলিন ম্যাকডোনাল্ড: পাঁচের দশকে অস্ট্রেলিয়া ক্রিকেট দলের অন্যতম সেরা ওপেনার কলিন ম্যাকডোনাল্ড ১১ জানুয়ারি (৯২) প্রয়াত হলেন। দু'দশক ধরে তিনি দেশের হয়ে ৪৭টি টেস্ট খেলেন। পাঁচটি শতরান সহ রান করেছেন ৩১০৭। খেলা ছাড়ার পর শিক্ষকতাকে পেশা করেন। তারপর ধারাভাষ্যকারের ভূমিকাতেও দেখা যায় তাঁকে। শুধু ক্রিকেট নয়, টেনিস অস্ট্রেলিয়ার এক্সিকিউটিভ ডিরেক্টরের কাজও করেছেন সাফল্যের সঙ্গে।

গুলাম মুস্তাফা খান: ১৭ জানুয়ারি শাস্ত্রীয় সঙ্গীতের প্রবাদপ্রতিম শিল্পী উস্তাদ গুলাম মুস্তাফা খান (৮৯) প্রয়াত হলেন। রামপুর-সৈসওয়ান ঘরানার এই শিল্পীর সঙ্গে বাঙালির পরিচয় মৃণাল সেন-এর 'ভুবন সোম' ছবির সূত্রে। ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীতের এই বিশিষ্ট শিল্পী ১৯৯১ সালে পদ্মশ্রী, ২০০৬ সালে পদ্মবিভূষণ পান। ২০০৩ সালে পান সঙ্গীত-নাটক অ্যাকাডেমি পুরস্কার। তাঁর মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন লতা মঙ্গেশকর, এ আর রহমান, আমজাদ আলি খান-সহ আরও অনেক বিশিষ্ট ব্যক্তিত্ব।

ল্যারি কিং: ২৩ জানুয়ারি আমেরিকার বিখ্যাত টক-শো সঞ্চালক ল্যারি কিং (৮৭) প্রয়াত হলেন। ৬০ বছরেরও দীর্ঘ কেরিয়ার তাঁর। ১৯৭৪ সাল থেকে আমেরিকার প্রায় সব প্রেসিডেন্টকেই ল্যারির সম্মুখীন হতে হয়েছে। সিএনএন-এর 'ল্যারি কিং লাইভ' তাঁকে জনপ্রিয়তার শিখরে পৌঁছে দেয়। দীর্ঘ ২৫ বছর ওই অনুষ্ঠান সঞ্চালনা করেন তিনি। রেডিয়ো, টেলিভিশন এবং ডিজিটাল মিডিয়ায়

৬৩ বছর ধরে বহু সাক্ষাৎকার নিয়েছেন তিনি। তাঁর পাওয়া পুরস্কার এবং আন্তর্জাতিক স্তরে স্বীকৃতি ব্রডকাস্টার হিসেবে ল্যারির অনন্য দক্ষতাকেই তুলে ধরে। আমেরিকার প্রেসিডেন্টরা ছাড়াও ইয়াসের আরাফত, ভ্লাদিমির পুতিনের সাক্ষাৎকার নিয়েছেন তিনি। সাক্ষাৎকারের দীর্ঘ তালিকায় আছেন ফ্রাঙ্ক সিনাত্রা, মার্লন ব্র্যান্ডো, বারবারা স্ট্রিস্যান্ডরাও ছাড়াও আরও বিখ্যাতরা।

প্রশান্ত ডোরা: ২৭ জানুয়ারি জাতীয় দল, বাংলা এবং তিন প্রধান ক্লাবে দাপিয়ে খেলা গোল-রক্ষক প্রশান্ত ডোরা (৪৪) প্রয়াত হলেন। রক্তের এক বিরল অসুখে আক্রান্ত ছিলেন তিনি। ১৯৯৯-তে কাঠমান্ডুতে সাফ গেমসে নেপালের বিরুদ্ধে জাতীয় দলে অভিষেক হয় তাঁর। সেইবছরই আবুধাবিতে এশিয়া কাপের যোগ্যতা পর্বের ম্যাচে খেলেন। ১৯৯৯-তে ক্লাব ফুটবলে যোগ দেন ইস্টবেঙ্গলে। জেতেন কলকাতা লিগ। ২০০০-২০০২ টালিগঞ্জ অগ্রগামীতে খেলার পর ২০০৩-০৫ ছিলেন মোহনবাগানে। সেই সময় দল জেতে আইএফএ শিল্ড, এয়ারলাইন্স কাপ, কলকাতা লিগ। প্রশান্তর মৃত্যুতে এদিন বাংলার ক্রীড়াজগতে শোকের ছায়া নেমে আসে।

গু রু ত্ব পূ র্ণ স্থা ন

ডুয়ার্স: ডুয়ার্সের রেলপথে হাতি ও অন্যান্য বন্যপ্রাণীদের মৃত্যু ঠেকাতে নিজেদের দায়বদ্ধতার কথা স্বীকার করে নিল রেল। চাপড়ামারি অভয়ারণ্যে রাজ্যের বন্যপ্রাণ শাখার প্রধান মুখ্য বনপাল বিনোদকুমার যাদবের সঙ্গে ম্যারাথন বৈঠকের পর ৫ জানুয়ারি রেলের ওই সিদ্ধান্তের কথা জানান উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার অনশুল গুপ্তা। রেলপথে বন্যপ্রাণীদের মৃত্যু ঠেকাতে আগামী বছর থেকেই একটি পাইলট প্রজেক্টের কথা ঘোষণা করেছে রেল। তাদের পক্ষ থেকে আশা প্রকাশ করে বলা হয়েছে, আধুনিক প্রযুক্তি নির্ভর ওই স্পেশ্যাল অ্যালার্মিং সিস্টেম পাইলট প্রজেক্ট চালু হলে, ডুয়ার্সের রেলপথে বন্যপ্রাণীদের মৃত্যু প্রায় শূন্যে নামিয়ে আনা সম্ভব হবে।

ভারত ও পাকিস্তান: গত ত্রিশ বছরের প্রথা মেনে ১ জানুয়ারি দু'দেশের নিউক্লিয়ার ইনস্টলেশনের তালিকা বিনিময় করল ভারত ও পাকিস্তান। পরমাণু শক্তিধর দুই প্রতিবেশী যাতে কোনওভাবেই পরস্পরের পারমাণবিক ভাণ্ডারের উপর কোনও আঘাত না করে তা নিশ্চিত করতেই এই চুক্তি স্বাক্ষরিত হয়েছিল। কাশ্মীর সমস্যা, জঙ্গি অনুপ্রবেশ, নিয়ন্ত্রণরেখায় সংঘর্ষবিরতি লঙ্ঘন ইত্যাদি নিয়ে দু'দেশের লাগাতার মতবিরোধ লেগে থাকলেও চুক্তি অনুযায়ী তালিকা বিনিময় অব্যাহত থাকল। ১৯৮৮ সালের ৩১ ডিসেম্বর 'এগ্রিমেন্ট অ্যান্ড প্রোহিবিশন অব অ্যাটাক এগেনস্ট নিউক্লিয়ার ইনস্টলেশন অ্যান্ড ফেসিলিটিস' স্বাক্ষরিত হয়। ১৯৯১ সাল থেকে শুরু হয় তথ্য বিনিময়।

কলকাতা: ৮ জানুয়ারি নবান্ন থেকেই ২৬তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের উদ্বোধন করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রী এ দিন তাঁর বার্তায় জানান, এখন থেকে সিনেমা হলগুলিতে একশো শতাংশ আসনই

ওয়াশিংটন: ৭ জানুয়ারি ওয়াশিংটনে মার্কিন সংসদ ক্যাপিটল বিল্ডিংয়ে নজিরবিহীন হামলা চালাল ট্রাম্পপন্থী কয়েক হাজার সমর্থক। নিজের পরাজয় অনিবার্য জেনেও একদিন আগে কয়েক হাজার সমর্থককে প্ররোচিত করে ডোনাল্ড ট্রাম্প বলেছিলেন, 'যাও ওরা ক্যাপিটলে আমাদের জয় কেড়ে নিচ্ছে। আমরা এই মিথ্যে ফল মানব না। তোমরা প্রতিবাদ করতে যাও। তেমন হলে আমিও যাব।' নেতার উস্কানিতে নজিরবিহীন ভাবে আক্রান্ত হল মার্কিন কংগ্রেসের পীঠস্থান ক্যাপিটল বিল্ডিং। পুলিশের গুলিতে ৫ জন প্রাণ হারিয়েছেন। এত কিছু করেও অবশ্য জো বাইডেনের জয়যাত্রা রুখতে পারেননি ট্রাম্প। হিংসার আবহেই মার্কিন কংগ্রেসের দুই কক্ষ (সেনেট এবং হাউস অব রিপ্রেজেন্টেটিভস) জয়ের শংসাপত্র দিয়েছে প্রেসিডেন্ট ইলেক্ট বাইডেন এবং ভাইস প্রেসিডেন্ট ইলেক্ট কমলা হ্যারিসকে।

গোয়া: ১৬ জানুয়ারি গোয়ার পানাজিতে শুরু হল ৫১তম ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব বা ইফি। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় তথ্য-সম্প্রচার মন্ত্রী প্রকাশ জাভড়েকর, গোয়ার মুখ্যমন্ত্রী সহ চলচ্চিত্র জগতের একঝাঁক তারকা। চলচ্চিত্র উৎসবে জাভড়েকর ঘোষণা করেন, ভারত এবং বাংলাদেশের যৌথ প্রযোজনায়, শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে, তাঁর জীবনের উপর ভিত্তি করে একটি সিনেমা বানানো হতে চলেছে। প্রসঙ্গত, এ বছর ইফির ফোকাস কান্ট্রিও বাংলাদেশ। এ ছাড়াও জাভড়েকর জানিয়েছেন, এবারের ইফিতে 'বছরের ভারতীয় ব্যক্তিত্ব' সম্মান পেলেন অভিনেতা বিশ্বজিৎ চট্টোপাধ্যায়।

ভর্তি করা যাবে। তবে মাস্ক ও স্যানিটাইজারের ব্যবহার বজায় রাখতে হবে। হলগুলিও প্রতিটি শো শুরু হওয়ার আগে পুরোদস্তুর স্যানিটাইজ করতে হবে।

জাকার্তা: ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তা থেকে পোন্টিয়ানাকগামী একটি বিমান ৬২ জন যাত্রী নিয়ে নিখোঁজ হয়ে গেল। ৯ জানুয়ারি জাকার্তা থেকে রওনা হওয়ার কিছুক্ষণের মধ্যেই রেডার স্ক্রিন থেকে উধাও হয়ে যায় বোয়িং ৭৩৭ বিমানটি। ১০ জানুয়ারি বিমানের ধ্বংসাবশেষ উদ্ধার হয় সমুদ্র থেকে। যাত্রীদের সকলেই নিহত হয়েছেন। যাত্রীদের দেহাংশ, লাগেজের পাশাপাশি উদ্ধার করা গিয়েছে বিমানের ব্ল্যাক বক্স দু'টিও। যাত্রী ও বিমানকর্মীদের দেহাবশেষ ফেরাতে ডিএনএ পরীক্ষার কথা ভাবছে ইন্দোনেশিয়া প্রশাসন।

সিডনি: ১০ জানুয়ারি অস্ট্রেলিয়ায় ভারতীয় ক্রিকেটারদের বর্ণবিদ্বেষী মন্তব্যের শিকার হতে হল। সিডনিতে তৃতীয় টেস্টের চতুর্থ দিন গ্যালারি থেকে 'ব্রাউন ডগ', 'বিগ মাঙ্কি'— এই ধরনের মন্তব্য করা হয় ভারতীয় ক্রিকেটারদের উদ্দেশে। ভারতীয়দের অভিযোগের ভিত্তিতে বেশ কিছুক্ষণ খেলা বন্ধ রাখা হয়। মোট ৬ জন দর্শককে চিহ্নিত করে নিউ সাউথ ওয়েলসের পুলিশ গ্রেপ্তার করে। সরকারি ভাবে ভারতীয় দলের কাছে গোটা ঘটনার জন্য নিঃশর্ত ক্ষমা চেয়েছে ক্রিকেট অস্ট্রেলিয়া।

কলকাতা: লম্বা প্রতীক্ষার পর ১২ জানুয়ারি রাজ্যে এসে পৌঁছল করোনার টিকা। পুনে থেকে স্পাইসজেটের কার্গো বিমানে কলকাতায় আসে সেরাম ইনস্টিটিউটে তৈরি 'কোভিশিল্ড'। স্বাস্থ্যকর্তারা জানান, সরকারি ও বেসরকারি— দুই ক্ষেত্রের চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মীরা শুরুতে টিকাকরণের আওতায় আসবেন। বিমানবন্দর থেকে এদিন 'কোভিশিল্ড' ভ্যাকসিন প্রথমে নিয়ে যাওয়া হয় বাগবাজারে রাজ্যের কেন্দ্রীয় মেডিক্যাল স্টোরে। পরে সেখান থেকে জেলায় জেলায় সরবরাহ করা হয়। ১৬ জানুয়ারি থেকে শুরু হয় টিকাকরণ।

সুলাওয়েসি (ইন্দোনেশিয়া): ১৫ জানুয়ারি ইন্দোনেশিয়ার সুলাওয়েসি দ্বীপে ৬.২ মাত্রার ভূমিকম্পে অন্তত ৩৫ জন প্রাণ হারালেন। একশোরও বেশি মানুষ আহত হয়েছেন। কম্পনের কেন্দ্রস্থল ছিল মাজেনে শহর থেকে ৬ কিলোমিটার উত্তর-পূর্বে ভূ-পৃষ্ঠের ১০ কিলোমিটার গভীরে। কম্পনে ক্ষতিগ্রস্ত হয়েছে মাজেনে ও তার পড়শি শহর মামুজু। মৃত ও আহতরাও এই দুই শহরেরই।

জলপাইগুড়ি: জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি জলঢাকা সেতুর কাছে পাথর বোঝাই ডাম্পারের নীচে চাপা পড়ে ১৪ জনের মৃত্যু হল। আহতের সংখ্যা অন্তত কুড়ি। বোল্ডার বোঝাই ডাম্পারটি প্রথমে একটি ছোট

অরুণাচল প্রদেশ: ১৮ জানুয়ারি অরুণাচল প্রদেশে ভারতীয় ভূখণ্ডের মধ্যে চিন একটি ছোটখাটো বসতি বানিয়ে ফেলেছে বলে অভিযোগ উঠল। উপগ্রহ চিত্র প্রকাশ করে একটি সর্বভারতীয় সংবাদমাধ্যম দাবি করেছে, ভারতের ভূখণ্ডে ঢুকে আস্ত একটি গ্রাম তৈরি করে ফেলেছে চিন। গ্রামে ১০১টি ঘর রয়েছে বলে সূত্রের খবর। অরুণাচলের আপার সুবনসিরি জেলায় সারি চু নদীর ধারে গ্রামটি গড়ে তোলা হয়েছে। এই এলাকাটি প্রকৃত নিয়ন্ত্রণ রেখা থেকে ভারতীয় ভূখণ্ডের দিকে সাড়ে চার কিলোমিটার ভিতরে বলে দাবি করা হয়েছে। ভারতীয় বিদেশমন্ত্রক বিষয়টির সত্যতা সরাসরি স্বীকার না করলেও, ছবিগুলি ভুয়ো বলে উড়িয়েও দেয়নি। তবে বিদেশমন্ত্রক জানিয়েছে ভারতের সঙ্গে সীমান্ত বরাবর বর্তমানে চিন যে নির্মাণকাজ করছে তা আমাদের নজরে এসেছে। এর আগেও বহুবার ওরা একই কাজ করেছে।

গাড়িকে ধাক্কা মেরে দ্রুতগতিতে পালাতে গিয়ে জলঢাকা সেতু পার করে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে যায়। ডাম্পারের নীচে চাপা পড়ে যায় দু'টি ছোট গাড়ি। ছোট গাড়ি দু'টির সব আরোহীদেরই প্রাণহানি হয়।

বাগদাদ: ২১ জানুয়ারি বাগদাদে জোড়া বিস্ফোরণে ২৮ জন নিহত হলেন। দু'টি আত্মঘাতী জঙ্গি হামলা প্রাণ কেড়েছে তাঁদের। আহতের সংখ্যা ৭৫। ইরাকের সামরিক সূত্র জানিয়েছে, মধ্য বাগদাদের ব্যস্ততম এলাকা বাব অল-শারিকিতে বোমা বিস্ফোরণ ঘটে। ঘটনার দায়িত্ব কেউ স্বীকার না করলেও সন্দেহের তির ইসলামিক স্টেটস-এর দিকে। হামলার লক্ষ্য ছিল মার্কিন দূতাবাস। তবে তা সফল হয়নি। ধরা পড়ে যাওয়ার ভয়ে আগেই জঙ্গিরা বিস্ফোরণ ঘটায় বলে ইরাকি প্রশাসন দাবি করেছে।

ব্রিটেন: ব্রিটিশ প্রশাসন সে দেশে লকডাউনের সময়সীমা ১৭ জুলাই অবধি বাড়িয়ে দিল। করোনাভাইরাস সংক্রান্ত লকডাউন আইনের মেয়াদ বাড়িয়ে ইংল্যান্ডের স্থানীয় কাউন্সিলগুলিকে ১৭ জুলাই অবধি পানশালা, রেস্তোরাঁ, দোকান ও পাবলিক প্লেস বন্ধ রাখার ক্ষমতা দিয়েছেন প্রধানমন্ত্রী বরিস জনসন। ব্রিটিশ প্রশাসন ২৪ জানুয়ারি জানিয়েছে করোনা সংক্রমণ নিয়ন্ত্রণে কোভিড টিকা কাজ করছে, এ ব্যাপারে নিশ্চিত হওয়ার পরই লকডাউন তোলার কথা ভেবে দেখা হবে।

জামনগর: গত বছরের নভেম্বরের পর ২৭ জানুয়ারি ফের তিনটি রাফাল মাল্টি-কমব্যাট ফাইটার জেট এল ভারতে। ফ্রান্স থেকে সরাসরি উড়ে এসে রাতের দিকে এই বিমান তিনটি জামনগরে এসে নামে। এই নিয়ে ভারতের বিমান বাহিনীর কাছে ১১টি রাফাল এসে পৌঁছল। মোট ৩৬টি বিমানের বরাত দেওয়া হয়েছে। ফ্রান্সকে এই ৩৬টি যুদ্ধবমিানের জন্য মোট ৫৯,০০০ কোটি টাকার বরাত দেওয়া হয় ২০১৬-র সেপ্টেম্বরে। ১৯৯৭-এ রাশিয়ার সুখোই-৩০ এমকেআই-এর পর রাফালই প্রথম বিদেশ থেকে আমদানি করা বিমান। ২০২২ সালের মধ্যেই বাকি রাফাল যুদ্ধবিমানগুলিও দেশে চলে আসবে।

দিল্লি: ২৬ জানুয়ারি প্রজাতন্ত্র দিবসে কৃষক আন্দোলনকারীদের একাংশের হিংসাত্মক কার্যকলাপ রাজধানীতে তুমুল বিতর্কের সৃষ্টি করল। এদিনের শান্তিপূর্ণ ট্রাক্টর মিছিল থেকেই একাংশ বিচ্ছিন্ন হয়ে গিয়ে সংঘাতের রাস্তা নেন। দু-পক্ষের সংঘর্ষে ৩৯৪ জন পুলিশ জখম হয়েছেন। এফআইআর হয়েছে ৪০ কৃষক নেতার বিরুদ্ধে। প্রায় দু'মাস ধরে লাগাতার শান্তিপূর্ণ অরাজনৈতিক আন্দোলন চালিয়ে দেশের জনসাধারণের একটা বড় অংশের সহানুভূতি অর্জন করা কৃষক আন্দোলনকারীরা এই ঘটনার পর জানিয়েছেন তাঁদের আন্দোলনকে কালিমালিপ্ত করার জন্য এক জঘন্য ষড়যন্ত্র করা হয়েছে।

গুরুত্বপূর্ণ তারিখ

৮ মার্চ: আন্তর্জাতিক মহিলা দিবস।
১৩ মার্চ: ধূমপান বর্জন দিবস।
১৫ মার্চ: বিশ্ব ক্রেতা সুরক্ষা দিবস।
২১ মার্চ: বিশ্ব অরণ্য দিবস।
২২ মার্চ: বিশ্ব জল দিবস।
২৩ মার্চ: বিশ্ব জলবায়ু দিবস।
২৪ মার্চ: বিশ্ব যক্ষ্মা দিবস।

ব্রিসবেন: ১৯ জানুয়ারি অস্ট্রেলিয়ার মাটিতে ঐতিহাসিক টেস্ট সিরিজ জিতল ভারত। ২০১৭ সালে ঘরের মাঠে বর্ডার-গাভাসকর ট্রফি জেতার পর থেকেই তা ভারতের দখলে রয়েছে। ব্রিসবেনে সিরিজের শেষ টেস্টে অস্ট্রেলিয়ার প্রথম ইনিংসে ৩৬৯ রানের জবাবে ভারতের প্রথম ইনিংস ৩৩৬ রানে শেষ হয়। অস্ট্রেলিয়া দ্বিতীয় ইনিংসে করে ২৯৪। ৩২৯ রানের জয়ের লক্ষ্যে ৭ উইকেট হারিয়ে পৌঁছে যায় ভারত। শুবমান গিল (৯১), চেতেশ্বর পূজারা (৫৬) ও ঋষভ পন্থ (৮৯) জয়ের ভিত গড়ে দেন। এর আগে অস্ট্রেলিয়ার মাটিতে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সিরিজে পিছিয়ে পড়েও জেতার ঘটনা ছিল মাত্র তিনবার। তিনবারই সিরিজজয়ী টিম ছিল ইংল্যান্ড (১৮৮২-৮৩, ১৯১১-১২, ১৯৫৪-৫৫)। এছাড়া ব্রিসবেনে খেলা টেস্টের ক্ষেত্রে ৩২ বছর পর সেখানে কোনও টেস্ট হারল অস্ট্রেলিয়া। শেষবার ১৯৮৮ সালে তাদের হারিয়েছিল ওয়েস্ট ইন্ডিজ।

গ্রন্থ ও গ্রন্থকার

Bike Ambulance Dada *by* Biswajit Jha.
Poems of the First Buddhist Women : A Translation of the Therigatha *by* * Charles Hallisey.
Making India Great: The Promise of a Reluctant Global Power *by* Aparna Pande.
India At The Olympics *by* Seetha Natesh.
Sound Medicine *by* Kulreet Chaudhary.
The Very Glum Life of Tootoolu Toop *by* Stuti Agarwal.
The Wall *by* Gautam Bhatia.
Open Embrace *by* Varghese K. George.
Seven and a Half Lessons About the Brain *by* Lisa Feldman Barrett.
This World Below Zero Fahrenheit *by* Suhas Munshi.

সংখ্যাতত্ত্ব

৮,৭৪,২৩০

—জন। কলকাতায় তিনটি বা তার বেশি ঘর রয়েছে এমন আবাসন বা নিজস্ব বাড়িতে বসবাসকারী বাসিন্দার সংখ্যা। ২০১১ সালের জনগণনা অনুসারে।

১০

—ভোট। মাত্র যে-ক'টি ভোট কম পড়ায় মার্কিন সংসদে দ্বিতীয় বার ইমপিচমেন্টের থেকে রেহাই পেলেন প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সংসদে হামলার দিনে উসকানিমূলক বক্তৃতা দিয়ে সমর্থকদের উত্তেজিত করার অভিযোগে তাঁর বিরুদ্ধে ইমপিচমেন্টের প্রস্তাব গৃহীত হয়েছিল।

২৬৮

—টি। ভারতের মাটিতে টেস্ট ম্যাচে রবিচন্দ্রণ অশ্বিনের মোট উইকেট-সংখ্যা। দেশের মাটিতে তাঁর চেয়ে বেশি উইকেট আছে কেবল অনিল কুম্বলের।

সংক্ষিপ্ত শব্দ

FATF: Financial Action Task Force.
FSDC: Financial Stability and Development Council.
LEA: Law Enforcement Agencies.
MER: Management Expense Ratio.
FIEO: Federation of Indian Export Organisations.
SEHAT: Social Endeavour For Healthcare And Telemedicine.
DPIIT: Department for Promotion of Industry and Internal Trade.
GNPA: Gross Non-Performing Assets.
PMLA: Prevention of Money Laundering Act (2002).
FRDI: Financial Resolution and Deposit Insurance.

বিবিধ

'ফাস্ট ফুড' ছিল দু'হাজার বছর আগেও

প্রায় দু'হাজার বছর আগের 'ফাস্ট ফুডের' খোঁজ মিলল ইতালিতে। গত বছর থেকেই প্রাচীন 'মৃত' শহর পম্পেইয়ে খননকার্য শুরু করেছিলেন প্রত্নতাত্ত্বিকরা। সম্প্রতি সেখানে মিলল 'ফাস্ট ফুড' স্টলের খোঁজ।

রংবেরঙের ইঁটের তৈরি চুল্লি-সহ লাইভ স্ন্যাক্স কাউন্টার। কাউন্টারের গায়েই সচিত্র মেনু—বুনো মোরগ, বুনো হাঁস ইত্যাদি। প্রাচীন রোমানদের এ সব রোজকার জলখাবার ছিল, নাকি স্বাদবদলের আয়োজন— দোকান দেখে এখন তা নিয়েই পর্যালোচনা শুরু করেছেন গবেষকরা। ইতিহাস বলছে, ৭৯ খ্রিস্টাব্দে ভিসুভিয়াস আগ্নেয়গিরির দমকা লাভার স্রোতে চাপা পড়ে যায় পুরো পম্পেই নগরী। অন্তত ছ'মিটারের লাভা-সমাধি। মারা যান ২ হাজার থেকে ১৫ হাজার মানুষ। অনেকে পালিয়েও বাঁচেন। যেমন গবেষকদের ধারণা, ওই রোমান ফাস্ট ফুডের স্টলটি অগ্ন্যুৎপাত শুরু হওয়া মাত্রই তড়িঘড়ি বন্ধ করে দেওয়া হয়েছিল। পম্পেইয়ের প্রত্নতাত্ত্বিক পার্কের ডিরেক্টর জেনারেল মাসিমো ওসানা সংবাদমাধ্যমকে জানান, সদ্য হদিশ মেলা এই খাবারের দোকানটি খুব সম্ভবত সিলভার ওয়েডিং স্ট্রিট এবং অ্যালে অব ব্যালকনিজ-এর মাঝামাঝি কোথাও ছিল। এই ধরনের দোকানগুলিকে বলা হত 'থার্মোপোলিয়াম'। এমন দোকান শুধু এই শহরেই অন্তত ৮০টি ছিল বলে দাবি প্রত্নতাত্ত্বিক দলটির। গ্রিক শব্দ 'থার্মোস' মানে গরম, আর 'পোলেও'-এর অর্থ বিক্রি। গরমাগরম খাবার বিক্রির জন্যই ছিল লাইভ কাউন্টার। প্রত্নতাত্ত্বিকরা জানিয়েছেন, সাম্প্রতিক খোঁড়াখুঁড়িতে ওই থার্মোপোলিয়ামে হাঁস, শূকর ও ছাগলের হাড়ের টুকরো মিলেছে। মাটির পাত্রে পাওয়া মাছ ও শামুকের অবশেষ দেখে ধরে নেওয়া যায়, এ সবও ছিল মেনুতে এবং বেশির ভাগটাই পরিবেশন করা হত ওয়াইন বা ওই জাতীয় কোনও পানীয়ের সঙ্গে। ওয়াইনের স্বাদ বাড়াতে প্রাচীন রোমানদের মধ্যে পেষাই করা মটরশুঁটি ব্যবহারের চল ছিল। সেই নমুনাও মিলেছে স্টলটি থেকে।

ভ্রমণ
বিশেষ গ্রীষ্ম সংখ্যা
15600793
শীঘ্রই বেরচ্ছে
আপনার কপির জন্য সংবাদপত্র-বিক্রেতাকে বা পত্রিকাস্টলে এখনই বলে রাখুন

PESHAPROBESH ◻ Vol. 17 No. 3 ◻ 1 March 2021 ◻ Rs. 20 ◻ 100 RNI No. 87167